আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

২৮ বছরে
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৮ ॥ সংখ্যা ৩০ ॥ সোমবার ॥ বৈশাখ ০৯ ॥ ১৪৩১ ॥ শাওয়াল ১৩ ॥ ১৪৪৫ ॥ Vol. 28 ॥ Issue 30 ॥ April 22 ॥ 2024 ॥ USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৪ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৪
Tel: 718-784-2554


TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

মানুষের মতো কল্পনা করতে পারে ইঁদুর

বাংলা পত্রিকা ডেস্ক: মানুষের মতো কল্পনা করতে পারে ইঁদুরও, দাবি বিজ্ঞানীদের। গবেষণা চালিয়ে দেখা গেছে, অন্য সময়ের স্মৃতি, অভিজ্ঞতার কথা তারা মনে করতে পারছে। (বাকি অংশ ০৩ পাতায়)

বিদেশী নজরদারী বিলে বাইডেনের সই

ব্যক্তিগত গোপনীয়তা ঝুঁকিতে





বাংলা পত্রিকা ডেস্ক: ব্যক্তিগত গোপনীয়তা লঙ্ঘনের বিতর্ক ছিলো 'বিদেশী নজরদারী বিলটিকে ঘিরে। কিন্তু তা সত্বেও বিলটি অনায়াসে পাস করলো সিনেট। আর তাতে সই করতে সময় নিলেন না প্রেসিডেন্ট জো বাইডেন। এর মধ্য দিয়ে নজরদারীর নামে 'ব্যক্তিগত গোপনীয়তা' হরণ হওয়ার সুযোগ থাকছে। যা নিয়ে বিতর্ক ছিলো সব মহলে। অথচ শুক্রবার (১৯ এপ্রিল) রাতে সিনেট বিলটি পাস করে। আর প্রেসিডেন্ট বাইডেন তাতে সই করেন পরদিন শনিবার। ৬০-৩৪ ভোটে বিলটি পাশ হয়। এর মধ্য দিয়ে বিদেশীদের ওপর নজরদারীর ফরেন ইন্টলিজেন্স সার্ভেইল্যান্স অ্যাক্ট এর ৭০২ ধারা পুনরায় অনুমোদন দেওয়া হলো। যদিও এই অনুমোদন এবার পাঁচবছরের পরিবর্তে দুই বছরের জন্য করা হলো। এর আগে প্রতিনিধি সভা বিলটি গত সপ্তায় পাশ করে। বিশ্লেষকরা বলছেন, আইনটি গোয়েন্দাদের হাতে অপপ্রয়োগের সুযোগ থাকবে। যার ভোগান্তির শিকার হতে পারেন আমেরিকায় (বাকি অংশ ০৩ পাতায়)

লিগ্যাল চ্যানেলে রেমিটেন্সের দিগন্ত প্রসারে

যুক্তরাষ্ট্রে 'সোনালী মোবাইল অ্যাপ' চালু

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্কে এক সুধী সমাবেশে সোনালী ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক মো. আফজাল করিম বলেছেন, সাম্প্রতিক সময়ে ডলারের সাথে টাকার মানের যে অস্থিরতা চলছিল, অনেকে ধারণা করেছিলেন যে, অচিরেই হয়তো প্রতি ডলারের বিপরীতে ২০০ টাকা পর্যন্ত উঠে যাবে। কিন্তু (বাকি অংশ ০৪ পাতায়)

যুক্তরাষ্ট্রে দক্ষিণ ও মধ্য এশিয়ার জনসংখ্যা বাড়ছে

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে, দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে আসা অভিবাসী জনসংখ্যা গত এক দশকে নতুন উচ্চতায় পৌঁছেছে এবং দ্রুত বৃদ্ধি পাচ্ছে। যুক্তরাষ্ট্রের সেন্সাস ব্যুরো বা আদমশুমারি অধিদফতরের সাম্প্রতিক প্রকাশিত তথ্য অনুসারে, ২০১০ এবং ২০২২ এর মধ্যে, যুক্তরাষ্ট্রে, দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে আসা অভিবাসীদের সংখ্যা ২৯ লাখ থেকে বেড়ে প্রায় ৪৬ লাখে পৌঁছেছে- যা প্রায় ৬০ শতাংশ বৃদ্ধি। এই উপাত্ত অনুযায়ী এই বৃদ্ধি একই সময়ের মধ্যে যুক্তরাষ্ট্রের সামগ্রিকভাবে 'বিদেশে-জন্মগ্রহণকারী' জনসংখ্যার শতকরা ১৫.৬ ভাগ বৃদ্ধি নিতান্তই সামান্য। মাইগ্রেশন পলিসি ইনস্টিটিউটের জনসংখ্যাবিদ জিন বাতালোভা বলেন, এই বৃদ্ধি 'অবিশ্বাস্য'। বাতালোভা ভয়েস অফ আমেরিকার সাথে একটি সাক্ষাৎকারে বলেন, 'আমরা চারগুণ বেশি বৃদ্ধির হারের কথা বলছি।' সেন্সাস ব্যুরো যুক্তরাষ্ট্রে 'বিদেশী (বাকি অংশ ০৩ পাতায়)

ট্রাম্পের বিচারে ১২ সদস্যের জুরি গঠন

আদালতের সামনে গায়ে আগুন লাগানো যুবকের মৃত্যু

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্কের আদালতে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মামলার বিচার কাজ চলছে সেটির সামনে শুক্রবার (১৯ এপ্রিল) নিজের গায়ে আগুন ধরিয়ে দেওয়া ব্যক্তি মারা গেছেন। শনিবার ভোরে নিউইয়র্ক সিটি পুলিশের পক্ষ থেকে তার মৃত্যুর খবর নিশ্চিত করা হয় বলে জানায় বিবিসি। ওই ব্যক্তির নাম ম্যাক্স ওয়েল আজারেলো, বয়স ৩৭। শুক্রবার দাহ্য তরল পদার্থ ঢেলে নিজের গায়ে আগুন ধরিয়ে দেওয়ার পর



গুরুতর (বাকি অংশ ০৬ পাতায়)

নিউইয়র্ক মহানগর (দক্ষিণ) বিএনপি'র নির্বাচন

সভাপতি পদে সেলিম রেজা সাধারণ সম্পাদক পদে বদিউল বিজয়ী


বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক মহানগর দক্ষিন বিএনপির নির্বাচনে সভাপতি পদে হাবির রহমান সেলিম ও সাধারণ সম্পাদক পদে বদিউল আলম বড় ধরনের ভোটের ব্যাবধানে বিজয়ী হয়েছেন। নতুন কমিটির


হাবির রহমান সেলিম


বদিউল আলম

বিজয়ী অন্য কর্মকর্তারা হলেন, সিনিয়র সহ সভাপতি মোহাম্মদ সোহরাব হোসেন, যুগ্ম সম্পাদক আব্দুল মান্নান হোসেইন ও সাংগঠনিক সম্পাদক আলমগীর হোসেইন মৃধা। গত রোববার (২১ এপ্রিল) (বাকি অংশ ০৩ পাতায়)

ট্রাম্প পুনর্নির্বাচিত হলে কীসে অগ্রাধিকার দেবেন জানালেন মেলানিয়া



বাংলা পত্রিকা ডেস্ক: সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যখন নিউইয়র্কের আদালতে তার বিরুদ্ধে করা অর্থ কেলেঙ্কারি সংক্রান্ত মামলায় আইনি লড়াই করছেন, তখন স্বামীর পুনর্নির্বাচন নিয়ে মুখ (বাকি অংশ ০৬ পাতায়)

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
- প্রাইভেট অকশনের বাড়ি
- পাবলিক অকশনের বাড়ি
- ব্যাংক মালিকানা বাড়ি
- শর্ট-সেল ও REO-প্রপার্টি

কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com


Nurul Azim

APOLLO INSURANCE BROKERAGE INC
WE DO TLC INSURANCE
EXIT LUXURY INC.


Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের জালে আর্থিক গতি কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
- TAX Liens Charge-Offs - Inquiries - Collections
- Garnishment - Bankruptcy - Late Payments
Call us 646-775-7008
www.cmacreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant



বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO



AMIN PHARMACY
29-03. 36th Ave. Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

AHAD&CO
CERTIFIED PUBLIC ACCOUNTANTS
সারা বছর জুড়ে একাউন্টিং সার্ভিসেস
ক্যাক্তিগত এবং বিজনেস ট্যাক্স ফাইলিং
আইআরএস এবং স্টেট অডিট সমাধান
পে-রোল এবং বুককিপিং
আপনার ট্যাক্স ফাইল একজন সিপিএ দিয়ে করুন
আহাদা আলী, সিপিএ



Tel: 929-371-9915 : info@ahadandco.com
2153 Westchester Ave. Suite 200, Bronbx, NY 10462
47-01 Vandam Street Long Island City, NY 11101


KABIR CHOWDHURY

সব ধরনের Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
DDC 6hr 10% Discount & 4 Point Reduction
718-626-0733
718-626-2321
crescentinsurance@gmail.com
Crescent Insurance Brokerage Inc.
37-11 74th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

www.banglapatrikausa.com



Southeast USA Group Inc.

OUR SERVICES

- Tax Preparation & Planning
- Audits, Reviews, Compilations
- Bookkeeping/Write-Up
- Business Consulting
- IRS Representation
- Notary Public
- Payroll Services
- Retirement Planning
- Sales Tax Services



(917) 566-1612

Southeast USA Group Inc

Prof. Ehteshamul Haque

Financial & Business Planning

74-09 37th Avenue, Suite #206, Jackson Heights, NY 11372

Visit: www.southeastusagroup.com





সভাপতি পদে সেলিম রেজা

(প্রথম পাতার পর)

নিউইয়র্ক সিটির লং আইল্যান্ড সিটিতে অবস্থিত ফাইভ স্টার ব্যাংকুয়েট হলে অনুষ্ঠিত হয় এই নির্বাচন। অত্যন্ত আন্তরিক হৃদ্যতাপূর্ন পরিবেশে অনুষ্ঠিত নির্বাচনে সভাপতি পদে বিজয়ী সেলিম রেজা ২৮ এবং একই পদে প্রতিদ্বন্দ্বী খলকুর রহমান পেয়েছেন ১১ ভোট।

সিনিয়র সহ সভাপতি পদে বিজয়ী মোহাম্মদ সোহরাব হোসেন পেয়েছেন, ২৩ ভোট একই পদে প্রতিদ্বন্দ্বী মোহাম্মদ রিপন মিয়া পেয়েছেন ১৬ ভোট।

সাধারণ সম্পাদক পদে বিজয়ী বদিউল আলম পেয়েছেন ২৬ ভোট এবং প্রতিদ্বন্দ্বী সাইদুর খান উউক পেয়েছেন ১৩ ভোট।

যুগ্ম সম্পাদক পদে বিজয়ী আব্দুল মান্নান হোসেই পেয়েছেন, ২৫ এবং প্রতিদ্বন্দ্বী জিয়াউল হক পেয়েছেন ১৪ ভোট।

সাংগঠনিক সম্পাদক পদে আলমগীর হোসেইন মৃধা পেয়েছেন, ২৫ ভোট অপরদিকে প্রতিদ্বন্দ্বী নুরে আলম পেয়েছেন ১৪ ভোট।

দুপুর ১২টা শুরু হওয়া শান্তিপূর্ন এই নির্বাচন শেষ হয় বিকেল সাড়ে টায়। এরপর শুরু হয় ভোট গননা। সর্বমোট ডেলিগেট ৪১ এর মধ্যে ৩৯ ভোট পড়েছে।

নির্বাচনের ফলাফল ঘোষণা করেন নির্বাচন কমিশনের প্রধান এমলাক হোসেন ফয়সল। ফলাফল ঘোষণার পর তিনি অত্যন্ত শান্তিপূর্ন এই নির্বাচন অনুষ্ঠানে সহযোগিতার জন্য সবার প্রতি কৃতজ্ঞতা জানান।

নির্বাচন কশিনের অন্য সদস্যদের মধ্যে ছিলেন, আরিফুল চৌধুরী, মোহাম্মদ নাসির উদ্দীন ও জোহরা বেগম।

ফলাফল ঘোষনার সময় সেখানে বিএনপির কেন্দ্রীয় নেতাদের মধ্যে মিজানুর রহমান ভুইয়া মিল্টন ও গিয়াস আহমদ উপস্থিত ছিলেন। এছাড়াও যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সভাপতি শরাফত হোসেন বাবু, কোষাধ্যক্ষ জসীম ভূঁইয়া, বেলাল চৌধুরী, মিজানুর রহমান সহ বিপুল সংখ্যক নেতাকর্মী উপস্থিত ছিলেন।

ফলাফল ঘোষণার পর নব নির্বাচিত সভাপতি হাবিবুর রহমান সেলিম রেজা তাকে সভাপতি নির্বাচিত করার জন্য সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

মানুষের মতো কল্পনা

(প্রথম পাতার পর)

ভাবনা-চিন্তাও করতে পারছে। ভার্জেনিয়ার হাওয়ার্ড হিউস মেডিকেল ইনস্টিটিউটের জেনেলিয়া রিসার্চ ক্যাম্পাসের একদল গবেষক এই পরীক্ষায় নেমেছিলেন। ভার্চুয়াল বাস্তবতায় মস্তিষ্কের ক্রিয়াকলাপ মাপতে এক বিশেষ ধরনের যন্ত্র (ব্রেন মেশিন ইন্টারফেস) তৈরি করেছিলেন তারা। এর পর গবেষণাগারে ইঁদুরের ওপরে সেটি প্রয়োগ করা হয়।

গবেষণায় দেখা গেছে, ইঁদুরেরাও মানুষের মতো ভাবনা-চিন্তা করতে পারছে। যে পরিস্থিতি বা বাস্তবে তারা ওই মুহূর্তে নেই, সে কথাও ইঁদুরেরা ভাবতে পারছে। শুধু তাই নয়, গবেষণায় দেখা গেছে ভার্চুয়াল বাস্তবে ভাবনা-চিন্তা করে ইঁদুরেরা কোনো বস্তুকে এক জায়গা থেকে অন্য জায়গায় সরিয়ে ফেলতেও সক্ষম।

গবেষকরা দেখেছেন, নতুন পরিবেশ ও ঘটনায় মানুষের মতো ইঁদুরের মস্তিষ্কেও উদ্দীপনা তৈরি হয়। ইঁদুরের মস্তিষ্কের হিপোক্যাম্পাস অংশ (যেখানে আমাদের স্থান, কালসংক্রান্ত স্মৃতি ও তথ্য জমা থাকে) সক্রিয় হয়ে ওঠে। ফলে তারা পূর্ব অভিজ্ঞতা, স্মৃতি ও তথ্য থেকে তাৎক্ষণিক সিদ্ধান্ত নিতে পারে। সূত্রঃ ওয়াশিংটন পোস্ট, দ্য গার্ডিয়ান

ব্যক্তিগত গোপনীয়তা ঝুঁকিতে

(প্রথম পাতার পর)

বসবাসকারী যে কোনো অভিবাসী। আইনটি সরাসরি বিদেশিদের ওপর নজরদারির কথা বলা হলেও এদেশে অভিবাসন গ্রহণকারী যেকোনো ব্যক্তি তার নিজের দেশের কারো সঙ্গে যে আলাপচারিতা করবেন তাও থাকবে গোয়েন্দাদের নজরে। এতে ব্যক্তিগত গোপনীয়তা মারাত্মকভাবে বিঘ্নিত হতে পারে।

এর আগেও জাতীয় নিরাপত্তার ৭০২ ধারার অপব্যবহার হয়েছে। নজরদারীর নামে আমেরিকানদের ব্যক্তিগত গোপনীয়তা হরণ করা হয়েছে। নতুন বিল পাশে সেই সুযোগ আরও বাড়বে। বিদেশি টার্গেট থেকে সেলফোন ও ইন্টারনেটন ড্যাটা সংগ্রহের এই সুযোগে অনেক আমেরিকানেরও ব্যক্তিগত ড্যাটা হস্তগত করার সুযোগ তৈরি হবে যা অতীতেও হয়েছে। সমালোচকরা একে 'পেছন দরজা থেকে ঢুকে পড়ার সামিল বলে আখ্যা দিয়েছেন। কিন্তু বিদেশিদের টার্গেট করতে গিয়ে অনেক আমেরিকান নাগরিকও এই প্রক্রিয়ায় পরিস্থিতির শিকার হতে পারেন'।

বিলটি পাশে বেশ কিছু রক্ষণশীল রিপাবলিকান সিনেটর ডেমোক্র্যাটদের পক্ষাবলম্বন করলেও অনেক সিনেটরই যে কারো ওপর গোয়েন্দাগিরির আগে আদালতের ওয়ারেন্ট নিশ্চিত করার ওপর জোর দেন। বর্তমানে এই কর্মসূচির ক্ষেত্রে কোনো ওয়ারেনটের প্রয়োজন নেই কারণ এতে বিদেশিদের টার্গেট করা হয়। তবে বলা হচ্ছে, বিদেশিদের সাথে সাথে যুক্তরাষ্ট্রে বসবাসরত অভিবাসীরাও এর বড় টার্গেটে পরিণত হবে।

এদিকে ৯/১১ এর মতো সন্ত্রাসী হামলা এড়াতে এমন বিধির বিকল্প নেই বলে প্রশাসন ও রাজনীতিকেরা মনে করলেও মানবাধিকার নিয়ে কর্মরত প্রায় সকল সংগঠনই একযোগে এর নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন।

যুক্তরাষ্ট্রে দক্ষিণ ও মধ্য এশিয়ার

(প্রথম পাতার পর)

জন্মগ্রহণকারী'কে সংজ্ঞায়িত করে এভাবে যে- এরা জন্মের সময় যুক্তরাষ্ট্রের নাগরিক ছিলেন না, ন্যাচারালাইজড নাগরিকত্ব এবং বৈধ স্থায়ী বাসিন্দার কোনো স্ট্যাটাস ছিল না।

সেন্সাস ব্যুরোর ৯ এপ্রিল এর রিপোর্ট অনুয়ায়ী, ২০২২ সালে যুক্তরাষ্ট্রের মোট বিদেশী-জন্মানো জনসংখ্যা ছিল ৪ কোটি ৬২ লাখ বা মোট জনসংখ্যার প্রায় ১৪ শতাংশ, যেখানে ২০১০ সালে ছিল ৪ কোটি যা মোট জনসংখ্যার প্রায় ১৩ শতাংশ।

সাম্প্রতিক বছরগুলোতে অভিবাসনের ধরণ কতটা পরিবর্তিত হয়েছে তা জনসংখ্যা জরিপের উপাত্ত প্রমাণ করেছে। যদিও লাতিন আমেরিকা একসময় যুক্তরাষ্ট্রে অভিবাসনের প্রধান উৎস ছিল এবং এখনো তারা বিদেশে-জন্মগ্রহণকারী জনসংখ্যার অর্ধেক। তবে এখন আরো অভিবাসী এশিয়া, আফ্রিকা এবং বিশ্বের অন্যান্য অংশ থেকে আসছে।

দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে অভিবাসন প্রবণতা বোঝার জন্য, ভয়েস অফ আমেরিকা আদমশুমারির তথ্য খতিয়ে দেখেছে এবং জনসংখ্যাবিদদের সাথে কথা বলেছে। আমরা কী খুঁজে পেয়েছি চলুন দেখা যাক।

দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে কতজন অভিবাসী যুক্তরাষ্ট্রে বাস করে?

সেন্সাস ব্যুরো দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে ১০টি দেশকে হিসাবে ধরেছে। দেশগুলো হচ্ছে, আফগানিস্তান, বাংলাদেশ, ভুটান, ভারত, ইরান, কাজাখস্তান, নেপাল, পাকিস্তান, শ্রীলঙ্কা এবং উজবেকিস্তান। সংস্থাটির বিদেশে জন্মানো জনসংখ্যা আমেরিকান কমিউনিটি সার্ভে নামে পরিচিত একটি বার্ষিক জরিপের উপর ভিত্তি করে হিসেব করা হয়েছে।প্রতিটি অনুমানে কিছুটা ত্রুটি থাকে।

২০২২ সালে, দক্ষিণ ও মধ্য এশিয়া থেকে বিদেশে জন্মানো জনসংখ্যা অনুমান করা হয়েছিল ৪৫ লাখ ৭২ হাজার ৫৬৯ যা ২০১০ সালের ৩৮ লাখ ৭২ হাজার ৯৬৩ থেকে বেশি। ত্রুটির মার্জিন ছিল প্রায় ৫৫ হাজারের বেশি বা কম।

ভারতীয়রা এই অঞ্চলের সবচেয়ে বড় বিদেশে জন্মানো গোষ্ঠী, তারা সংখ্যায় ২৮ লাখেরও বেশি। যা ২০১০ সালে ছিল ১৮ লাখ। দ্বিতীয় বৃহত্তম দল পাকিস্তান থেকে এসেছে- প্রায় ৪ লাখ যা ১২ বছর আগের প্রায় ৩ লাখ থেকে বেশি। এর ঠিক আগের স্থানে রয়েছে ইরান, সেখান থেকে ৪ লাখ ৭০০০ এসেছে। কিন্তু শতাংশের পরিপ্রেক্ষিতে, এই অঞ্চলের অন্যান্য দেশ থেকে যথেষ্ট বড় বৃদ্ধি দেখা যাচ্ছে।

বিদেশী বংশোদ্ভূত আফগানদের সংখ্যা ২০১০ সালে ৫৪ হাজার ৪৫৮ থেকে লাফিয়ে ২০২২ সালে ১ লাখ ৯৪ হাজার ৭৪২- এ পৌঁছেছে, যার বৃদ্ধির পরিমাণ ২৫৭ শতাংশ। বাতালোভা বলেন, আফগানিস্তানে তালেবান দখলদারিত্বের কারণে উদ্বাস্তদের এই স্রোত দেখা দিয়েছিল। বিদেশী বংশোদ্ভূত নেপালীরা শতাংশের হিসাবে দ্বিতীয় সর্বোচ্চ বৃদ্ধি পাওয়া জনগণ, যা ৬৯ হাজার ৪৫৮ থেকে বেড়ে ১ লাখ ৯১ হাজার ২৭৩ -তে পৌঁছেছে। যা কিনা লাফিয়ে ১৭৫ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

বাংলাদেশ এবং উজবেকিস্তান থেকে আসা অভিবাসীদের মধ্যে যথাক্রমে ৯১ শতাংশ এবং ৬০ শতাংশ বৃদ্ধি পেয়েছে।





যুক্তরাষ্ট্রে 'সোনালী মোবাইল অ্যাপ' চালু

(প্রথম পাতার পর)

আমরা তেমনটি ঘটতে দেইনি। সুচিন্তিত পদক্ষেপ গ্রহণের কারণে অস্থিরতা দমিয়ে রাখতে সক্ষম হয়েছি। আফজাল করিম বলেন, বাফেদা ও এবিবি যৌথভাবে বসে ডলারের সাথে টাকার মূল্যমাণ নির্দ্ধারণ করেই তা অবহিত করেছি কেন্দ্রীয় ব্যাংককে। তারাই সেটি পর্যালোচনার পর একটি নির্দেশনা জারি করেছেন এবং সেই অস্থিরতার অনেকটাই প্রশমিত হয়েছে। এরপরেও কোন কোন ব্যাংক বা রেমিটেন্স হাউজ যদি সেই রেটের বেশি দিয়ে থাকে তাহলে তাদেরকে জবাবদিহিতা করতে হয়। তবে যেহেতু আমরা কোন জরিমানা/শাস্তি প্রদানের ক্ষমতাসম্পন্ন কর্তৃপক্ষ নই, সেজন্যে সরাসরি কিছু করা যাচ্ছে না। আমরা শুধু বাংলাদেশের যথাযথ কর্তৃপক্ষকে বিষয়টি অবহিত করে আসছি। এরফলে ১২২ টাকা থেকে ১১৬ টাকায় কমে এসেছে ডলারের বিপরীতে টাকার মান।

গত ১৬ এপ্রিল মঙ্গলবার সন্ধ্যায় জ্যামাইকায় খলিল বিরিয়ানি হাউজের মিলনায়তনে এ সমাবেশে ঘরে অথবা গাড়িতে কিংবা কর্মস্থলে বসে বাংলাদেশে নিজ একাউন্ট অথবা স্বজনকে বিনা ফিতে মুহূর্তের মধ্যে টাকা প্রেরণে সহায়ক অ্যাপ 'এসইসিআই' অথবা 'সোনালী মোবাইল অ্যাপ' কর্মসূচি আমেরিকাতেও চালু উপলক্ষে অনুষ্ঠিত এ সমাবেশে তিনি একথা বলেন। আফজাল করিম আরো বলেন, বাংলাদেশ হচ্ছে আমদানি নির্ভর। প্রতি বছর ৫৫ বিলিয়ন ডলারের পণ্য রফতানি করে বাংলাদেশ। তবে এরমধ্যে ৬০% এর সমপরিমাণের কাঁচামাল আমদানি করতে হয়। অর্থাৎ নেট রফতানি দাঁড়ায় ২২ বিলিয়ন ডলারের মত। সে ক্ষেত্রে বৈদেশিক মুদ্রা আহরণের ক্ষেত্রে রেমিটেন্সের ভূমিকা অপরিসীম। এসব কারণে, রফতানি ও রেমিটেন্স প্রবাহ বাংলাদেশকে সমৃদ্ধির পথে অদম্য গতিতে ধাবিত করার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অবদান রাখে।

সোনালী মোবাইল অ্যাপে টাকা পাঠালে তা হান্ড্রেড পার্সেন্ট লিগ্যাল চ্যানেলে সম্ভব হচ্ছে এবং বাংলাদেশের জাতীয় উন্নয়নে আপনিও একজন গর্বিত অংশিদারে পরিণত হতে পারছেন বলে উল্লেখ করেন আফজাল করিম। তিনি বলেন, ক্রেডিট কার্ড অথবা ডেবিট কার্ড ব্যবহার করতে হচ্ছে এই অ্যাপে টাকা পাঠাতে। এই অ্যাপ মোবাইল অথবা কম্প্যুটারে ডাউনলোড করতে সোনালী এক্সচেঞ্জের কর্মকর্তারা সহায়তা দিয়ে থাকেন। নিউইয়র্ক, নিউজার্সী, মিশিগান, ফ্লোরিডাসহ ৬টি স্টেট থেকে এই অ্যাপের সুবিধা পাওয়া যাচ্ছে। প্রসঙ্গত: উল্লেখ্য, সোনালী এক্সচেঞ্জের মাধ্যমে রেমিটেন্সে বাংলাদেশ সরকারের দেয়া আড়াই পার্সেন্ট প্রণোদনার অতিরিক্ত হিসেবে আরো সাড়ে ৩ পার্সেন্ট দিচ্ছে সোনালী ব্যাংক। তবুও নিউইয়র্কসহ যুক্তরাষ্ট্রের অন্যান্য রেমিটেন্স হাউজে ডলারের বিপরীতে টাকার মূল্যমাণের সমপর্যায়ে উপনীত হতে না পারায় গত কয়েক মাস থেকেই সোনালী এক্সচেঞ্জ নাজুক অবস্থায় নিপতিত হয়েছে বলে অনেকে উল্লেখ করেন। ঐসব সংস্থাগুলোও লিগ্যাল চ্যানেলেই রেমিটেন্স করছে। তাদেরকে নিয়ন্ত্রণের ক্ষমতা কী বাংলাদেশ ব্যাংক তথা সরকারের নেই-এমন প্রশ্নও করা হয় সমাবেশ থেকে।

সোনালী ব্যাংকের অঙ্গ প্রতিষ্ঠান 'সোনালী এক্সচেঞ্জ'র সিইও দেবেশ্রী মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে নিউইয়র্কস্থ কন্সাল জেনারেল মো. নাজমুল হুদাও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। এছাড়াও প্রবাসীদের জন্যে বাংলাদেশে সোনালী ব্যাংকের আরো কিছু বিশেষ সুবিধার আলোকে বক্তব্য দেন ওয়েজআর্নার কর্পোরেট শাখার ডিজিএম মো. জহুরুল ইসলাম। প্রতিষ্ঠানটির কর্পোরেট ম্যানেজার শাহাদৎ হোসেন অনুষ্ঠান পরিচালনা করেন। অনুষ্ঠানের শুরুতে এমডি আফজাল করিম-কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়।

নাজমুল হুদা বলেন, এনআইডি কার্ড যাতে প্রবাসীরা করতে পারেন সে ধরনের একটি উদ্যোগ সক্রিয় রয়েছে। শীঘ্রই নিউইয়র্ক কন্স্যুলেট থেকে যাতে এনআইডি ইস্যু করা যায়, সে চেষ্টায় রয়েছি। এ সময় কন্সাল জেনারেল আরো জানালেন যে, কন্স্যুলেট অফিস আরো বৃহৎ পরিসরে স্থানান্তরিত হচ্ছে। ফলে সেবা গ্রহিতাদের অনেক সমস্যাও কমে যাবে বলে আশা করছি। নতুন স্থানের পাশেই সোনালী এক্সচেঞ্জের কর্পোরেট অফিসও চালু হবে। কন্স্যুলার সার্ভিস নিতে আসা প্রবাসীরা রেমিটেন্সের সুবিধাও নিতে পারবেন সেখান থেকে।

উল্লেখ্য, ১৯৯৫ সালে চালুর পর থেকেই ম্যানহাটানে সোনালী এক্সচেঞ্জের কর্পোরেট অফিস রয়েছে। সেটি চলে আসছে কুইন্সে এস্টোরিয়ায়। অর্থ সাশ্রয়ের জন্যে এ পদক্ষেপের বিকল্প ছিল না বলে জানান কর্মকর্তারা। কারণ, এখন রেমিটেন্সে কোন ফি নিচ্ছে না সোনালী এক্সচেঞ্জ। অর্থাৎ আয় বলতে কিছুই নেই। সোনালী ব্যাংকের ভর্তুকিতে চলছে প্রতিষ্ঠানটি।

পরে এমডি আফজাল করিম অনুষ্ঠানে উপস্থিত সাংবাদিক ও কমিউনিটি নেতৃবৃন্দের বিভিন্ন প্রশ্নের উত্তর দেন।

ভাল থাকার সহজ উপায়!

(শেষের পাতার পর)

থাকে। কিন্তু সাধারন মানুষ যাদের না থাকে টাকার ক্ষমতা না থাকে সরকারি বা রাজনৈতিক ক্ষমতা তারা কিভাবে জীবন কাটায়, দিন পার করে। কিমের কোরিয়ায়, চায়না রাশিয়ায় বা মধ্যপ্রাচ্যের রাজা-বাদশাদের দেশের সাধারন মানুষগুলো কি প্রাণ খুলে হাসতে পারে, নিজের ইচ্ছায় কাঁদতে পারে!

গণতন্ত্র যেখানে থাকে না সেখানে জবাবদিহিতা থাকে না দায়বদ্ধতা থাকে না, ফলে আইনের শাষনও থাকে অনুপ স্থিত। শাষকদের ইচ্ছা অনিচ্ছা আদেশ হুকুমই আইন। পৃথিবীর অনেক দেশে গেছি কিন্তু গণতন্ত্রহীন কোন স্বৈরাচারের দেশে যাওয়ার ইচ্ছা বে াধ ক রি না। আসল কথা, সাহস হয় না। একবার মক্কো শহরে গিয়ে এক ভয়ংকর পরিস্থিতির মধ্যে পড়েছিলাম। এয়ারপোর্ট থেকে একটি ইন্ডিয়ান ছেলে গাড়ীতে করে আমাকে নিয়ে আসছিলো। পাশের সীটে বসেছি। দেখি তার ডান হাতের একটি আঙুল নেই। কথায় কথায় জানতে চাইলে বলে রাস্তায় একবার স্থানীয় কিছু মাস্তান তাকে আটকেছিল। টাকা পয়সা লুটে নিয়ে যাওয়ার সময় চাপাতি দিয়ে আঙুলটা কেটে দিয়ে যায়। থানায় অভিযোগ জানাতে গেলে পুলিশগুলো না কি হেসে গড়িয়ে পড়ছিল। এই ড্রাইভার ছেলেটিই হোটেলের কাছে এসে মালপত্র আট কে কয়েকগুন বেশী ভাড়া দাবী করে ব সে। না দিলে লাগেজ নিয়ে চলে যাবে। অনেক কৌশল করে সে যাত্রা বেঁচেছিলাম। মধ্যপ্রাচ্যের কোন এক দেশে একবার দীর্ঘ ট্রানজিটের কারনে শহরে প্রবেশ করতে ইমিগ্রেশন পার হতে হয়। দেখি কাউন্টারে এক আঠারো/বিশ বছরের স্থানীয় ছোকড়া, জোব্বাজাববা মাথায় বিল্লা, চেয়ারে হেলান দিয়ে টেবিলের ওপর পা তুলে বসে আছে। চা'র কাপে চুমুক দিচ্ছে আর পাসপোর্ট চেক করে করে সীল মারছে। খুবই ভয়ে ভয়ে জায়গাটা পার হয়েছিলাম। কোন কারনে মেজাজ বিগড়ে গেলে সে আমাকে ধরে ফাটকেও ঢোকাতে পারতো। মামাদউ দিয়েলো নামে আমার এক বন্ধু ছিল, বাড়ী পশ্চিম আফ্রিকার দেশ গিনি। বছরের পর বছর সেখানে সামরিক স্বৈরাচার। দিয়েলো একদিন বলে, জানো আমার দেশের পুলিশ বাহিনী কেমন! জানতে চাই। বলে, ধরো তুমি রাস্তা দিয়ে হেঁটে যাচ্ছো, হাতে দামী ঘড়ি। পুলিশ তোমাকে আটকালো। কোন অপরাধ লাগবে না। ইচ্ছা হলেই তারা যে কাউকে আটকাতে পারে, ধরে নিয়ে যেতে পারে। হয়তো ঘড়িটা তার পছন্দ হলো। খুলে নিয়ে চলে যাবে, তুমি কিছু বলতে পারবে না। থানায় অভিযোগ করতে গেলে হাজতে ঢোকাবে, কারন পুলিশের বিরুদ্ধে অভিযোগ করাও অপরাধ। শুধু তাই না, রাস্তায় যদি কোন গাড়ী কোন পুলিশের পছন্দ হয়, চালককে নামিয়ে দিয়ে গাড়ী নিয়ে চলে যাবে কিছুই বলা যাবে না। এরপর দিয়েলো বলে, তোমার দেশের পুলিশ কেমন। আমি খানিকটা ঢোক গিলে বলি, না অতটা না!

স্বৈরাচারী শাষনে বাক স্বাধীনতা যেমন রুদ্ধ থাকে, সভ্যতার যে সূচক- মৌলিক অধিকার মানবাধিকার শাষকদের নিয়ন্ত্রনাধীন হয়ে যায়। তারাই ঠিক কে কতটা কোন অধিকার ভোগ করবে। চীন-রাশিয়া, কিমের কোরিয়া বা রাজা বাদশাদের দেশে মানুষ কাজ করে খায়দায় মলমূত্র ত্যাগ করে। খেলাধুলা নাচগান হাসি আনন্দও করে কিন্তু জীবনব্যস্থার পুরোটাই নিয়ন্ত্রিত বলে কোনকিছুই স্বত:স্ফূর্ত না। এমনসব সমাজে স্বাধীন চিন্তা বা মত প্রকাশের কোন অধিকার থাকে না। শাসকদের বিরোধীতা দূরের কথা সমালোচনাও করা যায় না। শাষকরা যা বলবে তাতেই হ্যাঁ বলতে হবে। কিম যদি বলে সূর্য্য পশ্চিমদিকে উদিত হয়, গোটা দেশবাসীকে সমস্বরে তারই প্রতিধ্বনী করতে হবে। এইসব দেশের মানুষকে গরু-ছাগল বা গৃহপালিত পশুর জীবন যাপন করতে হয়। প্রভূ যেভাবে রাখে সেভাবেই থাকতে হয়। মালিক এদেরকে লালন পালন করে খাওয়ায় নাওয়ায়। গরু ছাগল ভেড়া বকরীর যেমন কোন ভেদবুদ্ধি থাকে না কথা বলতে পারে না, এদেরও তেমনি কোন বিবেকবোধ থাকতে পারে না। উচিত কথা দুরের কথা কথা বলার জন্য হা করলেই গায়েব। এরা খায়দায় ঘুমায়, কাজ করে সন্তান উৎপাদন করে। মালিকের হুকুম তামিল করে। আর এভাবেই তারা জীবন যাপন করে। এই দাসত্বের জীবনকে ভাল থাকা ম নে ক রেই বেঁচে থা কে।

আমিও ক'দিন এভাবে ভাল থাকার চেষ্টা করলাম। সাত জানুয়ারির পর থেকে টেলিভিশনের টক শো নিউজ যে কোন ধরনের আলোচনা অনুষ্ঠান দেখা বন্ধ করে দিলাম। সোস্যাল মিডিয়ায় যাবতীয় গনক জ্যেতিষির ভবিষ্যৎবানী, গাবগ্যাজাগেজি বা সরকারের পিন্ডি চটকানি শোনার ধারকাছ দিয়েও গেলাম না। এমনকি খবরের কাগজ পড়া থেকেও বিরত থাকলাম। ফেসবুকে জন্মদিন বিবাহবার্ষিকী মৃত্যু সংবাদ কারও আনন্দ সংবাদ, কবিতা ছড়া বা ছোটখাট বানী-বচন, জোকস ইউটিউব টিকটক রিলসে ফানি ভিডিও ডাক্তারী পরামর্শ ইতিহাসের টুকরো ক্লিপিং- এসব দেখে কাটিয়ে দিলাম। কারও সাথে দেশ নিয়ে রাজনীতি নিয়ে আলোচনা এড়িয়ে চললাম। ইলেকশনে কে জিতলো কে হারলো কারা কারা মন্ত্রী হলো সে খবর নেওয়ারও কোন আগ্রহ বোধ করলাম না। দিনদুনিয়ার কোন খবরও রাখলাম না। বাজার করা খাওয়া বন্ধুদের সাথে নির্জলা আড্ডা দেওয়া এখানে ওখানে ঘুড়ে বেড়ানো আর মনের সুখে আরামে ঘুম দেওয়া। দেখি মাথা থেকে সব টেনশন উধাও। দেশ কোথায় গেল রাজনীতির কি হলো সরকারে কে এলো, মানুষ কি খেলো বাঁচলো না মরলো- কোন কিছুই নাই মাথায়! একেবারে গরু-ছাগল, ভেড়া-বকরীর মত! মনে হলো, বেশ আছি তো! নিয়মিত বিটিভি দেখলে বোধহয় আরও ভাল থাকতাম!

রাজা বাদশা বা স্বৈরাচারশাষিত দেশের মানুষ এভাবেই ভাল থাকে।



বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশন গঠিত

(৩১ পাতার পর)

মোহাম্মদ আনোয়ার হোসেন, আব্দুল মান্নান, মোহাম্মদ হেলাল উদ্দিন, মাহবুবুর রহমান বাদল এবং আহবাব চৌধুরী খোকনকে কমিশনের সদস্য হিসেবে মনোনীত করা হয়।

সভাপতি মোহাম্মদ আব্দুর রব মিয়ার সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক মোঃ রুহুল আমিন সিদ্দিকীর পরিচালনায় সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সভাপতি ফারুক চৌধুরী, সহ-সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম চৌধুরী, কোষাধ্যক্ষ মোঃ নওশেদ হোসেন, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভূঁইয়া, জনসংযোগ ও প্রচার সম্পাদক- রিজু মোহাম্মদ, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক- মাইনুল উদ্দিন মাহবুব, স্কুল ও শিক্ষা সম্পাদক- প্রদীপ ভট্টাচার্য, কার্যকরী সদস্য- ফা-রহানা চৌধুরী, আবুল বাশার ভূঁইয়া, মোহাম্মদ সাদী মিন্টু ও শাহ মিজানুর রহমান।

উল্লেখ্য, বাংলাদেশ সোসাইটির দ্বি-বার্ষিক নির্বাচন আগামী অক্টোবর মাসে অনুষ্ঠিত হবে। সোসাইটির আগামী নির্বাচনে অংশ নিতে বা ভোটাধিকার প্রয়োগ করতে হলে আগামী ৩০ জুনের মধ্যে সদস্য নিবন্ধন সম্পূর্ণ করতে হবে। -প্রেস বিজ্ঞপ্তি।



বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
Editor : **Abu Taher**
Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

ইরানে ইসরায়েলি হামলা
সংযম দেখাতে হবে দুই পক্ষকে

দামেস্কে ইরানী দূতাবাসে হামলার বদলা হিসেবে তেহরান ইসরায়েলে রাতভর ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলা চালিয়ে প্রমাণ করেছে ইটের বদলে পাটকেল নিক্ষেপে তারা সদা প্রস্তুত। ইরান ইসরায়েলে হামলা চালাবে তা ছিল তেলআবিবের কাছে অকল্পনীয়। এ হামলার বদলা নেওয়া ইসরায়েলের জন্য প্রেস্টিজ ইস্যু হয়ে দাঁড়ায়। মধ্যপ্রাচ্যের সবচেয়ে বড় সামরিক শক্তি এ অভিধার কথা মনে রেখেই নিজেদের মর্যাদা রক্ষায় তারা ইরানে প্রতিশোধমূলক হামলা চালানোর সিদ্ধান্ত নেয়। তবে এতে মধ্যপ্রাচ্যে যুদ্ধের দামামা বেজে উঠতে পারে এমন আশঙ্কাও দেখা দেয়। মিত্রদের পরামর্শ ছিল এমন কিছু করা ঠিক হবে না যাতে মধ্যপ্রাচ্য পরিস্থিতি ইরানের পক্ষে চলে যায়। দেখেশুনে মনে হচ্ছে শুক্রবার ইসরায়েল পাল্টা হামলা চালালেও তার পরিসর ছিল সীমিত। আক্রান্ত হলেও এ হামলা ইরান ঠেকিয়ে দিয়েছে এমন বাগাড়ম্বরেরও সুযোগ পেয়েছে তেহরান। ইতোমধ্যে বেশ কয়েকটি দেশ ইসরায়েলি হামলার প্রতিক্রিয়া জানিয়েছে।

ওমানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র বলেছেন, তার দেশ ইরানে ইসরায়েলি হামলার নিন্দা জানায়। মিসর বলেছে, তারা ইসরায়েল ও ইরানের মধ্যে উত্তেজনা নিয়ে গভীরভাবে উদ্বিগ্ন। এ অঞ্চলে সংঘাত ও অস্থিতিশীলতা প্রসারিত করার পরিণতি সম্পর্কেও সতর্ক করেছে মিসর। তুরস্ক বলেছে, মধ্যপ্রাচ্যে বৃহত্তর সংঘাতের দিকে নিয়ে যেতে পারে, এমন পদক্ষেপ থেকে যেন দুই পক্ষই বিরত থাকে। তাদের মতে, আন্তর্জাতিক সম্প্রদায়ের অগ্রাধিকার হওয়া উচিত- গাজায় গণহত্যা বন্ধ এবং একটি ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার মাধ্যমে এ অঞ্চলে স্থায়ী শান্তি নিশ্চিত করা। ইতালির পররাষ্ট্রমন্ত্রী অ্যান্তোনিও তাজানি উত্তেজনা প্রশমনের আহ্বান জানিয়েছেন। বলেছেন, ক্রমবর্ধমান উত্তেজনা এড়াতে আমরা সবাইকে সতর্ক থাকার আহ্বান জানাই। ইউরোপিয়ান কমিশনের প্রধান উরসুলা ভন ডার লিয়েন মধ্যপ্রাচ্যে উত্তেজনা এড়াতে উভয় পক্ষকে সংযম দেখানোর আহ্বান জানিয়েছেন। আমরা বিশ্বনেতাদের অভিমতের সঙ্গে ঐকমত্য পোষণ করি এবং আশা করতে চাই বিশ্বশান্তি শুধু নয়, নিজেদের স্বার্থেই দুই পক্ষ সংযম দেখাবে। শান্তির জন্য তার বিকল্প নেই।

গাজা যুদ্ধ : বিশ্বকে এখন দুই রাষ্ট্র সমাধানের দিকেই যেতে হবে

॥ গ্যারেত ইভান্স ॥

ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ব্যাপারে আন্তর্জাতিক আন্দোলন জোরদার হচ্ছে। এই আন্দোলনকে ইসরায়লের স্বীকৃতি দেওয়ার সময় হয়ছে। ইসরায়ল দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের পথে হাঁটলে তা হামাসকে পুরস্কৃত করবে এমন নয়, বরং এতে ইসরায়ল নিজেও লাভবান হবে। গত ৭ অক্টোবরের ভয়ংকর ঘটনা পরিষ্কার করেছে, ফিলিস্তিনিদের জন্য সন্তোষজনক রাজনৈতিক সমাধান ছাড়া ইসরায়ল কখনোই সন্ত্রাসের আতঙ্ক থেকে মুক্ত হতে পারবে না। মধ্যপ্রাচ্যের সব পক্ষের সঙ্গে কয়ক বছর ধরে আলাপ-আলোচনা করা এবং কয়ক দশক ধরে বিভিন্ন আন্তর্জাতিক দ্বন্দ্ব প্রতিরোধ ও সমাধানে কাজ করার অভিজ্ঞতা আমাকে নিশ্চিত করেছে, হতাশা খুব সহজেই ক্রোধে পরিণত হতে পারে এবং তারপর সেটি অবর্ণনীয় আক্রোশে রূপ নিতে পারে। সেই একই অভিজ্ঞতা থেকে আন্দাজ করতে পারি, ন্যায্য এবং মর্যাদাপূর্ণ মীমাংসার আশাবাদ সত্যিকার অর্থে যখন দেখা যায়, তখন সহিংসতার হুমকি দ্রুত কমে যায়।

৭ অক্টোবরের হামলার মূল কারণ উপলব্ধির অর্থ কখনোই নিরপরাধ মানুষ হত্যাকে ন্যায্যতা দেওয়া নয়। ইসরায়লকে সর্বশক্তি দিয় এ ধরনের হামলা প্রতিরোধ করার অনুমতি ও অধিকার আন্তর্জাতিক আইন দিয়ছে। কিন্তু প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সরকার ও তাঁর অন্ধ সমর্থকেরা মূল কারণকে অস্বীকার করে চলেছেন। তাঁরা রাজনৈতিক সমাধানের পথে হাঁটতে অস্বীকার করে যাচ্ছেন। এটি আরও সন্ত্রাসী হামলাকে আমন্ত্রণ জানাচ্ছে।

এটি এখন বিশেষ সত্য হয় উঠেছে যে অনেক সাধারণ ও নিরীহ ফিলিস্তিনি ইসরায়লের প্রতিক্রিয়ার অসামঞ্জস্যপূর্ণ বর্বরতার কারণে বাস্তুচ্যুত, আঘাতপ্রাপ্ত এবং ক্ষুব্ধ হয়ছেন।

আমি সবখানে সব সময় বলে থাকি, ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার নৈতিক, আইনি এবং রাজনৈতিক যুক্তি বরাবরই জোরালো। জাতিসংঘের প্রায় ১৪০টি সদস্যদেশ (যদিও এগুলোর প্রায় সবই বৈশ্বিক দক্ষিণের দেশ) ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের মর্যাদা দেওয়ার পক্ষে।

গাজা যুদ্ধ এখন ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার ইস্যুটিকে নতুন প্রাসঙ্গিকতা দিয়ছে। আগের চেয় বেশি সংখ্যক দেশ এখন ইসরায়লের অস্থিরতাকে কেবল ফিলিস্তিনিদের দুর্দশাকে চিরস্থায়ী হাতিয়ার হিসেবে দেখছে না; বরং তারা এই বেপরোয়া আচরণকে ইসরায়লের নিজেদের দুর্দশাকেও চিরস্থায়ী করার 'গ্যারান্টি' হিসেবে দেখছে।

যদি বৈশ্বিক আলোচকদের মধ্যে ফিলিস্তিনের রাষ্ট্র গঠন ইস্যুতে দ্বিমত থাকে, তাহলে কোনো শান্তি আলোচনা সফল হবে না। এই মতপার্থক্য দূর করার একমাত্র উপায় হলো বিষয়টি বিশ্ববাসীকে সুস্পষ্টভাবে দেখানো যে শুধু আরব এবং বৈশ্বিক দক্ষিণের দেশগুলো ফিলিস্তিনের রাষ্ট্র গঠনের দাবির পক্ষে নয়, বরং যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্রসহ বৈশ্বিক উত্তরের ভিত্তি হিসেবে পরিচিত সব পশ্চিমা দেশ ফিলিস্তিনের আলাদা রাষ্ট্র গঠনকে সমর্থন করে।

৯ এপ্রিল অস্ট্রেলিয়ার পররাষ্ট্রমন্ত্রী পেনি ওং এক ঐতিহাসিক ভাষণের মাধ্যমে জানিয়ছেন, এর আগে



যুক্তরাজ্য, আয়ারল্যান্ড, স্পেন, নরওয়ে–এমনকি যুক্তরাষ্ট্র ফিলিস্তিনকে আলাদা রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার বিষয় যে বিবেচনা করেছিল, সেটিকে বাস্তবভিত্তিক ধরে নিয় তাঁর দেশ ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেওয়ার নীতিগত সিদ্ধান্ত নিয়ছে। এটি সত্য, যেকোনো লক্ষ্য অর্জনের জন্য টাইমিং বা লাগসই মুহূর্ত একটা গুরুত্বপূর্ণ ব্যাপার।

ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদ পাওয়ার বিষয় চলতি মাসেই জাতিসংঘের নিরাপত্তা পরিষদ সাধারণ পরিষদে ভোট হওয়ার কথা রয়ছে। যুক্তরাষ্ট্র এবং অন্য কয়কটি দেশ অবশ্য এখনো এ বিষয় আনুষ্ঠানিক স্বীকৃতি দেওয়ার ব্যাপারে ইচ্ছুক না-ও হতে পারে।

যাহোক, যাত্রার গন্তব্য পরিষ্কার এবং ফিলিস্তিনের স্বাধীন রাষ্ট্র হওয়ার মাহেন্দ্রক্ষণ তৈরি হচ্ছে। অনেকে বলতে পারেন, ফিলিস্তিনকে স্বাধীন রাষ্ট্রের স্বীকৃতি দেওয়ার এসব প্রতিশ্রুতি আসলে লোকদেখানো ও ছেলে ভোলানো তৎপরতা। কারণ, পশ্চিম তীরে ইসরায়লের ক্রমবর্ধমান বেপরোয়া বসতি নির্মাণ কর্মসূচি যে আঞ্চলিক বিভক্তির সৃষ্টি করেছে, তা দুই রাষ্ট্রভিত্তিক সমাধানকে এখন কার্যত অসম্ভব করে তুলেছে বলে মনে হচ্ছে।

দুই রাষ্ট্রভিত্তিক সমাধানের বিষয় ইসরায়লের বিরোধিতা এবং নিজস্ব এক রাষ্ট্রভিত্তিক সমাধানের বিষয় ফিলিস্তিনিদের সমর্থন–উভয়ই দিন দিন বেড়েছে এবং ৭ অক্টোবরের হামলার পর সে অবস্থা আরও দৃঢ় হয়ছে। কিন্তু বাস্তব সত্য হলো, একটি দ্বিরাষ্ট্র সমাধানের স্বপ্নকে বঁাচিয় রাখতে হবে। কারণ, এটি আন্তর্জাতিকভাবে অপ্রতিরোধ্যভাবে পছন্দের নীতি হিসেবে এখনো টিকে আছে এবং ইসরায়লের নিজস্ব দীর্ঘমেয়াদি স্বার্থেই এটি দরকার।

বহু বছর ধরে অনেক বিশ্লেষক দাবি করে আসছেন, ইসরায়ল একই সঙ্গে একটি ইহুদি রাষ্ট্র, একটি গণতান্ত্রিক রাষ্ট্র এবং ঐতিহাসিক জুদেয়া ও সামারিয়া অঞ্চলের পুরোটা অধিকার করে রাখা একটি রাষ্ট্র হতে পারে। কিন্তু একই সঙ্গে এই তিনটি বৈশিষ্ট্য কোনো রাষ্ট্রের থাকতে পারে না (এটি আমার সাবেক বস অস্টে‹‹লিয়ার সাবেক প্রধানমন্ত্রী বব হ্যাওয়াকের মতো)। বরং ফিলিস্তিনের রাষ্ট্রের স্বীকৃতি ইসরায়েলের নিরাপত্তা ও সার্বভৌমত্বকে সুরক্ষিত করবে।

যদি বৈশ্বিক আলোচকদের মধ্যে ফিলিস্তিনের রাষ্ট্র গঠন ইস্যুতে দ্বিমত থাকে, তাহলে কোনো শান্তি আলোচনা সফল হবে না। এই মতপার্থক্য দূর করার একমাত্র উপায় হলো বিষয়টি বিশ্ববাসীকে সুস্পষ্টভাবে দেখানো যে শুধু আরব এবং বৈশ্বিক দক্ষিণের দেশগুলো ফিলিস্তিনের রাষ্ট্র গঠনের দাবির পক্ষে নয়, বরং যুক্তরাজ্য, অস্ট্রেলিয়া, যুক্তরাষ্ট্রসহ বৈশ্বিক উত্তরের ভিত্তি হিসেবে পরিচিত সব পশ্চিমা দেশ ফিলিস্তিনের আলাদা রাষ্ট্র গঠনকে সমর্থন করে।

● *গ্যারেত ইভান্স অস্ট্রেলিয়ার সাবেক পররাষ্ট্রমন্ত্রী ও ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের সাবেক প্রেসিডেন্ট*

● *তত্ব: প্রজেক্ট সিন্ডিকেট ইংরেজি থেকে সংক্ষিপ্তাকারে অনূদিত*

নামাজের সময়-সূচী

এপ্রিল	২২	২৩	২৪	২৫	২৬	২৭	২৮
ফজর	৪.৪৪	৪.৪২	৪.৪১	৪.৩৯	৪.৩৭	৪.৩৬	৪.৩৪
সূর্যোদয়	৬.০৬	৬.০৫	৬.০৩	৬.০২	৬.০১	৫.৫৯	৫.৫৮
জোহর	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৪	১২.৫৩	১২.৫৩
আসর	৫.৪৩	৫.৪৪	৫.৪৪	৫.৪৫	৫.৪৫	৫.৪৬	৫.৪৭
মাগরিব	৭.৪২	৭.৪৩	৭.৪৪	৭.৪৫	৭.৪৬	৭.৪৭	৭.৪৮
এশা	৯.০৪	৯.০৬	৯.০৭	৯.০৯	৯.১০	৯.১১	৯.১৩

বিশেষ ঘোষণা

নিউইয়র্ক থেকে প্রকাশিত বাংলা পত্রিকা সপ্তাহের প্রথম অর্থাৎ সোমবারের পত্রিকা। বিগত ২৭ বছর বাংলা পত্রিকা নিয়মিত প্রকাশের পর ২৮ বছরে পা রেখেছে। বাংলা পত্রিকা কর্তৃপক্ষ তার পাঠকদের প্রতি সপ্তাহেই নতুন নতুন খবর, প্রবন্ধ, নিবন্ধ, ফিচার প্রভৃতি উপহার দিতে প্রতিশ্রুতিবদ্ধ। তাই প্রকাশের ক্ষেত্রে যেকোন নতুন এবং মৌলিক লেখা সর্বাধিক গুরুত্বের দাবী রাখে। আমরা আমাদের লেখকদের-কে মৌলিক লেখা ইমেইলে (banglapatrikausa@gmail.com) পাঠানোর জন্য বিনীতভাবে অনুরোধ রাখছি। যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের বিভিন্ন জাতীয় দিবসের লেখা ১৫দিন আগে ইমেইলে পাঠানোর জন্যও অনুরোধ রইলো।

বাংলা পত্রিকা প্রিন্ট ভার্সনের পাশাপাশি এখন ওয়েব সাইডেও পাওয়া যায়। আর পূর্ণ বাংলা পত্রিকা'র পিডিএফ ভার্সন পেতে আগ্রহীদেরকে তাদের ইমেইল নম্বর পাঠাতে বিশেষভাবে অনুরোধ করা হচ্ছে।

- সম্পাদক।

Akash Medical Care

আকাশ মেডিক্যাল কেয়ার



Akash Ferdaus MD

Akash Medical Care

Internal & Geriatric Medicine

হার্টের ডাক্তার

Sudesh Srivastava MD

Cardiologist

পায়ের ডাক্তার

Dr. Nayeem Haque

Podiatic Surgeon

- Complete Physical & Follow up
- DMV/TLC, School Physical
- Flu Shots, Hajj & Umrah Vaccine
- Blood, Urine Test, EKG
- Immigration Physical
- Podiatric Surgery
- COVID Test & COVID Vaccine
- All Types of Vaccine

FOR APPOINTMENT

718-431-0009

Hours:
Mon-Sat 10 AM to 8 PM

79 Church Avenue, Brooklyn, NY 11218

আদালতের সামনে গায়ে আগুণ

(প্রথম পাতার পর)

দগ্ধ অবস্থায় তাকে হাসপাতালে নেওয়া হয় এবং সেখানেই তিনি মারা যান।

গায়ে আগুন দেওয়ার আগে ওই ব্যক্তি বাতাসে প্রচারপত্র ছুড়ে ছিলেন। একটি প্রচারপত্র রয়টার্স সাংবাদিকদের নজরে এসেছে। তাতে লেখা রয়েছে 'শয়তান ধনকুবের'। তবে তাতে কারো নাম উল্লেখ নেই। আদালতের সামনে একটি ব্যানার হাতে দেখা যায় তাকে। ব্যানালে লেখা,ট্রাম্প ও বাইডেন মিলে আমাদেরকে শোষণ করছেন।

পুলিশ জানায়, ওই ব্যক্তি ট্রাম্পকে হামলার কোনো চেষ্টা করেননি। সংবাদ সম্মেলনে পুলিশ বিভাগের ডেপুটি কমিশনার তারিক শেপার্ড বলেন, আমাদের ধারণা তিনি (আজারেলো) একজন ষড়যন্ত্র তাত্ত্বিক (কন্সপাইরেসি থিওরিস্ট)।

নিউইয়র্কের ম্যানহাটন আদালতে ট্রাম্পের বিচার শুরুর প্রথম দিনে বিক্ষোভকারী ও ট্রাম্প সমর্থকসহ উৎসুক জনতা ভিড় করেছিল। ট্রাম্পের বিরুদ্ধে ফৌজদারি এ মামলায় বিচারকাজের জন্য ১২ সদস্যের পূর্ণ জুরি বাছাইয়ের পরই এ হতবাক করা ঘটনা ঘটে। তবে এ ঘটনায় আদালতের নিরাপত্তা বিঘ্নিত হয়নি বলে জানায় জরুরি কর্মীরা। ঘটনার সময় ট্রাম্প আদালত ভবনে ছিলেন। পরে তিনি সেখান থেকে চলে যান। আজারেলো গত সপ্তাহে কোনো এক সময়ে তার ফ্লোরিডার বাড়ি থেকে নিউইয়র্কে এসেছিলেন। নিউইয়র্ক পুলিশের কাছে তার অতীত অপরাধের রেকর্ড নেই। ফ্লোরিডাতে তার পরিবার জানে না যে তিনি নিউইয়র্কে অবস্থান করছেন।

নিজরে সঙ্গে যৌন সম্পর্কের বিষয়ে মুখ না খুলতে ২০১৬ সালে প্রেসিডেন্ট নির্বাচনের সময় সাবেক পর্ন তারকা স্টর্মি ড্যানিয়েলসকে প্রায় এক লাখ ৩০ হাজার ডলার ঘুষ দিয়েছিলেন ট্রাম্পের তৎকালীন আইনজীবী মাইকেল কোহেন। ঘুষের এ মামলায় ট্রাম্প দোষী নাকি নির্দোষ- সেটিই আগামী কয়েক সপ্তাহে মূল্যায়ন করে দেখবে ১২ সদস্যের জুরি। আগামী সোমবারেই প্রাথমিক আইনি যুক্তিতর্ক শুনতে পারে আদালত। উল্লেখ্য, ট্রাম্পই প্রথম কোনও সাবেক প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি মামলায় বিচারের মুখোমুখি হয়েছেন। এবারের প্রেসিডেন্ট নির্বাচনের প্রচারের মধ্যেই এ মামলায় ট্রাম্পের বিচার চলবে।

ট্রাম্পের বিচারে ১২ সদস্যের জুরি গঠন

এদিকে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের ফৌজদারি মামলার বিচারকাজ পরিচালনায় ১২ সদস্যের পূর্ণ জুরি গঠন করা হয়েছে। গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার নিউইর্কের আদালতে এ জুরি গঠন করা হয়। সম্পর্ক গোপন রাখতে পর্নো তারকাকে দেওয়া ঘুষের মামলায় সাবেক এই প্রেসিডেন্ট দোষী নাকি নির্দোষ আগামী সপ্তাহগুলোতে এই জুরি তা ঠিক করবে। ট্রাম্পই হচ্ছেন প্রথম কোনো সাবেক প্রেসিডেন্ট, যিনি ফৌজদারি মামলায় বিচারের মুখোমুখি হচ্ছেন। বাদী ও রাষ্ট্রপক্ষের আইনজীবীরা এই জুরি সদস্যদের বাছাই করেছেন। জুরিদের মধ্যে সাতজন পুরুষ ও পাঁচজন নারী। অবশ্য এখনো বিকল্প জুরি সদস্য বাছাইয়ের কাজ বাকি রয়েছে। এর আগে গত সোমবার জুরি বাছাইয়ের কাজ শুরু হয়। মামলাটি তদারকিতে আছেন বিচারপতি জুয়ান মার্চান।

জানা গেছে, সোমবার (২২ এপ্রিল) প্রাথমিক আইনি যুক্তিতর্ক ওপেনিং স্টেটমেন্ট উপস্থাপন শুরু হবে।' এর আগে দুজন জুরি সরে দাঁড়ানোর কথা জানান। কেউ কেউ মনে করেছিলেন, জুরি বাছাইয়ে কয়েক সপ্তাহ সময় লেগে যেতে পারে। কিন্তু ট্রাম্পের আইনজীবী দল সেভাবে চ্যালেঞ্জ জানাতে না পারায় দ্রুতই কাজটি সম্পন্ন হয়েছে। নিউইয়র্কের ম্যানহাটন ডেমোক্র্যাট অধ্যুষিত। রিপাবলিকান ট্রাম্পের বিচারের ক্ষেত্রে নিরপেক্ষ থাকা নিয়ে সংশয় প্রকাশ করলে ১৯৬ জন জুরি সদস্যের প্রায় অর্ধেকই বাদ পড়ে যান। ভয়ভীতির কারণেও কয়েকজন জুরি সরে দাঁড়ান। যৌন সম্পর্কের বিষয়ে চুপ থাকার বিনিময়ে পর্নো তারকা স্টর্মি ড্যানিয়েলসকে ১ লাখ ৩০ হাজার ডলার দেওয়ার অভিযোগ উঠে ট্রাম্পের বিরুদ্ধে। সরকারি কৌঁসুলিরা বলছেন, ২০১৬ সালের নির্বাচনকে প্রভাবিত করতে এই বেআইনি কাজ করা হয়েছিল। দোষী সাব্যস্ত হলে ৭৭ বছর বয়সী ট্রাম্পের সর্বোচ্চ চার বছরের কারাদ- হতে পারে। তবে জরিমানা দিয়ে তিনি কারাবাস থেকে রেহাই পেতে পারবেন। অবশ্য মামলায় আনা অভিযোগ অস্বীকার করে আসছেন ট্রাম্প। এই মামলাকে 'রাজনৈতিক' বলে মন্তব্য করে আসছেন তিনি।

এদিকে বৃহস্পতিবার সন্ধ্যায় আদালতকক্ষ ত্যাগ করার সময় ম্যানহাটনের এই আদালতে আনা অভিযোগের সমালোচনা করে আনীত অভিযোগকে 'রাজনৈতিক' মন্তব্য করে সাবেক এই প্রেসিডেন্ট বলেন, 'এটি খুবই অন্যায্য, খুবই বাজে বিষয়।

ট্রাম্প পুনর্নির্বাচিত হলে কীসে

(প্রথম পাতার পর)

খুললেন মেলানিয়া ট্রাম্প। আসছে নভেম্বরে যদি নির্বাচিত হয়ে পুনরায় ওভাল অফিসে যেতে পারেন, তাহলে তার অগ্রাধিকারের বিষয় কী হবে- সেটাও জানিয়েছেন সাবেক ফার্স্ট লেডি ট্রাম্প রিপাবলিকান শিবির থেকে সম্ভাব্য মনোনীত প্রার্থী হিসেবে হোয়াইট হাউসে প্রবেশের লড়াইয়ে অংশ গ্রহণের ঘোষণা দেওয়ার পর এই প্রথম আনুষ্ঠানিকভাবে কথা বললেন মেলানিয়া। সাবেক ফার্স্ট লেডি মেলানিয়া ট্রাম্প শুক্রবার ফক্স নিউজ ডিজিটালকে দেওয়া এক সাক্ষাৎকারে এসব কথা বলেন। এ সময় মেলানিয়া দেশবাসীকে ঐক্যবদ্ধ হওয়ার এবং তার স্বামীর হোয়াইট হাউসে যাওয়ার পথ তৈরি করার আহ্বান জানিয়েছেন।

৫৩ বছর বয়সি সাবেক এ মডেল বলেন, আমেরিকানদের নিরাপত্তা ও কল্যাণ তার সর্বোচ্চ অগ্রাধিকার হবে। আমাদের শিশুরা আমাদের ভবিষ্যতের নেতা, আগামী দিনের উদ্ভাবক, বলেন মেলানিয়া ট্রাম্প। তিনি আউটলেটটিকে বলেন, এমন একটি সমাজ প্রতিষ্ঠার জন্য আমাদের প্রচেষ্টায় ঐক্যবদ্ধ হতে হবে যেখানে সমতা প্রতিটি আমেরিকানের দৈনন্দিন অভিজ্ঞতা হবে। 'একইসঙ্গে আমাদের অবশ্যই স্বাধীনতার বীজকে লালন ও রক্ষা করতে হবে,' যোগ করেন তিনি।

মেলানিয়া ডোনাল্ড ট্রাম্পের তৃতীয় স্ত্রী। ২০০৬ সালে তারা বিয়ে করেন। বলেন, সফলতা তখনই আসে যখন আমেরিকা একটি মহৎ জায়গায় পৌঁছে, যেখানে প্রত্যেকে তাদের বিশ্বাস অনুশীলন করতে পারে, নতুন ধারণা ভাগ করে নিতে পারে এবং ব্যক্তি স্বাধীনতা ভোগ করতে পারে, আর তখনই আমরা হব সেরা।

প্রসঙ্গত, মেলানিয়া এমন সময় এ মন্তব্যগুলো করেছেন, যার একদিন পর মার-এ-লাগোতে স্বামীর পক্ষে একটি রাজনৈতিক ইভেন্টে তার বক্তৃতা করার কথা। যেখানে এলজিবিটিকিউ (ট্রান্স জেন্ডার) প্রতিনিধিত্বকারী ব্যক্তিরা অংশগ্রহণ করবেন।





Sarwor Khan
LIC. Real Estate Saleperson
Cell: 347-665-7580

EXIT REALTY PRIME

This is the best time to Buy or Sell your home

বাড়ী কিনার এখনই উপযুক্ত সময়
সুলভে বাড়ী কিনতে
আমাদের সাথে যোগাযোগ করুন

- Residential
- Commercial
- Co-op Condo
- HUD
- Pre-Forclosure
- Rental & Short Sale

- রেসিডেনসিয়াল
- কমার্শিয়াল
- কো-অপ কনডো
- HUD-বাড়ি
- প্রি-ফরক্লোজার
- ভাড়া ও শর্ট সেল



189-10 Hillside Ave, Jamaica NY 11423
Tel: 718-262-0205 Cell: 347-665-7580
Email: sarworexitrealty@gmail.com, Web:Exitprimeny.com

নিউইয়র্ক ও লংআইল্যান্ডে স্টেটের অনুদানে বাসায় অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগাতে চান?

সম্মানিত বাড়ির মালিকগণ আমরা নিউইয়র্ক স্টেটের বিশেষ অনুদানে (৭০% পর্যন্ত) আপনার বাড়িতে অত্যাধুনিক হিটিং ও এয়ারকন্ডিশন লাগিয়ে দিতে চাই

লংআইল্যান্ডের ব্যবসার মালিকগণ এ সুযোগ গ্রহণ করতে পারেন

১০ হাজার ডলারের রিভেট





নতুন বছর উপলক্ষ্যে ৫০% সেল



তোফায়েল চৌধুরী

স্টেটের অর্থায়নে হিটিং ও এয়ারকান্ডিশন সিস্টেম সম্পর্কে জানতে আজই যোগাযোগ করুন

এই অত্যাধুনিক সিস্টেম-এ আপনার হিটিং বিল প্রায় ৫০% কমাতে সাহায্য করবে

আমাদের কল করুন
914-222-9477 or 914-989-0089
Gree Mechanical Yonkers
1900 Central Park Ave, Yonkers, NY 10710
GREE MECHANICAL YONKERS

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW

ACCIDENT / IMMIGRATION / DIVORCE

ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ। ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স

বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস

সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ

ইমিগ্রেশন সার্ভিসে ১২ বছরের অভিজ্ঞ নিউইয়র্ক স্টেট লাইসেন্সড ল'ইয়ার

MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK

347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেণী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় নূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে বসবাস করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

মাত্রাত্র ১ মিলিয়ন বা নূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বিদেশের এদেশে আপনার বিনিয়োগের অর্থ অনায়াসে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

চাইলে কোন কোম্পানীর মালিক/পরিচালক হয়ে আপনি ও আপনার পরিবার ৭ বছরের সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

- আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিস্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
- আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
- আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282, Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, e-mail: azizbbn@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001



কেন শিল্পী সমিতির

(শেষের পাতার পর)

(২০২৪-২০২৬) নির্বাচন। পরদিন ভোর নাগাদ ঘোষনা করা হয়েছে ফলাফল। নতুন মেয়াদে সভাপতি নির্বাচিত হয়েছেন জনপ্রিয় অভিনেতা এবং বিগত দুই মেয়াদের সভাপতি মিশা সওদাগর। সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন অভিনেতা মনোয়ার হোসেন ডিপজল।

মাত্র ১৬ ভোটের ব্যবধানে হেরে গেছেন দুই বছর আগে নানা কাঠখড় পুড়িয়ে সাধারণ সম্পাদক পদে আসীন হওয়ান অভিনেত্রী নিপুন আক্তার। ওই সময় তিনি তার প্রতিদ্বন্দী জায়েদ খানের সঙ্গে ভোটে হেরে গেলেও নানা অনিয়মের অভিযোগ তুলে আদালত অবধি যান। সেখানে তার পক্ষে রায়ও আসে। এ কারণেই তিনি টানা দুই বছর সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন। তবে এবারের ভোটের আগে দৃশপট পাল্টে যায়। নিপুরের হাত ছেড়ে দেন ওই সময় সভাপতি পদে তার সঙ্গে যুক্ত হওয়া অভিনেতা ইলিয়াস কাঞ্চন। অনেকটা বাধ্য হয়ে সভাপতি প্রার্থী হিসেবে নিপুনের সঙ্গী হোন অভিনেতা মাহমুদ কলি।

তবে নির্বাচনের আগে সদস্য পদ বাতিল হয়ে যায় শেষ নির্বাচনে নিপুনের প্রতিদ্বন্দী আলোচিত অভিনেতা জায়েদ খানের। হারান ভোটাধিকার। তাই প্রার্থী হওয়া তো দূরের কথা, ভোটও দিতে পারেননি জায়েদ। তবে ভোট দিতে না পারলেও যারা নির্বাচিত হয়েছেন তারা সবাই তার কাছের মানুষ। টানা দুই মেয়াদে যখন জায়েদ খান সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেন তখন সভাপতি হিসেবে দায়িত্ব পালন করেছেন মিশা সওদাগর। সেই প্যানেল থেকে একাধিকবার নির্বাচন করেছেন সদ্য নির্বাচিত সাধারণ সম্পাদক ডিপজলও।

এমনকি নির্বাচিত অন্যান্য সদস্য জায়েদ খানের কাছের মানুষ হিসেবেই সবাই চেনেন। কিন্তু সদ্য শেষ হওয়া নির্বাচন ও নির্বাচিত কমিটি নিয়ে মুখে কুলুপ এটেছেন জায়েদ খান? কারণ কী? কালের কণ্ঠের পক্ষ থেকে যোগাযোগ করা হয়েছিল এই অভিনেতার সঙ্গে। তিনি বলেন, 'আমি এটা নিয়ে কোনো কথা বলতে চাইনা। যা বলার সময় মতো বলব। পরে আনুষ্ঠানিকভাবে কথা বলতে চাই।' তিনি দাবি করেন শিল্পী সমিতি তার রক্তে মিশে আছে। সারাজীবনই থাকবে। একারণেই নতুন কমিটি শপথ গ্রহণের পরেই কথা বলতে চান তিনি। এসময় তিনি বলেন, 'নতুন যারা এসেছেন তারা শপথ গ্রহণ করুক। কার্যালয়ে বসুক। তারপর এসব নিয়ে কথা বলব। আপাতত কিছু বলার নেই আমার।'

এক স্লিপ

(শেষের পাতার পর)

যাচ্ছেন। কোন কোন অনুষ্ঠানে এমন অবস্থা দাঁড়ায় যে কে সাংবাদিক আর কে সাংবাদিক না তা আয়োজকরা ঠাঁহর করতে পারেন না। জনশ্রুতি রয়েছে এখন কমিউনিটিতে এতো সাংবাদিক যে তাদের আসন আর অ্যাপায়নের ব্যবস্থার ভয়েই নাকি অনেক অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয় না। ফলে এখন কমিউটির পেশাদার সাংবাদিকরা দায়িত্ব পালনে নানাভাবে প্রতিবন্ধকতার শিকার হচ্ছেন। আর এসব বিষয়ে কেউ কোন কথা বলছেন না- কারণ তারা সাংবাদিক, কারো কারো ভাষায় 'সাংঘাতিক'। কখন কি লিখে ফেলে, প্রচার করে- এমন নানা ভয়!। বিষয়গুলো নিয়ে কি সংশ্লিস্টরা ভাবেবেন?

নিউইয়র্ক
২১ এপ্রিল ২০২৪

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11209
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়
আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী
বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই
এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়
PARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
PARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.
নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে
আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।
❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং
PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকায় অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে একজন ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীর লেখা ধারাবাহিকভাবে প্রকাশ করছি। এই কলামটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী নিউইয়র্ক ল'স্কুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ওয়াশিংটন কলেজ অব ল' থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল,এল,এম, করেছেন। তিনি নিউইয়র্ক স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইয়ার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্য রইলো আমাদের শুভেচ্ছা ও ধন্যবাদ। আশা করি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য, আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এ বিভাগ আপনাদেরই জন্য। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনারা এতটুকু উপকৃত হলে আমরা আনন্দিত হবো। প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহে আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌঁছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

কুইন্স থেকে আব্দুল কাদেরের প্রশ্নঃ

আমি আপনার এই বিভাগের একজন নিয়মিত পাঠক। আজ আমি আমার ব্যক্তিগত একটি প্রয়োজনে আপনার কাছে পরামর্শের জন্যে এই চিঠিটি লিখছি। যদিও এই ভিবাগে আমার প্রশ্নের মতো প্রশ্ন ও তার উত্তর দেখেছি এর আগে।

আমার আজকের জানার বিষয় হচ্ছে ইউএস সিটিজেনের সাথে বিয়ে হলে এবং শেষ পর্যন্ত সেই বিয়ে না ঠিকলে মানে ডিভোর্স হলে তখন গ্রিনকার্ডের অবস্থা কেমন হয়? গ্রিনকার্ড বাতিল হয়ে যায় নাকি ঠিকই থাকে।

আব্দুল কাদেরের প্রশ্নের উত্তরঃ

ঐ ধরনের অনেক কেসের ক্ষেত্রে পার্মানেন্ট রেসিডেন্টদের গ্রিনকার্ড পেতে অনেক নতুন চ্যালেঞ্জের সম্মুখীন হতে হয়। কেউ কেউ আইনসম্মত রেসিডেন্ট হিসেবে অনেক দিন পর গ্রিনকার্ড পেয়ে থাকেন। তবে বিয়ের স্ট্যাটাস সরাসরি ইমিগ্রেশন স্ট্যাটাসকে ক্ষতিগ্রস্থ করতে পারে না। আবার কেউ যদি কোন ইউএস সিটিজেন বা পার্মানেন্ট রেসিডেন্টকে বিয়ে করে গ্রিনকার্ড য়ে থাকেন তবে সেক্ষেত্রে ডিভোর্স সমস্যঅর সৃষ্টি করতে পারে। এই সব কেসের ব্যাপারে ইউএসসিআইএস বিয়ের বিশ্বাসযোগ্যতা মূল্যায়নের সুযোগ হিসেবে কাজে লাগায়। ইমিগ্রেশন থেকে চায় যে ঐ ২ বছরের বিয়েটা বিশ্বাসযোগ্য অবস্থা পেয়েছে- এই শর্তসাপেক্ষে নির্ধারিত সময়ের শেষে দম্পতির তাদের বিয়ের বিশ্বাসযোগ্যতার প্রমাণসহ অবশ্যই যৌথভাবে আবেদন করবেন। এবং ফরম আই-৭৫১ প্রমাণসহ পুলুণ করে শর্ত প্রত্যাহারের পিটিশন দাখিল করবেন। ফরম আই-৫৭১ হচ্ছে যৌথ পিটিশন এবং এতে স্বামী-স্ত্রী উভয়কে স্বাক্ষর করতে হবে।

শর্ত সাপেক্ষ গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স হলে কী হবে?

কোন ইউএস সিটিজেন বা কোন পার্মানেন্ট রেসিডেন্টকে বিয়ের শর্ত সাপেক্ষে গ্রিনকার্ড পাবার পর ডিভোর্স দিলে সেক্ষেত্রে সমস্যার সৃষ্টি হতে পারে। বিয়ের মাধ্যমে গ্রিনকার্ড পাওয়ার ক্ষেত্রে ২ বছর শর্ত সাপেক্ষ সময়ের মধ্যে



ডিভোর্স হয়ে গেলে তবে শর্ত মওকুফের জন্য যৌথ আবেদন জরুরী। তবে এক্ষেত্রে ইউএসসিসআইএস কেসটিকে অতিরিক্ত সতর্কতা নিয়ে যাচাই করে। তারা নিশ্চিত হতে চায় যে এই বিয়ে প্রকৃত বিয়ে কিনা? তারা একে অপরের প্রতি কমিটেড থাকা সত্বেও বিচ্ছিন্ন হয়েছে এইটা প্রমানের দায়িত্ব বর্তায় যিনি শর্তসাপেক্ষ গ্রিনকার্ড পেয়েছেন তার উপর।

এক্ষেত্রে আবেদনকারীকে আবেদনের সঙ্গে ডিভোর্সের রায়, কেন ডিভোর্স হয়েছে তার স্বপক্ষে বিশ্বাসযোগ্য ও যুক্তি দেখাতে হবে। ইমিগ্রেশন প্রমাণ করতে হবে যে, বিয়েটা প্রকৃত বিয়ে ছিলো। গ্রিনকার্ড পাওয়ার জন্য এই বিয়ে ছিলো না। এক্ষেত্রে যতবেশি যুক্তি উপস্থাপন করা সম্ভব তা সংযুক্ত করতে হবে। এক্ষেত্রে আবেদনের সঙ্গে যথাযথ এবং যুক্তিসঙ্গত এবং বিশ্বাসযোগ্য প্রমাণ উপস্থাপন করতে হবে।

কুইন্স থেকে কামরুল হায়দারের প্রশ্নেঃ

প্রায় সপ্তাহে এই বিভাগের ভিসা বুলেটিন প্রকাশিত হয়। আর অধিকাংশ সময়ে ভিসা বুলেটিনে পূর্বের মাসের মতই একই অগ্রাধিকার থাকে। তাছাড়া ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইটে দেখা যায় পরিবার ভিত্তিক ক্যাটাগরির দুটি ভিন্ন চার্ট। আর দুইটিরই দুটি পৃথক অগ্রাধিকার তারিখ। এ ব্যাপারে অনেকটা বিভ্রান্ত। আর আমি বুঝতে পরি না যে কোনটি অনুসরণ করতে হবে। এই দ্বৈত চার্ট ব্যবস্থা সম্পর্কে পরামর্শ কামনা করছি।

কামরুল হায়দারের প্রশ্নের উত্তরঃ

ভিসা বুলেটিন দ্বৈত চার্ট ব্যবহারঃ

গত কয়েক বছর ধরে ইউএস স্টেট ডিপার্টমেন্ট পরিবার ভিত্তিক (এফবি) এবং চাকরি ভিত্তিক (ইবি) ক্যাটাগরিতে চাঠ এফ'র তারিখরৈ পৃথক ২টি চার্ট প্রকাশ করে যাচ্ছে। একটি চার্ট ফাইনাল এ্যাকশন হিসেবে ব্যবহৃত হচ্ছে (সাধারণত প্রথম চার্টকে চার্ট এ বলা হয়)

এই ক্যাটাগরিতে একজন আবেদকারীর গ্রিনকার্ড অথবা ভিসা প্রকৃতপক্ষে কখন অনুমোদন লাভ করতে পারে তার ইঙ্গিত পাওয়া যায়। আর দ্বিতীয় চার্টটি হয় ন্যাশনাল ভিসা সেন্টারের সাক্ষাতকারের জন্য চূড়ান্তভাবে কাগজপত্র ফাইনাল করার লক্ষ্যে (এই চার্টটিকে সাধারণত চার্ট বি বলা হয়)।

প্রকৃতপক্ষে এটাই আসল তারিখ ইমিগ্র্যান্ট ভিসা আবেদনকারীদের ন্যাশনাল ভিসা সেন্টার বা কনস্যুলারে ভিসা প্রক্রিয়ার জন্য সকল কাগজপত্র জমা দিতে বলা হয়। সুতরাং ফাইনাল এ্যাকশন চার্টে দেয়াট অগ্রাধিকার হচ্ছে আসাল তারিখ ইমিগ্র্যান্ট ভিসা বা গ্রিনকার্ড অনুমোদন করার।

চার্ট বি ভিসা আবেদন ফাইল ফাইনাল করার ইঙ্গিত দেয়। ভ্রান্তি দূর করার জন্যে সাধারণতঃ এ্যাকশন ডেটস ফর ফ্যামিলি স্পন্সরড অগ্রাধিকার কেসগুলো প্রকশ হয়ে থাকে।

ইউএস স্টেট ডিপার্টমেন্টের ওয়েব সাইটে প্রতি মাসে ফ্যামিলি ভিত্তিক এবং চাকরি ভিত্তিক অগ্রাধিকরের উভয় চার্টই প্রকাশ হয়ে থাকে। বিস্তারিত জানতে তাদের ওয়েব সাইট ভিজিট করতে পারেন।

এ বিষয়ে আপনাদের জানতে চাওয়ার প্রেক্ষিতে পূর্বেও এ ব্যাপারে লেখা হয়েছে।

এপ্রিল ২০২৪ ভিসা বুলেটিনঃ

ইউএস স্টেট ডিপার্টমেন্ট অব স্টেট (ডিওএস) এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিন প্রকাশ করেছে। নিম্নে এপ্রিল ২০২৪ এর পারিবারিক ভিত্তিতে ফেব্রুয়ারী মাসের ভিসা বুলেটিনের প্রাপ্যতা দেয়া হলো। উল্লেখ্য যে, ফাইনাল অ্যাকশন ডেট বলতে সেই ডেটকে বুঝায় যখন ইউএসসিআইএস জমা দেয়া আবেদন সম্পর্কে তাদের চূড়ান্ত সিদ্ধান্ত দেবে। প্রায়োরিটি ডেট হবে এই ডেটের পূর্বে। এপ্রিল ২০২৪'র ভিসা বুলেটিনের সার্বিক পর্যালোচনা করে দেখা যায় ফ্যামিলি ভিত্তিক ভিসা বুলেটিনে অগ্রগতি খুব একটা দেখা যায় না।

ফ্যামিলি স্পন্সরড প্রেফারেন্সেস

প্রথম (এফ-১)ঃ আমেরিকান নাগরিকদের অবিবাহিত পুত্র-কন্যাঃ ৮ ফেব্রুয়ারী, ২০১৫।

দ্বিতীয়ঃ পারমানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী, সন্তান এবং অবিবাহিত ছেলে ও মেয়েরাঃ

এ. (এফ২এ)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের স্বামী/স্ত্রী এবং ২১ নিম্ন বয়সের ছেলে ও মেয়েরাঃ সেপ্টেম্বর ৮, ২০২০।

বি. (এফ ২বি)ঃ পার্মানেন্ট রেসিডেন্টদের অবিবাহিত ছেলে ও মেয়েরা (২১ বছর বা তদুর্ধবয়সী ছেলে ও মেয়েরাঃ নভেম্বর ২২, ২০১৫।

তৃতীয়ঃ (এফ-৩)ঃ আমেরিকান নাগরিকদের বিবাহিত পুত্র-কন্যাঃ ০১ অক্টোবর ২০০৯।

চতুর্থঃ (এফ-৪) ঃ প্রাপ্তবয়স্ক আমেরিকান নাগরিকদের ভাই-বোনঃ ০৮ জুন, ২০০৭।

এ বিষয়ে এবং চাকরি ভিত্তিক ভিসার প্রাপ্যতা জানতে চাইলে ইউএস ডিপার্টমেন্ট অব স্টেটের ওয়েব সাইট ভিজিট করুন।

নোটঃ আরও জানতে ভিজিট করুন ইউএস দূবাসাত বা কন্স্যুলেট অফিস।

ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদ: হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।

অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

কুকি-চিন সন্ত্রাস ও অন্য প্রসঙ্গ

॥ মেজর (অব.) আখতার ॥

বম পার্টি নামে পরিচিত নতুন একটি সশস্ত্র গোষ্ঠী কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট (কেএনএফ)-এর জঙ্গি সদস্যরা ২ এপ্রিল ২০২৪ রাত ৯টায় সোনালী ব্যাংক রুমা শাখায় সশস্ত্র হামলা চালিয়ে টাকা ও ১৪টি অস্ত্র লুট করে এবং ব্যাংকের ম্যানেজার নিজাম উদ্দিনকেও ধরে নিয়ে গিয়েছিল। ৪ এপ্রিল আবার বেলা ১টার দিকে বান্দরবানের থানচি উপজেলা সদরে সোনালী ব্যাংক ও বাংলাদেশ কৃষি ব্যাংকের দুটি শাখায় ডাকাতি করে সাড়ে ১৭ লাখ টাকা অস্ত্রধারী ব্যক্তিরা নিয়ে যায়। কেএনএফ পার্বত্য চট্টগ্রামে অবস্থিত বাংলাদেশের একটি নিষিদ্ধ জাতিগত বিচ্ছিন্নতাবাদী রাজনৈতিক সংগঠন। ২০১৭ সালে নাথান বম কেএনএফ রাঙামাটি এবং বান্দরবান জেলার ৯টি উপজেলা নিয়ে বম জনগণের জন্য একটি পৃথক রাষ্ট্র প্রতিষ্ঠার সংকল্প ঘোষণা করে। বাংলাদেশের আইন প্রয়োগকারী সংস্থার মতে, কুকি-চিন ন্যাশনাল ফ্রন্ট মিয়ানমারের কাচিন রাজ্য থেকে অস্ত্র পায় এবং কারেন বিদ্রোহীর সঙ্গেও তাদের সম্পর্ক রয়েছে। কেএনএফের সশস্ত্র শাখার নাম কুকি-চিন ন্যাশনাল আর্মি (কেএনএ)। কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের প্রতিষ্ঠাতা সভাপতি হলেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের চারুকলার স্নাতক নাথান বম। তিনি আগে পার্বত্য চট্টগ্রাম জনসংহতি সমিতির ছাত্র সংগঠন পাহাড়ি ছাত্র পরিষদের সঙ্গে জড়িত ছিলেন এবং ২০০৮ সালে কুকি-চিন জাতীয় উন্নয়ন সংস্থা প্রতিষ্ঠা করেন এবং কুকি-চিন জাতীয় স্বেচ্ছাসেবক হিসেবে নামকরণ করেন। পরবর্তীতে কুকি-চিন জাতীয় স্বেচ্ছাসেবকরা কুকি-চিন জাতীয় ফ্রন্টে পরিণত হয়। কুকি-চিন ন্যাশনাল ফ্রন্টের চিফ অব স্টাফ ভানচুন লিয়ান মাস্টার সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একজন সহকারী শিক্ষক।

কেএনএফের এ ব্যাংক ডাকাতি স্বাভাবিক ডাকাতি নয়। এর পেছনে সুদূরপ্রসারী রাজনৈতিক প্রতিক্রিয়া রয়েছে। বাংলাদেশ এবং ভারতের মিজোরাম ও নাগাল্যান্ডের দীর্ঘ সীমান্ত রয়েছে মিয়ানমারের চিন রাজ্য বা অঞ্চলে যেখানে দীর্ঘদিন ধরে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চলছে। চিন পশ্চিম মিয়ানমারের একটি রাজ্য। চিন রাজ্যের পুবে সাগাইং ও ম্যাগওয়ে বিভাগ। দক্ষিণে রাখাইন রাজ্য, দক্ষিণ-পশ্চিমে বাংলাদেশ, পশ্চিম এবং উত্তরে যথাক্রমে ভারতের মিজোরাম ও মণিপুর রাজ্য অবস্থিত। পর্বত আচ্ছাদিত হওয়ার কারণে রাজ্যটির যোগাযোগব্যবস্থা খুবই অনুন্নত। চিন মিয়ানমারের সবচেয়ে দরিদ্র রাজ্যগুলোর মধ্যে অন্যতম। চিনে দরিদ্রতার হার ৭৩%। চিনে প্রায় ৫৩ ভাষাভাষী উপজাতি রয়েছে। ১২০০ সালের দিকে চিন জাতিগোষ্ঠীর লোকজন বর্তমানে চীন থেকে চিন পর্বতে বসবাস শুরু করে। তখন থেকেই চিন বিভিন্ন স্থানীয় উপজাতি প্রধানদের দ্বারা শাসিত হয়ে আসছিল। কিছু ঐতিহাসিক ওই এলাকাকে পূর্ব বাংলার অংশ হিসেবে মনে করেছিলেন এবং তারা এও মনে করতেন যে, পুরো চিন পর্বত পেগান সাম্রাজ্যের অধীনস্থ ছিল। কথিত আছে, এ স্থানটি বুদ্ধ নিজেই তাঁর জীবদ্দশায় পরিদর্শন করেছিলেন এবং সেখানেই তিনি ঘোষণা করেছিলেন যে, তাঁর মৃত্যুর ৬৫১ বছর পর এই স্থানেই একটি মহান রাজ্যের উদ্ভব হবে। বিভিন্ন মতামত অনুযায়ী- চিন পর্বতে দশম শতাব্দী থেকে মানববসতির প্রমাণ পাওয়া যায়। লোককাহিনি অনুযায়ী ব্রিটিশদের আগমনের আগে এ অঞ্চলে কোনো সামরিক অভিযান ঘটেনি। ১২৮৭ সালে পেগান রাজ্যের পতন করে শানরা প্রথম উত্তর-পূর্ব বার্মা থেকে কাকউ উপত্যকা জয় করতে এসেছিল। তারপর থেকে ক্ষুদ্র রাজ্যটি তুলনামূলকভাবে বড় শান মোহনিয়েন সাম্রাজ্যকে কর প্রদান করত, যা ১৩৭০ সালের দিকে বার্মিজ আভা সাম্রাজ্যের করদ রাজ্য হিসেবে অন্তর্গত হয়েছিল। চিনরা ঐতিহ্যগতভাবে স্বায়ত্তশাসিত ছিল এবং বার্মা বা বর্তমান মিয়ানমার থেকে অনেক দূরে ছিল।

১৮৮৫ সালে তৃতীয় অ্যাংলো-বার্মিজ যুদ্ধের পর ব্রিটিশরা চিন পর্বত অধিকার করে। ১৮৯৬ সালে মাই খাম থুয়ানটককে গ্রেফতারের পর চিনরা পর্বতে ব্রিটিশদের বিরুদ্ধে প্রতিরোধ শুরু করে। চিন পর্বত পরবর্তীতে আরাকান বিভাগের অন্তর্ভুক্ত হয়। ১৮৯০ সালের দিকে আমেরিকার খ্রিস্টান ধর্ম প্রচারকারীরা প্রথম এখানে আসতে শুরু করে এবং নানা উপঢৌকন ও প্রলোভনের মাধ্যমে উপজাতীয় লোকজনকে খ্রিস্টান ধর্মে দীক্ষিত করে। বিংশ শতাব্দীর মধ্যেই চিনরা খ্রিস্টান ধর্মে দীক্ষিত হয়। ১৯৪৩ সালের দিকে জাপানের সেনাবাহিনী এ অঞ্চলে প্রবেশ করে। দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর একটি ভবিষ্যৎ স্বাধীন বার্মা ইউনিয়নের রূপরেখা প্রণয়ন করতে চিনরা বোমমোয়াহো থুয়াহটকের নেতৃত্বে বার্মিজ, শান, কাচিনদের সঙ্গে পেংলং সম্মেলনে অংশগ্রহণ করে। চিনা নেতারা শান ও কাচিন নেতাদের মতো পূর্ণ রাজ্যের দাবি (বিচ্ছিন্নতার) তোলেনি। শুধু একটি বিভাগের দাবি করেছিল। ১৯৪৮ সালে বার্মার স্বাধীনতার পর চিন বিভাগ সৃষ্টি করা হয়। ১৯৭৪ সালের ৪ জানুয়ারি চিন রাজ্য সৃষ্টি করা হয়। বর্তমানে রাজ্যটিতে জুমি ও লাইমির জাতিগোষ্ঠীর মধ্যে ব্যাপক দ্বন্দ্ব চলছে। চিন পর্বত বহুল এলাকা হওয়ায় এর জনসংখ্যা খুবই কম। ৫ লাখের মতো। চিনের মোট উপভাষার ৮৫% তিব্বত বার্মা ভাষা পরিবারের সদস্য। ১৯৯০ সালের শুরুতে মিয়ানমারের বিশালসংখ্যক সেনাবাহিনী এ অঞ্চলটিতে প্রবেশ করে। ধারণা করা হয়, এরপর ১ লাখ লোক প্রতিবেশী দেশগুলোতে আশ্রয় নিয়েছে। চিনের বেশির ভাগ লোকই খ্রিস্টান, তবে স্বল্প পরিমাণ বৌদ্ধ ধর্মের লোক রয়েছে। ধর্ম ও কৃষ্টি যাই হোক না কেন বাংলাদেশের সঙ্গে চিন রাজ্যের একটি আত্মিক সম্পর্ক রয়েছে। চিন ইয়াঙ্গুন থেকে ৩৯৫ মাইল বা ৬৩৬ কিলোমিটার দূরে অবস্থিত। কুকি-চিন জনগণ, মিয়ানমার, ভারত এবং বাংলাদেশের কিছু অংশে বসবাসকারী একটি জাতিগত গোষ্ঠী। ঐতিহাসিকভাবে কুকি-চিন জনগণ রাজনৈতিক প্রান্তিকতা, জাতিগত সংঘাত এবং আর্থ-সামাজিক বৈষম্যসহ বিভিন্ন চ্যালেঞ্জের সম্মুখীন হয়েছে। মিয়ানমারে কুকি-চিন যে সংকটের সম্মুখীন হয়েছে তা বহুমুখী, যার মূল কারণ কয়েক দশকের জাতিগত উত্তেজনা, সশস্ত্র সংঘাত এবং সরকারি নীতি যা প্রান্তিক সংখ্যালঘু গোষ্ঠীগুলো থেকে উদ্ভূত। অন্যদিকে রাখাইন বা আরাকান রাজ্য বাংলাদেশের অতি নিকটে। রাখাইন রাজ্য সাবেক আরাকান অঞ্চল, যা বর্তমানে মিয়ানমারের দূরবর্তী পশ্চিম উপকূলে অবস্থিত একটি প্রদেশ। এর উত্তরে চিন রাজ্য, পুবে ম্যাগওয়ে, ব্যাগো এবং আয়েইয়ার-ওয়াদি অঞ্চল, পশ্চিমে বঙ্গোপসাগর এবং উত্তর-পশ্চিমে বাংলাদেশের চট্টগ্রাম বিভাগ। আরাকান পর্বত, যার সর্বোচ্চ চূড়া ভিক্টোরিয়া শৃঙ্গের উচ্চতা ৩ হাজার ৬৩ মিটার (১০ হাজার ৪৯ ফুট), যা রাখাইন প্রদেশকে মূল বার্মা থেকে পৃথক করে রেখেছে। রাখাইন রাজ্যে চেদুবা এবং মাইঙ্গান দ্বীপের মতো বড় কিছু দ্বীপ আছে। রাখাইন রাজ্যের আয়তন ৩৬ হাজার ৭৬২ বর্গকিলোমিটার, রাজধানীর নাম সিতওয়ে, সাবেক নাম আকিয়াব। আকিয়াব যেহেতু আরব নাবিকদের তাই মিয়ানমার সরকার তা পরিবর্তন করে ফেলে। ধারণা করা হয় রাখাইন শব্দটি এসেছে পালিশব্দ 'রাক্ষপুরা' বা সংস্কৃতিতে রাক্ষসপুরা থেকে, যার অর্থ রাক্ষসদের দেশ। খুব সম্ভবত এ অঞ্চলে বাস করা নেগ্রিটো অধিবাসীদের জন্য এ নাম দেওয়া হয়। রাখাইন রাজ্য নিজেদের ঐতিহ্য এবং নৈতিকতা ধরে রাখতে এ নামটিই বহাল রেখেছে। তাদের ভাষায় রাখাইন শব্দের অর্থ- যে নিজের জাতিসত্তা ধরে রাখে।

১৭৮৪ সালে কোনবং রাজবংশ রাখাইন রাজ্য জয় করে।

কেএনএফের এ ব্যাংক ডাকাতি স্বাভাবিক ডাকাতি নয়। এর পেছনে সুদূরপ্রসারী রাজনৈতিক প্রতিক্রিয়া রয়েছে। বাংলাদেশ এবং ভারতের মিজোরাম ও নাগাল্যান্ডের দীর্ঘ সীমান্ত রয়েছে মিয়ানমারের চিন রাজ্য বা অঞ্চলে যেখানে দীর্ঘদিন ধরে বিচ্ছিন্নতাবাদী আন্দোলন চলছে। চিন পশ্চিম মিয়ানমারের একটি রাজ্য। চিন রাজ্যের পুবে সাগাইং ও ম্যাগওয়ে বিভাগ। দক্ষিণে রাখাইন রাজ্য, দক্ষিণ-পশ্চিমে বাংলাদেশ, পশ্চিম এবং উত্তরে যথাক্রমে ভারতের মিজোরাম ও মণিপুর রাজ্য অবস্থিত। পর্বত আচ্ছাদিত হওয়ার কারণে রাজ্যটির যোগাযোগব্যবস্থা খুবই অনুন্নত। চিন মিয়ানমারের সবচেয়ে দরিদ্র রাজ্যগুলোর মধ্যে অন্যতম। চিনে দরিদ্রতার হার ৭৩%। চিনে প্রায় ৫৩ ভাষাভাষী উপজাতি রয়েছে।

১৮২৬ সালে প্রথম অ্যাংলো-বার্মিজ যুদ্ধের পর যুদ্ধের ক্ষতিপূরণ হিসেবে আরাকান রাজ্য ব্রিটিশদের হাতে তুলে দেওয়া হয়। ১৮৮৬ সালে, বার্মাকে ব্রিটিশ শাসনের অন্তর্ভুক্ত করা হয়। ফলে রাখাইন রাজ্য ব্রিটিশ ভারতের বার্মা প্রদেশের অংশ হয়ে ওঠে। ১৯৩৭ সালে রাখাইন রাজ্যটি ব্রিটিশ ভারত তাদের কায়েমি ও ভবিষ্যৎ স্বার্থের কারণে আলাদা করে ফেলে। ব্রিটিশদের ধারণা ছিল ভারত ছেড়ে দেওয়ার পর তারা বার্মায় তাদের রাজত্ব কায়েম রাখবে। কিন্তু ১৯৪৮ সালে রাখাইন বার্মার (বর্তমানে মিয়ানমার) একটি রাজ্যে পরিণত হয়। পঞ্চাশ দশক থেকে বিচ্ছিন্নতা এবং আরাকানের স্বাধীনতা পুনরুদ্ধারের জন্য একটি ক্রমবর্ধমান আন্দোলন হয় রাখাইনে। এ আন্দোলনকে প্রশমিত করার জন্য ১৯৭৪ সালে নে উইন সরকারের নতুন সংবিধানে রাখাইন (আরাকান) বিভাগকে একটি ইউনিয়ন রাজ্যের মর্যাদা দেয়। ১৯৮৯ সালে সামরিক জান্তা দ্বারা আরাকান রাজ্যের নাম পরিবর্তন করে 'রাখাইন' করা হয়।

২০১২ সালে রাখাইন রাজ্যে রোহিঙ্গা এবং রাখাইনদের মধ্যে একটি সাম্প্রদায়িক দাঙ্গা সংঘটিত হয়। দাঙ্গাটির সূত্রপাত হয় জাতিগত কোন্দলকে কেন্দ্র করে, উভয় পক্ষই এতে জড়িত হয়ে পড়ে। অক্টোবর মাসে এটি সব নৃতাত্ত্বিক গোষ্ঠী রোহিঙ্গা সম্প্রদায়ের বিরুদ্ধে একজোট হলে দাঙ্গা বিস্তার লাভ করে। দাঙ্গার তাৎক্ষণিক কারণ জানানো হয়, এক রাখাইন তরুণীকে কয়েকজন মুসলিম কর্তৃক ধর্ষণ ও হত্যার ফলে রাখাইন বৌদ্ধদের দ্বারা ১০ জন মুসলিম রোহিঙ্গাকে আহত করে। দাঙ্গা ছড়িয়ে পড়লে মিয়ানমার সরকার পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দাঙ্গাকবলিত এলাকায় কারফিউ জারিসহ সৈন্য মোতায়েন করে। ১০ জুন রাখাইনে জরুরি অবস্থা ঘোষণা করা হয় এবং সামরিক বাহিনীকে ওই অঞ্চলের প্রশাসনিক দায়িত্ব অর্পণ করা হয়। ২০১২ সালের ২২ আগস্ট সরকারিভাবে ৮৮ জনের নিহত হওয়ার কথা স্বীকার করা হয়। যাদের মধ্যে রোহিঙ্গা ৫৬ এবং ৩২ জন রাখাইন ছিল। তখন আনুমানিক ৯০ হাজার লোক বাস্তুচ্যুত হয়েছে বলে ধারণা করা হয়। প্রায় ২ হাজার ৫২৮টি বাড়ি পুড়িয়ে দেওয়া হয় এবং এর মধ্যে বেশির ভাগই ছিল রোহিঙ্গাদের। দাঙ্গায় বার্মিজ সেনাবাহিনীর বিরুদ্ধে পক্ষপাতিত্বের অভিযোগ পাওয়া যায়। সেনাবাহিনীর বিরুদ্ধে একতরফাভাবে রোহিঙ্গাদের ব্যাপক গণগ্রেফতার এবং ধরপাকড়ের অভিযোগ ওঠে। অক্টোবর ২০১৬ সাল থেকে মিয়ানমারের রাখাইন রাজ্যের উত্তরাঞ্চলে সহিংস সংঘর্ষ শুরু হয়। আরাকান রোহিঙ্গা স্যালভেশন আর্মি (আরসা) দ্বারা বিদ্রোহী হামলার ফলে মিয়ানমারের সেনাবাহিনী এবং স্থানীয় বৌদ্ধ জনগোষ্ঠী প্রধানত মুসলিম রোহিঙ্গাদের বিরুদ্ধে সাম্প্রদায়িক সহিংসতা ঘটায়। তারা অক্টোবর ২০১৬ থেকে জুন ২০১৭-এর মধ্যে 'ক্লিয়ারেন্স অপারেশন' শুরু করে। জাতিসংঘের কর্মকর্তাদের মতে, এ অপারেশনে মিয়ানমার সেনাবাহিনী ১ হাজারেরও বেশি রোহিঙ্গা বেসামরিক নাগরিককে হত্যা করে। এ সংঘাত আন্তর্জাতিক সমালোচনার জন্ম দেয় এবং জাতিসংঘের মানবাধিকারবিষয়ক হাইকমিশনার কর্তৃক এটিকে জাতিগত নির্মূল হিসেবে বর্ণনা করা হয়। মিয়ানমারে সেনা অভিযানের মুখে বাংলাদেশে ১২ লাখ রোহিঙ্গা আশ্রয় নেয়। যার মাশুল বাংলাদেশকে গুনতে হচ্ছে। জাতিসংঘ তাদের অঙ্গীকার মতো রোহিঙ্গাদের পর্যাপ্ত সাহায্য দিচ্ছে না, ফলে বাংলাদেশ বিপাকে পড়েছে।

আরাকান অঞ্চল প্রায় উত্তর-দক্ষিণ ৬৪০ কিলোমিটার দৈর্ঘ্য এবং পূর্ব-পশ্চিম ১৪৫ কিলোমিটার প্রশস্ত। আরাকান ও চিন অঞ্চল প্রাকৃতিক বৈশিষ্ট্যের দিক থেকে ভারত ও বাংলাদেশের সঙ্গে ঘনিষ্ঠ। এ অঞ্চল দুটির ওপর প্রাগৈতিহাসিক কাল থেকে বাংলাদেশের সম্পর্ক রয়েছে। রাখাইনের মোট জনসংখ্য ৩২ লাখ, তার মধ্যে থেরবাদী বৌদ্ধ ধর্মাবলম্বী ৬৩.৩% এবং মুসলমান ধর্মাবলম্বী ৩৫.১%, বাকিরা হিন্দু ও অন্যান্য। রাখাইনে জাতিগতভাবে রাখাইন ও রোহিঙ্গারাই বেশি। বাংলাদেশ একটি ধর্মনিরপেক্ষ ও উদার দেশ। এখানে ধর্মীয় বা জাতিগত কোনো সংঘাত নেই। বাংলাদেশের জনগণের ভোট দিতে অনীহা থাকতে পারে, কিন্তু রাষ্ট্র গঠনে ও উন্নয়নে সবাই বলতে গেলে ঐক্যবদ্ধ। কাজেই চিন ও আরাকান তথা রাখাইন যদি বাংলাদেশের সঙ্গে ঐক্যবদ্ধ হয় তাহলে বাংলাদেশ একটি উন্নত ও ভারসাম্যপূর্ণ রাষ্ট্র হবে যেখানে মুসলমান, হিন্দু, বৌদ্ধ, খ্রিস্টান এবং বিভিন্ন সনাতন ও প্রাকৃতিক উপজাতীয় ধর্ম স্বাধীনভাবে পালন করতে পারবে। আমার মনে হয় এ ব্যাপারে একটি ঐকমত্য তৈরি হবে, যারা চিন ও রাখাইনের সব সমস্যা, সংঘাত শান্তিপূর্ণ এবং টেকসই সমাধানে জাতি বর্ণ, ধর্ম নির্বিশেষে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে এগিয়ে আসবে। মনে হয় যুক্তরাষ্ট্রসহ পশ্চিমা বিশ্বও আমাদের সহায়তা করবে। চীন ও রাশিয়ার সমর্থনও আমরা পাব। এখন প্রশ্ন হলো- আমরা এ ধরনের সমাধানের জন্য কতটা প্রস্তুত।

লেখক : স্বতন্ত্র মনোভাবাপন্ন

ভারতের নির্বাচনে কী ঘটছে

॥ সুখরঞ্জন দাশগুপ্ত ॥

১৯ এপ্রিল শুক্রবার থেকে বিশ্বের অন্যতম গণতন্ত্রের অগ্নিপরীক্ষা। সাত দফার নির্বাচনের প্রথম দফা শুরু হচ্ছে ১৯ এপ্রিল। শেষ হচ্ছে ১ জুন। গণনা ৪ জুন। বর্তমান কেন্দ্রীয় সরকার শাসক বিজেপি স্লোগান দিয়েছে এবার ৪০০ পার। শাসক দলের ব্যাখ্যা হলো- ৫৪৩ আসনের লোকসভার বর্তমান সংবিধান সংশোধন করতে হলে দুই- তৃতীয়াংশ আসন দরকার। তা তারা পেলে পরেই সংবিধান সংশোধন করে সাম্প্রদায়িক সম্প্রীতি ধ্বংস করে- একনায়কতন্ত্র ও হিন্দুত্ববাদী রাষ্ট্র গঠন করতে উদ্যোগী হবে। স্বয়ং দেশের বর্তমান প্রধানমন্ত্রী হিন্দি বলয়ের আটটি রাজ্যে প্রচারে গিয়ে বলছেন, তাদের কর্মসূচি অনুযায়ী রামমন্দির তৈরি হয়ে গেছে। সংবিধানের ৩৭০ ধারা বিলুপ্ত করে কাশ্মীরকে কুক্ষিগত করেছেন, ভারত থেকে কংগ্রেসকে হটানোর কর্মসূচি ধীরে ধীরে পালিত হচ্ছে। কিন্তু বিভিন্ন টিভি চ্যানেলে রাজনৈতিক বিশ্লেষকরা ব্যাখ্যা দিয়ে বলছেন- এই এক অলীক স্বপ্ন, ভারত কখনো হিন্দু রাষ্ট্র হতে পারে না। কারণ ভারতের ১৪০ কোটি নাগরিকের মধ্যে প্রায় ৪৫ কোটি সংখ্যালঘু মুসলমান। তারা তবে কোথায় যাবেন? এ প্রশ্নের জবাব আরএসএস বা বিজেপির কাছে নেই। যদি থাকত তবে কদিন আগে হিমাচল প্রদেশে মোদি কী বলেছেন তা খতিয়ে দেখা যাক। তিনি বলেছেন, হিন্দুত্ব ও জাতীয়তাবাদকে তিনি মেলাবেন। প্রধানমন্ত্রী মোদির বক্তব্য যখনই দেশে দুর্বল সরকার এসেছে আমাদের শত্রুরা তার সুযোগ নিয়েছে। আমার সরকার ঘরে ঘরে ঢুকে শত্রুদের খতম করেছে। ২০১৯ সালের ১৪ ফেব্রুয়ারি পুলওয়ামা হামলার স্মৃতিকে ফিরিয়ে আনতে চেয়েছেন মোদি। বিরোধীরা বলেছিল উত্তরাখন্ডে মোদির এ বক্তব্যের পর তারা আরও ঐক্যবদ্ধ হয়ে গেছে। নির্বাচন যতই এগিয়ে আসছে মোদি তার সরকারের চারটি এজেন্সি দিয়ে অর্থাৎ সিবিআই, ইডি, আয়কর এবং এনআইএকে দিয়ে দাবিয়ে রাখার চেষ্টা করছেন। ২৭টি বিরোধী দলের জোট থেকে ইতোমধ্যে পশ্চিমবঙ্গে তৃণমূল কংগ্রেস এবং বিহারের নীতিশ কুমারের জেডিইউকে নিজের দিকে টানতে সক্ষম হয়েছেন। তার নেপথ্যেও অনেক নাটক আছে, যা এ মুহূর্তে বলা সম্ভব নয়। মোদির একটি বক্তব্য এখন গোটা দেশে চর্চার বিষয়। তার বক্তব্য হলো- জানুয়ারিতে অযোধ্যায় রামমন্দিরের প্রাণ প্রতিষ্ঠার দিনে কংগ্রেস বয়কট করেছে। সুতরাং কংগ্রেস হিন্দুবিরোধী, সেজন্য কংগ্রেসকে একটি ভোটও নয়। মোদির এ বক্তব্যের উত্তরে কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে বলেছেন, ভারতের সংবিধানে জাতপাতের কোনো তফাৎ নেই। ভারত একটি ধর্মনিরপেক্ষ রাষ্ট্র। প্রত্যেকে নিজ নিজ ধর্ম পালন করতে পারে। মোদির এ বিভ্রান্তিকর প্রচারে সাধারণ মানুষ কতটা বিভ্রান্ত হচ্ছে বা আদৌ হচ্ছে কি না তার প্রমাণ পাওয়া যাবে ৪ জুনের পর ভোটের ফলাফল বেরোলে। তবে এটা ঠিক, মোদি, শাহ বা ভগবতের বিরুদ্ধে যতই নির্বাচন আচরণবিধি লঙ্ঘন করার অভিযোগ উঠুক না কেন নির্বাচন কমিশন নিশ্চুপ। অথচ বিরোধী কোনো নেতা বা নেত্রীর নামে অভিযোগ উঠলে তাদের তৎপরতা বেড়ে যায়। তবে এ কথা বলা যায় এপ্রিলের দ্বিতীয় সপ্তাহে হিন্দিবলয়ের ১৪টি রাজ্যে রাম আবেগ কাজ করছে না। সেখানকার সাধারণ মানুষ রুটি-রুজিকেই প্রাধান্য দিচ্ছে। বিভিন্ন টিভি চ্যানেলে রাজনৈতিক বিশ্লেষকরা তেমনটাই মনে করছেন। যদিও তারা সংবাদপত্রে এসব কথা লিখতে পারছেন না। একটা অদৃশ্য ভয় সব সময় তাড়া করে বেড়াচ্ছে। ইতোমধ্যে বেশকিছু সাংবাদিককে গ্রেফতার করা হয়েছে।

ভারতবর্ষে সাধারণ মানুষ চায় রুটি, কাপড়া, অউর মোকান এবং বিজলি পানি। কিন্তু বিজেপির নির্বাচনি প্রচারে এগুলো একদম প্রাধান্য পাচ্ছে না। এ ব্যাপারে তারা মুখে কুলুপ এঁটেছে। মোদি বলেছেন, চাকরি দেওয়া কঠিন ব্যাপার। অথচ আগের নির্বাচনে বলেছিলেন বছরে ২ কোটি লোককে চাকরি দেবেন। মোদি আরেকটি জঘন্য খেলায় মেতে উঠেছেন। তা হলো- অগ্নিপথ। দেশে প্রায় ৬৫টি সামরিক স্কুল তুলে দিয়ে সেগুলো বেসরকারিকরণ করে আরএসএসের হাতে তুলে দিয়েছেন- বিরোধীদের এমনটাই অভিযোগ।

মোদির গত ১০ বছর রাজত্বে কোথায় কতদূর এগোল, নানা দিক থেকে এ প্রশ্ন উঠেছে। প্রধানমন্ত্রিত্বের দ্বিতীয় মেয়াদ শেষ প্রায়। আসন্ন নির্বাচনের আগে হিসাবের খাতাতে একটি বিষয় উজ্জ্বল- বিদেশনীতি যেভাবে ভারতের রাজনীতিতে প্রবেশ করেছে এর আগে কখনো এরকম হয়নি এবং সেই পরিবর্তন ভালোর দিকে, শক্তির দিকে। আসলে মূল উদ্দেশ্য দুই শক্তিশালী রাষ্ট্র আমেরিকা ও চীনের সঙ্গে সুসম্পর্ক টিকিয়ে রাখার কূটকৌশল। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের মতুয়া শ্রেণির মানুষকে খেপিয়ে তোলার চেষ্টাও চলছে। তাদের প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে এনআরসি বা সিএএ করে তাদের নাগরিকত্ব দেওয়া হবে। এতে বিজেপির ভোটব্যাংক পুষ্ট হবে।

সম্প্রতি আসামে এক নির্বাচনি সভায় মোদির ডেপুটি অমিত শাহ বলেছেন, বাংলাদেশে হিন্দুরা নির্যাতিত হচ্ছে। তাদের দেখার দায়িত্ব তার। কিন্তু বাংলাদেশের বিশিষ্ট নাগরিকরা জানিয়েছেন, অমিত শাহ অসত্য কথা বলেছেন। এখানে হিন্দুরা নির্যাতিত নয়। বাংলাদেশের হিন্দু-বৌদ্ধ-খ্রিস্টান ঐক্য পরিষদের চেয়ারম্যান ও বিশিষ্ট আইনজীবী রানা দাশগুপ্ত জানিয়েছেন, অমিত শাহ অসত্য কথা বলেছেন। এখানে আমরা সবাই একত্রে বসবাস করছি। ছোটখাটো কোনো ঘটনা ঘটলে আমরা সেখানে হস্তক্ষেপ করি। বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এগুলো প্রশ্রয় দেন না এবং কিছু ঘটলে কড়া অবস্থান নেন। অমিত শাহের এ বক্তব্যে দুই দেশের সম্পর্কে চিড় ধরার আশঙ্কা করা হচ্ছে।

মোদির গত ১০ বছর রাজত্বে কোথায় কতদূর এগোল, নানা দিক থেকে এ প্রশ্ন উঠেছে। প্রধানমন্ত্রিত্বের দ্বিতীয় মেয়াদ শেষ প্রায়। আসন্ন নির্বাচনের আগে হিসাবের খাতাতে একটি বিষয় উজ্জ্বল- বিদেশনীতি যেভাবে ভারতের রাজনীতিতে প্রবেশ করেছে এর আগে কখনো এরকম হয়নি এবং সেই পরিবর্তন ভালোর দিকে, শক্তির দিকে। আসলে মূল উদ্দেশ্য দুই শক্তিশালী রাষ্ট্র আমেরিকা ও চীনের সঙ্গে সুসম্পর্ক টিকিয়ে রাখার কূটকৌশল। প্রতিবেশী রাষ্ট্র বাংলাদেশের মতুয়া শ্রেণির মানুষকে খেপিয়ে তোলার চেষ্টাও চলছে। তাদের প্রতিশ্রুতি দেওয়া হচ্ছে এনআরসি বা সিএএ করে তাদের নাগরিকত্ব দেওয়া হবে। এতে বিজেপির ভোটব্যাংক পুষ্ট হবে।

♦ *লেখক : ভারতীয় প্রবীণ সাংবাদিক*









আলবেনীতে হোমকেয়ার প্রতিষ্ঠানের

(শেষের পাতার পর)

সংশ্লিস্টরা বলছেন, গর্ভনর প্রস্তাব বাস্তবায়িত হলে ২ লক্ষাধিক ডিজএবলড ও বয়স্ক নিউইয়র্কবাসী সেবা প্রাপ্তির ঝুঁকিতে পড়বেন। চাকুরী হারাবেন সেবাদানকারী লক্ষাধিক কর্মচারী।

উল্লেখ্য, নিউইয়র্কের হোম কেয়ার সার্ভিস নিয়ে ব্যাপক প্রতারণা অভিযোগ উঠেছে। এই সব অভিযোগের প্রেক্ষিতে চলছে প্রশাসনিক তদন্ত। উদ্ভুত পরিস্থিতিতে গভর্ণর ক্যাথি হোকুল ও নিউইয়র্ক ষ্টেট অ্যাসেম্বলী স্পীকার কর্ল হেস্টি সম্প্রতি ৮ বিলিয়ন ডলারের মেডিকেইট হোম কেয়ার কর্মসূচীর দূর্নীতি বন্ধে নতুন একটি প্রস্তাব এনেছেন। নতুন প্রস্তাবে মেডিকেইড সেবা খাতকে একটি প্রাইভেট প্রতিষ্ঠানের হাতে তুলে দেয়ার কথা বলা হয়েছে। যা পরিচালিত হচ্ছে ষ্টেট নিয়ন্ত্রনাধীন ডিপার্টেমেন্ট অব হেলথ-এর মাধ্যমে। হোম কেয়ার ব্যবসায়ীরা এই প্রস্বাবকে জনস্বার্থ বিরোধী বলে আখ্যায়ীত করে প্রস্তাবটি বাতিলের দাবী জানিয়েছেন। খবর ইউএনএ'র।

জানা যায়, জর্জিয়া রাজ্যের আটলান্টা ভিত্তিক পিপিএল ইনক নামক একটি ফাইন্যান্সিয়াল ম্যানেজমেন্ট সার্ভিস কোম্পানীকে এককভাবে মেডিকেইড বিল করে সিডিপ্যাপ সেবা প্রতিষ্ঠানগুলোকে পে করার অধিকার দেয়া হচ্ছে। প্রস্তাবটি বাস্তবায়িত হলে কোম্পানীটি নিউইয়র্কেও ৭০০ হোম কেয়ার প্রতিষ্ঠানকে নিয়ন্ত্রণ করার ক্ষমতা পাবে। গত ১১ এপ্রিল নিউইয়র্কের বহুল প্রচারিত নিউ ইয়র্ক পোষ্ট-এ খবরটি প্রকাশিত হওয়ার পর ফুঁসে উঠে হোমকেয়ার ব্যবসায়ীরা। ইতিপূর্বে পেনসেলভেনিয়া রাজ্যে এমন ধরনের ব্যবস্থা চালুর উদ্যোগ নেয়া হয়েছিলো পিপিএল নামক একটি কোম্পানীর মাধ্যমে। কিন্তু সেই উদ্যোগ সফল হয়নি। এদিকে গভর্ণর ক্যাথি হোকুলের প্রস্তাবের প্রতিবাদে সাউথ এশিয়ান সিডিপ্যাপ অর্গানাইজেশন, নিউইয়র্ক এর ব্যানারে রাজধানী আলবেনীতে গত ১৭ এপ্রিল বুধবার সকালে গভর্ণনের অফিস ভবনে ও লবিতে প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ হয়েছে। এতে গোল্ডেজ এইজ হোম কেয়ার-এর কর্নধার লায়ন শাহ নেওয়াজ, ইমিগ্র্যান্ড এলডার হোম কেয়ার-এর কর্ণধার গিয়াস আহমেদ, আশা হোম কেয়ার ও আশা এডাল্ট কেয়ার-এর চেয়ারম্যান আকাশ রহমান ছাড়াও ডিএইচ হোম কেয়ার, মার্কস হোম কেয়ার, সারা হোম কেয়ার, দাদা হোম কেয়ার, ফ্রিডম হোম কেয়ার প্রভৃতি প্রতিষ্ঠানের ২ শতাধিক প্রতিনিধি ও কর্মকর্তা-কর্মচারীরা সমাবেশে যোগ দেন। সমাবেশকারীরা তাদেও দাবী দাওয়া সম্বলিত ব্যানার, ফেস্টুন নিয়ে প্রতিবাদ জানান, শ্লোগান তুলেন 'সিডিপ্যাপ ইজ অ্যাসেন্সিয়াল'। তারা বলেন যে কোন মূল্যে প্রস্তাবটির বাস্তবায়ন প্রতিহত করা হবে।

নাজমুল-রাকিবকে হারিয়ে

(শেষের পাতার পর)

কে হবেন বর্ষসেরা ক্রীড়াবিদ? সঞ্চালকের এমন প্রশ্নে তিনজনই জানালেন, সেরার পুরস্কার যে-ই জিতুক, তাঁকে অভিনন্দন জানাবেন। নাজমুল ও রাকিবের ক্ষেত্রে সেটাই হলো। বিএসপিএর বর্ষসেরার পুরস্কার জেতা ইমরানুর রহমানকে অভিনন্দন জানিয়েছেন দু'জনই।

২০২৩ সালটা স্বপ্নের মতো কাটিয়েছেন ইমরান। কাজাখস্তানের আস্তানায় এশিয়ান ইনডোর অ্যাথলেটিকসের ৬০ মিটার স্প্রিন্টে ফাইনালে ৬ দশমিক ৫৯ সেকেন্ড টাইমিং নিয়ে সোনা জিতেছিলেন তিনি। যার স্বীকৃতি হিসেবেই বাংলাদেশ ক্রীড়ালেখক সমিতির (বিএসপিএ) ২০২৩ সালের বর্ষসেরা ক্রীড়াবিদ নির্বাচিত হয়েছেন ইমরান। প্রথম রান-ারআপ বাংলাদেশ জাতীয় ক্রিকেট দলের অধিনায়ক নাজমুল ও দ্বিতীয় রানারআপ জাতীয় ফুটবল দলের ফরোয়ার্ড রাকিব হোসেন।

রাজধানী ঢাকার একটি হোটেলে জাকজমকপূর্ণ আয়োজনের মধ্য দিয়ে শনিবার (২০ এপ্রিল) বিজয়ী ক্রীড়াবিদদের হাতে পুরস্কার তুলে দিয়েছে বিএসপিএ। বর্ষসেরা ক্রীড়াবিদের পাশাপাশি বর্ষসেরা অ্যাথলেটের পুরস্কারও জিতেছেন ইমরান। আগামীতে আরও ভালো করার আশা এই স্প্রিন্টারের ও সবাইকে ধন্যবাদ। সামনে প্যারিস অলিম্পিকস ও দক্ষিণ এশিয়ান গেমস আছে, সেখানে ভালো কিছু করতে চাই।

'বর্ষসেরা পুরুষ ক্রিকেটার নাজমুল, পুরুষ ফুটবলার রাকিব, সমর্থকদের ভোটে পপুলার চয়েজ ও উদীয়মান খেলোয়াড়ের পুরস্কার জিতেছেন জাতীয় দল ও বসুন্ধরা কিংসের মি-ডফিল্ডার শেখ মোরসালিন।

বিভিন্ন খেলায় সেরা যারা: ইমরানুর রহমান (অ্যাথেলটিকস), নাজমুল হোসেন শান্ত (ক্রিকেট), রাকিব (ফুটবল), ফারজানা হক (নারী ক্রিকেট), শেখ মোরসালিন (উদীয়মান), সেলিম হোসেন (বক্সিং), কামরুন নাহার (শুটিং), রামহিম (টেবিল টেনিস) ও আলফাজ আহমেদ (কোচ)।

তাপদাহে যা খাবেন

(শেষের পাতার পর)

যতই নিয়ন্ত্রণ করা হোক বের হবার, দাবদাহে সুস্থ থাকা কঠিন। এ বিষয়ে খাদ্য ও পুষ্টি বিশেষজ্ঞ এন এ কংকার রয়েছে কিছু মতামত।

প্রচন্ড গরমে অনেকেই খাবার রুচি পান না। এর মূল কারণ ঝাল, টক ও অনেক মশলাজাতীয় খাবারের পাশাপাশি কোমল পানীয় পান করে গ্যাসের সমস্যা বাধান। কিন্তু শরীর এই সময় প্রচুর ঘাম নিঃসরন করে বিধায় পুষ্টিকর খাবারে মনোযোগ দিতেই হবে। সেটি কিভাবে? চলুন জেনে নেই:

মৌসুমি ফল খান: গরমে কৃত্রিম চিনি দিয়ে ঠান্ডা শরবত বানিয়ে খেলে কোনো লাভই নেই। সেটা আরও ক্ষতিকর। চেষ্টা করুন গরমের মৌসুমী ফল খেতে। ইলেক্ট্রোলাইট রয়েছে যেমন শশা, ডাব বা অন্য কিছু ফল খান। পেঁপে আর আনারস তো এমনিতেই রাস্তায় এখন পাওয়া যায়। দেশীয় রসালো ফলগুলো খাওয়ার চেষ্টা করুন।

পানি পান করুন: রাস্তায় বেরুলে একটা বোতল সঙ্গে রাখবেন। প্রচন্ড ঠান্ডা পানি পান করবেন না। স্বাভাবিক তাপমাত্রার পানি। পানিতে গ্লুকোজ মিশিয়ে নিতে পারেন ডায়বেটিস না থাকলে। এখন অনেকেই বাজারের ইলেকট্রোলাইট ড্রিংক পান করেন। এসব ড্রিংক খারাপ এমন না। তবে সবার জন্য না। প্রেশার ও ডায়বেটিসের রোগীদের জন্য তো তা কিছুটা ঝুঁকির। স্যালাইন খেতে হলে অবশ্যই ৫০০ মিলি পানিতে গুলাবেন। এর কম পানিতে না। চলার পথে একটু একটু করে গলা ভেজান।

সবজি: গরমে অনেকেই ঢেড়শ আর বেগুন খান। সব্জিটাও মজার। তবে এ সবজিতে শরীরে ইউরিক অ্যাসিড অনেক বেড়ে যেতে পারে। সেটা অবশ্যই আপনার স্বাস্থ্যের জন্য ভালো কিছু না। সবুজ সবজি যেমন কাঁচা পেপে, পটোল, ঝিঙা, ধুন্দল, পালং শাক খান। টক ডালও মন্দ না। তবে পাতলা করে। বেশি ঘন ও মশলাযুক্ত খাবার খাওয়া ঠিক হবে না। খাবারের ক্ষেত্রে ভিটামিন ডি রয়েছে এমন খাবারও খান। তবে গরমে তা কতটা ইম্প্যাক্ট ফেলে শরীরে যাচাই করুন।

নিউইয়র্কের অবৈধ গাঁজার

(শেষের পাতার পর)

হারলেমে সাইলেন্ট ভয়েসেস ইউনাইটেড গ্রুপ জানায়, নিউইয়র্কের বিভিন্ন স্কুল এবং ডে কেয়ারের কাছাকাছি এলাকায় অবৈধভাবে অনেক গাজার দোকান তৈরি হচ্ছে। সেইসাথে বাড়িওয়ালারা অবৈধ গাজা ব্যবসায় দের হাতে বিভিন্নভাবে প্রতারিত হচ্ছে বলে জানায় সংস্থ্যাটি। এই সময় তারা নিউইয়র্ক স্টেইটের স্মোকআউট আইন চালু করার আহ্বানও জানায়। সংস্থ্যাটি জানায়, মার্চ মাসের একটি সমীক্ষায় দেখা যায়, নিউইয়র্কে অবৈধ গাজার দোকান ব্যাপক হারে বৃদ্ধি পাচ্ছে। লিগ্যাল ক্যানাবিজ ডিসপেনসারির এক কর্মকর্তা জানান, অবৈধ গাঁজার দোকানগুলো নিউইয়র্কের অর্থনীতিতে নেতিবাচক আঘাত করছে। এবং এর জন্য সিটির গাজা সংক্রান্ত নিয়মনীতি এবং আইন সংশোধনে প্রশাসনের দুর্বলতাকে দায়ি করেছে অনেক বিশেষজ্ঞ।

Kulaura Bangladeshi Association of U.S.A. Inc.
কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ,এস,এ, ইনক
34-03 30th Avenue, Astoria, NY 11103 (কুলাউড়া এসোসিয়েশন) Tel: 718-728-2292, Fax: 718-728-2293

সম্মানীত কুলাউড়াবাসী,
আসসালামু আলাইকুম / আদাব।

যুক্তরাষ্ট্র প্রবাসী কুলাউড়াবাসীর প্রিয় সংগঠন কুলাউড়া বাংলাদেশী এসোসিয়েশন অব ইউ এস এ ইনক এর উদ্যোগে আগামী ২৮ এপ্রিল' ২০২৪ রোজ রবিবার বিকাল ৩:০০ ঘটিকায় এক **"সাধারণ সভা" হ্যালো বাংলাদেশ রেষ্টুরেন্টে** (30-05 36TH AVE, ASTORIA NY 11106) অনুষ্ঠিত হবে।

উক্ত সাধারণ সভায় যথাসময়ে আপনাদেরকে উপস্থিত থাকার জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

- অনুরোধক্রমে -

শাহ আলাউদ্দিন
সভাপতি
(৯২৯) ৫৯২-৬৪৩০

জাবেদ আহমদ
সাধারণ সম্পাদক
(৬৪৬) ৬৪৫-৫৪০১

প্রচার সম্পাদক এনামুল ইসলাম খান কর্তৃক প্রচারিত
(৩৪৭)-৬৯১-৭৮৪৬

ঈদ আনন্দ

॥ গোলাম মাওলা রনি ॥



আমাদের দেশের যেসব লোক কথায় কথায় নীতিকথা বলে বেড়ায় এবং এই দুনিয়ার মধু মেওয়া পরিহার করে নিজেকে সাধু পুরুষ হিসেবে জাহির করার চেষ্টা-তদ্বির করে তাদের কাছে বেনজিরের নজিরবিহীন সহায়সম্পদের খবর ছিল রীতিমতো চপেটাঘাত। তারা অনেকেই অসুস্থ হয়ে পড়েছেন। কারো কারো কোষ্ঠকাঠিন্যের মাত্রা বেড়ে গিয়েছিল এবং ঈদের আনন্দে বেনজিরের নজিরবিহীন সফলতা নতুন মাত্রা যোগ করেছিল। এবারের ঈদ আনন্দে তরমুজ বিদ্রোহ ছিল বাঙালির অন্যতম সাফল্যের মাইলফলক। বাঙালির একতা নেই- তারা রাগ করতে পারে না- বিদ্রোহ করতে জানে না- চোর দেখলে ভয় পায়, ডাকাতের নাম শুনলে ভয়ে জ্ঞান হারিয়ে ফেলে- এসব অপবাদ যারা দিতেন এবারের তরমুজ বিদ্রোহে তাদের মুখে রীতিমতো চুনকালি পড়ে গেছে। রোজাদার বাঙালি লোভী তরমুজ সিন্ডিকেটের বিরুদ্ধে বিদ্রোহ করে এবার তরমুজ কেনা বন্ধ করে দিয়েছিল। ফলে ধড়িবাজ তরমুজ বিক্রেতারা ভারি বিপদে পড়েছিল এবং আদি ও অকৃত্রিম প্রাগৈতিহাসিক গালাগাল করে তরমুজ বিদ্রোহীদের চৌদ্দগোষ্ঠী উদ্ধার করেছিল। তরমুজ বিদ্রোহে শতভাগ সফলতার পর বাঙালি গরুর গোশতে বিদ্রোহের দিকে ধাবিত হয়েছিল। সময় সংক্ষিপ্ত হওয়ার কারণে এই বিদ্রোহে পরিপূর্ণ সফলতা না এলেও আংশিক সফলতা এসেছিল। পুরো রমজান মাসের বেহাল অবস্থা এবং বেশির ভাগ লোকের কাছে বিবর্ণ ঈদের রেশ এবার পয়লা বৈশাখের ওপরও পড়েছিল। এবারের পান্তা ইলিশ মঙ্গল শোভাযাত্রা কিংবা বাসন্তী রঙের শাড়ি পরিহিতা বঙ্গ ললনাদের আনন্দ উচ্ছ্বাস বিগত দিনের মতো ছিল না। অনেকে ঘর থেকে বের হয়েছিলেন বটে কিন্তু পথেঘাটে উৎসবের আমেজ না থাকার কারণে বৈশাখের তপ্ত রোদে উত্তপ্ত হয়ে বিরস বদনে নিজ নিজ গৃহে ফিরতে বাধ্য হয়েছিলেন।

চলতি বছরের ঈদ আনন্দের কয়েকটি আনকোরা ঘটনা হয়তো অনাগত দিনের ইতিহাস হয়ে থাকবে। এবার ছিঁচকে চোর ছিনতাইকারী এবং সঙ্ঘবদ্ধ ডাকাত দলের বড় কোনো অপকর্ম পত্রপত্রিকায় আসেনি। হয়তো চুরি-ডাকাতি করার মতো মালসামানের অভাব ছিল। নতুবা ডামি নির্বাচনের সফলতার পর চোর ডাকাতরা ভোটচোরদের কর্মকৌশলে হতবিহ্বল হয়ে সিদ্ধান্ত নিয়েছিল যে, সনাতনী পদ্ধতিতে চুরি ডাকাতি না করে ডিজিটাল পদ্ধতি ব্যবহার জরুরি। সে জন্য উপযুক্ত প্রশিক্ষণ ও দক্ষতা অর্জনের জন্য তারা এবারের ঈদের লম্বা ছুটিতে বাঙালিকে কিছুটা ছাড় দিয়েছিল।

এবারের ঈদ আনন্দ যাই হোক না কেন, তবে ঈদ-পরবর্তী একটি আন্তর্জাতিক ঘটনা বাংলার ১৮ কোটি মানুষের শতকরা ৯০ ভাগ মুসলিমের হৃদয়-মন এবং মস্তিষ্কে এক অনন্য ঈদের আনন্দের পরশ বুলিয়ে দিয়েছে। ইরান কর্তৃক ইসরাইলের মূল ভূখণ্ডে নজিরবিহীন এবং সফল ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার ঘটনায় তামাম মুসলিম দুনিয়ায় ঈদের নতুন চাঁদ উদিত হয়েছিল। ইসরাইলের নির্মমতা এবং ফিলিস্তিনিদের রক্তের বদলার জন্য সারা দুনিয়ার মুসলিমরা যখন আল্লাহর দরবারে অনবরত দোয়া করে যাচ্ছিল, ঠিক সেই সময় ইরান কর্তৃক ইসরাইল আক্রমণ আল্লাহর জমিনে খুশির বন্যা বইয়ে দেয়। আর সেই খুশির আবেশে আমরা আমাদের নিত্যদিনের দুঃখ ভুলে নতুন এক ঈদ আনন্দের পুলক অনুভব করতে থাকি।

লেখক : সাবেক সংসদ সদস্য

এবারের ঈদ আপনার কেমন কেটেছে তা আমি জানি না কিন্তু আমার ঈদটি ছিল জন্মের পর দেখা অদ্ভুত এক উৎসব। আমি নিজে অথবা আপনজনদের জন্য কেনাকাটা করিনি। কোনো ইফতার পার্টির আয়োজন করিনি এবং আমার শত শত ধনী বন্ধুর কেউই এবার আমাকে তাদের বাসায় দাওয়াত দেননি। অন্যান্য বার বিভিন্ন ব্যক্তি প্রতিষ্ঠান থেকে পাঞ্জাবি জায়নামাজ আতর তসবি খেজুরের উপহারে সয়লাব হয়ে যেতাম। এবার শুধু আমার এক ডাক্তার বন্ধু ওমরাহ থেকে ফিরে একটি আতর তসবি এবং এক প্যাকেট খেজুর পাঠিয়ে আমার মাহে রমজানকে আনন্দময় করে তুলেছেন।

আমি নিজেও প্রতি বছর উপহার কিনি। কিন্তু এবারের ঈদে এবং পূর্ববর্তী দিনগুলোতে মনের ওপর এমনই এক জগদ্দল পাথর চেপে বসেছে যা সরিয়ে ঈদের আনন্দের জন্য নিজেকে সচল করার কোনো সামর্থ্য ছিল না। ৭ জানুয়ারির ডামি নির্বাচনের বেদনা, ব্যবসা বাণিজ্যের বেহাল দশা এবং পরিচিতজনদের অর্থনৈতিক হাহাকার আমাকে এতটা বিমর্ষ করে তুলেছে যে, আহার নিদ্রা বিশ্রাম বা বিনোদনে রীতিমতো অরুচি চলে এসেছে। দেশের চলমান অর্থনৈতিক সঙ্কট প্রান্তিক পর্যায়ে কতটা আমায় হেনেছে তার দুটো উদাহরণ দিয়ে তারপর অন্য প্রসঙ্গ নিয়ে আলোচনা করব।

প্রথম ঘটনাটি একজন গার্মেন্ট মালিকের যিনি করোনা-কালীন বড় অঙ্কের আর্থিক লোকসানের মুখোমুখি হন। ৭০ বছর বয়সি অভিজ্ঞ ভদ্রলোক নিজে ব্যবসা করছেন ৩০ বছর ধরে এবং ব্যবসা শুরুর আগে দেশের নামকরা একটি গার্মেন্টস গ্রুপে টানা ২০ বছর চাকরি করেছেন। তার কর্মজীবন গত দুই বছর ধরে রীতিমতো জাহান্নামে পরিণত হয়েছে। পরপর কয়েকটি অর্ডার বাতিল হওয়ার কারণে তিনি বিশাল আর্থিক ক্ষতির মুখে পড়ে একের পর এক স্থাবর ও অস্থাবর সম্পত্তি হারাতে থাকেন। ব্যাংকে নতুন এলসি খোলার ব্যবস্থা করতে ব্যর্থ হন। তার দীর্ঘদিনের পরিচিত ক্রেতা বড় বড় অর্ডার দিয়ে তাকে সাহায্য করতে চান কিন্তু ডলার সঙ্কটের কথা বলে ব্যাংক এলসি গ্রহণ এবং সেই এলসির বিপরীতে ব্যাক টু ব্যাক এলসি খোলার ক্ষেত্রে অসহযোগিতা করতে থাকে।

গত এক বছর ধরে ভদ্রলোক বিভিন্ন ব্যাংকে দৌড়াদৌড়ি করেও কোনো রকম ইতিবাচক সাড়া পাননি। ইতোমধ্যে সরকারি একটি ব্যাংকের সাথে কথা হয় যারা শতভাগ এফডিআর বা নগদ জমার বিপরীতে ব্যাক টু ব্যাক এলসি খুলতে সম্মত হয়। ভদ্রলোক কালবিলম্ব না করে নিজের শেষ সম্বল জমিটি ৯ কোটি টাকায় বিক্রি করেন এবং ৬০ লাখ টাকা বায়না গ্রহণ করে ব্যাংকে জমা দেন। জমির ক্রেতা বায়না দলিলের এক মাসের মাথায় বাকি টাকা পরিশোধ করে দলিলের রেজিস্ট্রি সম্পন্ন করবেন বলে ওয়াদা করেছিলেন। কিন্তু তার টাকা যে ব্যাংকে জমা ছিল যে ব্যাংক আর্থিক সঙ্কটের কারণে গ্রাহকের জমাকৃত অর্থ পরিশোধে তালবাহানা করতে থাকে এবং এভাবেই রমজান মাসের ১৫ তারিখ চলে যায়। টাকার সংস্থান করতে না পেরে ভদ্রলোক মোবাইল ফোন বন্ধ করে লাপাত্তা হয়ে যান। অন্যদিকে জমি বিক্রেতা পড়েন মহা-বিপদে। ব্যাংকসহ অন্যান্য পাওনাদার এবং ফ্যাক্টরির শ্রমিকরা তার ঘুম হারাম করে দেন। যেদিন অফিস বন্ধ হওয়ার কথা এবং শ্রমিকদের বেতন বোনাস পরিশোধের কথা সেদিন ভোররাতে ভদ্রলোকের নিরাপত্তা রক্ষীরা শ্রমিকদের ভয়ে ফ্যাক্টরিতে তালা মেরে লাপাত্তা হয়ে যান। সকালবেলা শ্রমিকরা এসে ফ্যাক্টরি তালাবদ্ধ দেখে হন্যে হয়ে মালিকপক্ষকে খুঁজতে থাকেন। আর ৭০ বছর বয়সি বিপত্নীক মালিক তার কিশোর পুত্রকে নিয়ে সেই যে লাপাত্তা হয়েছেন যার হদিস এখনো মেলেনি।

দ্বিতীয় ঘটনাটি ধানমন্ডির একটি অভিজাত দোকানের। ঈদের পর দোকানপাট খুললে আমি সেই দোকানে যাই টুথপেস্ট কেনার জন্য। কথা প্রসঙ্গে দোকানের ম্যানেজারকে জিজ্ঞেস করি এবার কেমন বিক্রিবাট্টা হলো। বিরস বদলে ভদ্রলোক জানালেন যে, গত ত্রিশ বছরে তিনি এতটা দুর্দশার মধ্যে পড়েননি। আমি আর কথা না বাড়িয়ে টুথপেস্টের মূল্য পরিশোধ করে দোকান থেকে বের হয়ে এলাম।

উল্লিখিত দুটো ঘটনার সাথে আপনি যদি নিজের ঈদ আনন্দের তুলনা করেন তবে খুব সহজেই নিজের সৌভাগ্য অথবা দুর্ভাগ্যের হদিস পেয়ে যাবেন। আপনাদের মধ্যে যারা একটু আর্থিক সচেতন তারা হয়তো দেশের ব্যাংকিং ব্যবস্থা বিয়ে আতঙ্ক অনুভব করবেন। কিছু ব্যাংককে দেউলিয়াত্ব থেকে বাঁচাতে এবং ব্যাংক ডাকাতদের অপকর্ম ধামাচাপা দিয়ে তাদের অপরাধের বোঝা জনগণের কাঁধে চাপিয়ে দেয়ার কৌশল হিসেবে একটি দুর্বল ব্যাংকের সাথে অন্য ব্যাংকের একীভূতকরণ নিয়ে যেসব খবর বের হয়েছে তা আপনার ঈদের আনন্দ বাড়িয়ে দিয়েছে কি না বলতে পারব না। তবে রাষ্ট্রের সাবেক কর্মচারী বেনজিরের অঢেল সম্পত্তি নিয়ে জাতীয় গণমাধ্যমগুলোতে যে রসালো খবর বের হয়েছে তাতে করে ঈদের আনন্দে ত্রিমাত্রিক রসায়ন ঘটেছে।

দেশের হাড্ডিসার শ্রমজীবী মানুষগুলো নিজেদের রোদে পোড়া চামড়া এবং রোগাক্রান্ত শরীর নিয়ে যে বেদনার মধ্যে ছিলেন তারা বাংলার আকাশে মেদবহুল থলথলে উজ্জ্বল সম্পদের পাহাড় সম্বলিত চাঁদমুখের বাহারি ছবি দেখে হয়তো এমন সান্ত্বনা লাভ করেছেন যে- আমরা পারিনি। তা কী হয়েছে ও তো পেরেছে। আমরা খেতে পারছি না তো কী হয়েছে। ও তো খেয়েছে এবং দিব্যি হজম করে সফলতার আকাশের উজ্জ্বল তারকারূপে জ্বলজ্বল করে জ্বলছে। শ্রমজীবী মানুষ ছাড়া অন্য শ্রেণী-পেশার লোকজন যা রাষ্ট্রীয় পদে থেকে টুকটাক দুর্নীতি করে চলেছে এবং আরো দুর্নীতির প্রশিক্ষণ নেয়ার জন্য কোনো বিশ্ববিদ্যালয় বা দুর্নীতির ভিসির খোঁজ করছিল তারা এবারের ঈদের আলাদিনের চেরাগের সন্ধান পেয়ে নিঃসন্দেহে আগামী ঈদ আরো জমজমাট করার স্বপ্নে বিভোর এবং আবেগপ্রবণ হয়ে পড়েছিল।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Moin Choudhury, Esq

Email: moinlaw@gmail.com

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস
বিনামূল্যে পরামর্শ
কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা
গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে
বিকলাঙ্গ শিশুর জন্ম
ফেডারেল ডিজএবিলিটি
(কোন অগ্রিম ফি নেয়া হয় না)
Immigration
(To Schedule Appointment Only)
Call:917-282-9256
E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372
Manhattan Office By Appointment Only.
Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076
Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

আসতাগফিরু'আল্লাহর বহুমুখী

(শেষের পাতার পর)

দ্বারা কোন ভুল কাজ সংঘটিত হয়েছে, যা আল্লাহর কাছে অপছন্দনীয়, সাথে সাথেইইসতেগফার বা আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করুন। সেই ক্ষমা প্রার্থনার ভাষা হবে 'আসতাগফিরুল্লাহ' অর্থাৎ "আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি।"আল্লাহর একজন সত্যিকার বান্দার আচরণ এমনটিই হওয়া উচিত। ভুল হবে, সাথে সাথেই ক্ষমাপ্রার্থনা করবে। এটি আনুগত্যশীল ও অনুগত বান্দার চারিত্রিক বৈশিষ্ট্য।

আল্লাহ তা'আলা বলেন," আমি বলেছি নিজেদের প্রতিপালকের কাছে ক্ষমা চাও। নি:সন্দেহে তিনি অতিশয় ক্ষমাশীল। তিনি আকাশ থেকে তোমাদের ওপর প্রচুর বৃষ্টি বর্ষাবেন। সম্পদ ও সন্তান-সন্ততি দিয়ে সাহায্য করবেন, তোমাদের জন্য বাগান সৃষ্টি করবেন আর নদী-নালা প্রবাহিত করে দিবেন।"(সুরা নুহ:১০-১২) সুরা হুদে বর্ণিত হয়েছে যে, হযরত হুদ আ: তাঁর কওমের লোকদের বললেন,"হে আমার কওমের লোকেরা, তোমরা তোমাদের প্রভুর কাছে ইসতেগফার বা ক্ষমা প্রার্থনা করো, তার দিকে ফিরে যাও। তিনি তোমাদের ওপর আসমান থেকে প্রচুর বৃষ্টি বর্ষন করবেন এবং তোমাদের শক্তি ও ক্ষমতা আরো বাড়িয়ে দেবেন।" (আয়াত:৫২) একই সুরায় বলা হয়েছে,"তোমরা তোমাদের কাছে ইসতেগফার বা ক্ষমা চাও এবং তাঁর দিকে ফিরে এসো, তাহলে তিনি একটি দীর্ঘ সময় পর্যন্ত তোমাদের উত্তম জীবন সামগ্রী দেবেন এবং অনুগ্রহ লাভের যোগ্য প্রত্যেক ব্যক্তিকে তার অনুগ্রহ দান করবেন।"(আয়াত: ৩) ইসতেগফারের উপকারিতাসমূহ: উল্লেখিত আয়াতসমুহে স্বয়ং আল্লাহ তা'আলা ইসতেগফারের কয়েকটি উপকারিতার কথা বলেছেন। যথা:

এক, আল্লাহ অপরাধ ক্ষমা করে দেন।
দুই, শক্তি ও ক্ষমতা বাড়িয়ে দেন।
তিন, অনুগ্রহ দান করেন।
চার, আকাশ থেকে বৃষ্টি বর্ষান।
পাঁচ, ধন-সম্পদ বাড়িয়ে দেন।
ছয়, সন্তান-সন্ততি দান করেন।
সাত, ফসল,ফল ও ফলাদি উৎপন্ন করে দিন।
আট, নদী-নালা প্রবাহিত করে দেন।

আল কুরআনের বিভিন্ন স্থানে এ শব্দ ব্যবহৃত হয়েছে। আল কুরআনে বলা হয়েছে যে, আল্লাদ্রোহিতার আচরণ মানুষের জীবনকে শুধু আখেরাতেই নয় দুনিয়াতেও সংকীর্ণ করে দেয়। অপর পক্ষে কোন জাতি যদি অবাধ্যতার পরিবর্তে ঈমান, তাকওয়া এবং আল্লাহর আদেশ-নিষেধ মেনে চলার পথ অনুসরণ করে তাহলে তা শুধু আখেরাতের জন্যই কল্যাণকর হয় না, দুনিয়াতেও তার ওপর আল্লাহর অশেষ অনুগ্রহ বর্ষিত হতে থাকে। সুরা ত্বা-হায় বলা হয়েছে "আর যে ব্যক্তি আমার যিকর (উপদেশমালা) থেকে মুখ ফিরিয়ে নেবে তার জন্য দুনিয়ায় সংকীর্ণ জীবন এবং কিয়ামতের দিন আমি তাকে উঠাবো অন্ধ করে।"(আয়াত:১২৪) দুনিয়ায় সংকীর্ণ জীবন মানে শুধু এই নয় যে তাকে অভাব-অনটনের মধ্যে জীবন যাপন করতে হবে। বরং এর অর্থ হচ্ছে এই যে, এখানে মানসিক স্থিরতা লাভ করতে পারবে না। কোটিপতি হওয়ার পরও মানসিক অস্থিরতায় ভুগবে। সাত মহাদেশের মহাপরাক্রমশালী সম্রাট হলেও মানসিক অস্থিরতা ও অতৃপ্তির হাত থেকে মুক্তি পাবে না। তার পার্থিব সাফল্যগুলো হবে হাজারো ধরনের অবৈধ কলাকৌশল অবলম্বনের ফল। এগুলোর কারণে নিজের বিবেকসহ চারপাশের সমগ্র সামাজিক পরিবেশের প্রত্যেকটি জিনিসের সাথে তার লাগাতার দ্বন্ধ চলতে থাকবে। যার ফলে সে কখনো মানসিক প্রশান্তি ও প্রকৃত সুখ লাভ করতে পারবে না। সুরা মায়েদায় বলা হয়েছে: "আহলে কিতাব যদি তাদের কাছে তাদের রবের পক্ষ থেকে প্রেরিত তাওরাত ইনযিল ও অন্যান্য আসমানী কিতাবের বিধানাবলী মেনে চলতো তাহলে তাদের জন্য ওপর থেকেও রিযিক বর্ষিত হতো এবং নীচ থেকেও ফুটে বের হতো।"(আয়াত:৬৬) হযরত মুসা আ: বনী ইসরাইল জাতিকে একথা জানিয়ে দিয়েছিলেন যে, তোমরা পুরোপুরি ও যথাযথভাবে আল্লাহর বিধান অনুসরণ করে চললে আল্লাহর রহমত ও বরকত কিভাবে তাদের ওপর বর্ষিত হবে এবং আল্লাহর কিতাবকে পেছনে ফেলে দিয়ে তাঁর নাফরমানী করতে থাকলে কিভাবে বালা-মুসিবত, আপদ-বিপদ ও ধ্বংস চতুরদিক থেকে তাদেরকে ঘিরে ফেলবে। সুরা আরাফে বলা হয়েছে""জনপদসমূহের অধিবাসীরা যদি ঈমান আনতো এবং তাকওয়ার নীতি অনুসরণ করতো তাহলে আমি তাদের জন্য আসমান ও যমীনের বরকতের দরজাসমূহ খুলে দিতাম।"(সুরা আরাফ:৯৬) যারা তাকওয়ার নীতি অবলম্বন করে এবং ভুল-ত্রুটির জন্য ইসতেগফার করে দুনিয়ায় তাদের অবস্থান করার জন্য যে সময় নির্ধারিত রয়েছে সেই সময় পর্যন্ত মহান আল্লাহ তা'আলা তাদের খারাপভাবে নয় বরং ভালোভাবেই রাখবেন। তাঁর নিয়ামতসমুহ তাদের ওপর বর্ষিত হবে। তাঁর বরকত ও প্রাচুর্যলাভে তারা ধন্য হবে। তারা সুখী-সমৃদ্ধ থাকবে। তাদের জীবন শান্তিময় ও নিরাপদ হবে। লাঞ্ছনা, হীনতা ও দীনতার সাথে নয় বরং সম্মান ও মর্যাদার সাথে জীবন যাপন করবে। এই বক্তব্যটি সুরা নাহলে এভাবে বলা হয়েছে: "যে ব্যক্তিই ঈমান সহকারে সৎকাজ করবে, সে পুরষ হোক বা নারী, আমি তাকে পবিত্র জীবন দান করবো।(আয়াত:৯৭)

কুরআন মাজিদের এ নির্দেশনা অনুসারে কাজ করতে গিয়ে একবার দুর্ভিক্ষের সময় হযরত উমর রা: দু'আ করতে বের হলেন এবং শুধু ইসতিগফার (ক্ষমা প্রার্থনা) করেই শেষ করলেন। সবাই বললো,"হে আমীরুল মু'মিনীন! আপনি তো আদৌ দু'আ করলেন না। তিনি বললেন: আমি আসমানের ঐ সব দরজায় করাঘাত করেছি যেখান থেকে বৃষ্টি বর্ষিত হয়। এ কথা বলেই তিনি সুরা নুহের ১০-১২ আয়াতগুলো পাঠ করে শুনালেন।(ইবনে জরীর ও ইবনে কাসীর) অনুরূপ একবার এক ব্যক্তি হাসান বসরীর মজলিসে অনাবৃষ্টির অভিযোগ করলে তিনি বললেন: আল্লাহর কাছে ইসতেগফার বা ক্ষমা প্রার্থনা করো। অপর এক ব্যক্তি দারিদ্রের অভিযোগ করলো। তৃতীয় এক ব্যক্তি বললো: আমার কোন ছেলেমেয়ে নেই। চতুর্থ এক ব্যক্তি বললো: আমার ফসলের মাঠে ফলন খুব কম হচ্ছে। তিনি সবাইকে একই জবাব দিলেন। অর্থাৎ আল্লাহর কাছে ইসতেগফার বা ক্ষমা প্রার্থনা করো। লোকেরা বললো: কি ব্যাপার যে, আপনি প্রত্যেকের ভিন্ন ভিন্ন অভিযোগের একই প্রতিকার বলে দিচ্ছেন। তখন তিনি সুরা নুহের এই আয়াতগুলো পাঠ করে শুনালেন। (তাফসীরে কাশশাফ)

আল কুরআনের অনেকগুলো আয়াতে ইসতেগফারের উল্লেখ রয়েছে। এটি নবী সা: এর একটি প্রসিদ্ধ সুন্নাহ। তিনি সালাতের সালাম ফেরানোর পর ইসতেগফার পাঠ করতেন। সাওবান রা: থেকে বর্ণিত। তিনি বলেন, রাসুলুল্লাহ সা: সালাত শেষ করে তিনবার ইসতিগফার করতেন এবং বলতেন আল্লাহুম্মা আনতাস সালামু ওয়া মিনকাস সালাম তাবারাকতা ইয়া যাল যালালি ওয়াল ইকরাম' (অর্থাৎ হে আল্লাহ! তুমিই শান্তিময় এবং তোমার থেকে শান্তি আসে। তুসি কল্যাণময় এবং সম্মান ও প্রতিপত্তির অধিকারী।) হাদীস বর্ণনাকারী ওয়ালিদ বলেন-আমি আওযাইকে জিজ্ঞেস করলাম। তিনি কিভাবে ইস্তেগফার করতেন। তিনি বললেন, তিনি বলতেন, আস্তাগফিরুল্লাহ, আস্তাগফিরুল্লাহ।"(মুসলিম: ১২২১, হাদীস একাডেমী, ইফা:১২১০, ই.সেন্টার: ১২২২, কিতাবুল মাসাজিদ ওয়া মাওয়াদিউস সালাত, বাবু ইসতেবাবেয যিকরে বা'আদাস সালাতি.....)

আল্লাহ তা'আলা বলেন, "অতএব, হে নবী! ভাল করে জেনে নাও, আল্লাহ ছাড়া আর কেউ ইবাদাতের যোগ্য নয়। নিজের ত্রুটির জন্য ইসতেগফার বা ক্ষমা প্রার্থনা করো। এবং মু'মিন নারী ও পুরুষের জন্যও। আল্লাহ তোমাদের তৎপরতা সম্পর্কে অবহিত এবং তোমাদের ঠিকানা সম্পর্কেও অবহিত।"(সুরা মুহাম্মদ:১৯) ইসলাম মানুষকে যেসব নৈতিক শিক্ষা দিয়েছে তার একটি হচ্ছে বান্দা তার প্রভুর বন্দেগী ও ইবাদাত করতে এবং তাঁর দীনের জন্য জীবনপাত করতে নিজের পক্ষ থেকে যত চেষ্টা সাধনাই করুক না কেন, তার মধ্যে এমন ধারণা কখনো আসা উচিত নয় যে, তার যা করা উচিত ছিল তা সে করেছে। তার বরং মনে করা উচিত যে, তার ওপর তার মালিকের যে দাবি ও অধিকার ছিল তা সে পালন করতে পারেনি। তার উচিত সবসময় দোষ-ত্রুটি স্বীকার করে আল্লাহর কাছে এ দু'আ করা যে, তোমার কাছে আমার যে ত্রুটি-বিচ্যুতি ও অপরাধ হয়েছে তা ক্ষমা করে দাও। আল্লাহর যে সমস্ত বান্দা তাঁর বন্দেগী করবে, তারা যেন তার নিজের এ কাজের জন্য তার অন্তরে গর্ব ও অহংকারের লেশমাত্র প্রবেশ করতে না পারে সে জন্য বেশী বেশী করে ইসতেগফার করবে। আল্লাহর প্রিয়জনরা মর্যাদার উচ্চ শিখরে অবস্থান করার পরও এবং নিজেদের মহামূল্যবান খেদমত সত্ত্বেও তাঁরা তাঁদের প্রভুর সামনে নিজের অপরাধ স্বীকার করেছেন। এ অবস্থা ও মানসিকতার কারণেই রাসুলুল্লাহ সা: সালাত সম্পন্ন করার পর সাথে সাথে তিনবার আসতাগফিরু'আল্লাহ বলতেন। এর বাইরেওতিনি বেশী বেশী ইসতিগফার করতেন। আল্লাহ তা'আলা বলেন,"তুমি তোমার রবের হামদ সহকারে তাঁর তাসবীহ পড়ো। এবং তাঁর কাছে ইসতেগফার করো।"(সুরা নসর:৩) উপড়োল্লেখিত আয়াতগুলো ছাড়াও সুরা নিসা:১০৬, সুরা নিসা:১১০, সুরা হুদ:৫২ ও আনফাল:৩৩ ইসতেগফারের কথা বলা হয়েছে।

হোমিও চিকিৎসা



এস.কে.শর্মা

D.H.M.S (B.D) N.H.C (USA)
Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন।
আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, Autism, Autistic, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন স্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।

স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

Homeopathy & Herbal

72-08 Broadway, Jackson Heights, NY 11372
Cell: 917-285-4804
BUSINESS HOURS: MONDAY-SATURDAY 11:30AM-8PM, SUNDAY CLOSED

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21

Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

IR MLS

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine | সীমিত সময়ের জন্য 15% Off | Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও ফুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm

সাহিত্য সাময়িকী

চৈত্রে এক পশলা বৃষ্টির পর
মেহেদী ইকবাল

চৈত্রে এক পশলা বৃষ্টির পর
আহ্! কী যে মিষ্টি হাওয়া
একটা পাখি আনন্দে গান গাইছে।
শব্দ পাচ্ছি তিস্তা ট্রেনের
মনে পড়ে ফুলছড়ি, তিস্তামুখ ফেরিঘাট
ফেরিতে বসে থেকে দেখেছি ডিগবাজি শুশুকের।

আমার কিছু একটা খেতে ইচ্ছে করছে
ঝাল কিছু
সাথে এক কাপ চা
ক্ষতিকর জেনেও এককাঠি সিগারেট।
ভুল শুদ্ধ চিন্তা করে লাভ কী আছে আর
মানুষকে চলতে হয় অনেকগুলো পথে
সীমাহীন লোভ আর বিভ্রান্তি
অভিন্ন গন্তব্য ভুলে
দেখি শুধু বিচিত্র তামাশা ভীড়ের!

প্রত্যাশা
ছিলো আমার সামান্য কিছু
সেটুকু অপূর্ণ দেখে

কিসের হাসি লেগে থাকে ওষ্ঠে আমার!

অতৃপ্ততা
শারমিন সুলতানা রীনা

আমিতো চিরকাল ভালোবাসা নিয়ে
বাঁচতে চেয়েছি
পুরো আকাশেরও অধিকার চাইনি
তবু তোমার অপারগতার কাছে
হার মেনে ফিরে এসেছি

নিস্তব্ধ জোয়ারের নিবিড়তা
গভীর ভাবে উপলব্ধি করে জেনেছি
তারও সাধ জাগে গর্জন তুলে
প্রবাহিত হবার

শিশির ভেজা পায়ে নুপুরের
রিনঝিন ছন্দে টের পাই
সাপের বিষে নীল হয়ে যাওয়া
লক্ষীন্দরের আত্মা কখন ভর করেছে
সত্তা জুড়ে

বেঁচে থাকার শক্তি হারানো মন
কখনও কি পায় নতুন সৃষ্টির সন্ধান।

মজমা
খসরু পারভেজ

লাঠিগর্বিত শান্তি মিছিল
রঙিন বেলুন উড়িয়ে শোকসভা
ফিতা কেটে উদ্বোধন দুর্ভাগ্য দোকানে
উন্মাদ শোভাযাত্রা

কখনো কখনো মানুষ
তাড়িখানার মতো বেসামাল হয়ে ওঠে
অন্যকে বিদ্রুপ করতে করতে কালের ক্লাউন
নিজেকে যথেষ্ট কাতুকুতু দিয়েও হাসতে পারে না

ভিক্ষার বাজারে গানের আবার ভালো-মন্দ কি
তবু হাটখোলার হালটে এসো, মজমা বসাও
সর্বরোগহরা বটিকা তুলে দাও মুর্খ মানুষের হাতে
আমরাই ডুগডুগি বাজিয়ে দেবো।

সন্তরণ
হাসান ইমতিয়াজ

সজনে পাতায় হলুদ মিনার
ভাঙছে আকাশ
রোদ কুয়াশায় জট জটলা
উর্ধশ্বাসে কাঁপছে বাতাস

কেউ জানেনা সন্তরণে
দূরত্বটা আস্ত পাহাড়
কাঁদছে শুধু অভিমানে

হাওয়ার ঘোরে হাটছি যেনো
ঘুরছি যেনো ঘূর্ণিপাকে
দেখছি না তো ভাঙছে কে বা
অন্তরালে ভাঙছে কাকে!

ছিন্ন বীণা ছেঁড়া সুতো
আঙুল ছুঁয়ে অষ্ট জনম নেহাৎ মিছে
হলুদ পাতায় হলুদ পাখি
জন্মাবধি ঘুরছে যেনো পিছে পিছে।

ছায়া অনুরাগ
কাজী আতীক

গ্রহণের কাল বেলায় মধ্যে স্থিত চাঁদ
কালো ছায়া ছড়িয়ে দেবে, পূর্ণ গ্রাস
পৃথিবীকে পরিয়ে দেবে আলোর নেকাব,

কোনো কি বার্তা দেবে?
আমি, তুমি কিংবা সে!
অনুরূপ বলয় কিংবা ভিন্নরূপ আচ্ছাদনে,
কিছু কি অসহনীয়, যেমন অনুধ্যায়ী
অন্তরঙ্গ অনুভব অথচ অন্তর দহনের!

এক অনতিক্রম্য ব্যতিক্রম
জীবনেও অনুচ্চারণের ব্যাপ্তিও এরকমই,
হৃদয়ে লগ্ন কারো ছায়া অনুরাগে
যেমন মৌন মৌমিতা তুমি মন সংযোগের।

পৃথিবীর মুখ
রবিউল রতন

পৃথিবী অস্থির আগুন প্রবাহ
পাতারা কাঁপছে শেকড়ে লেগেছে টান
দরোজায় কড়া নাড়ে অদৃশ্য আঙুল!
পৃথিবীতে আজ কোথাও-
রাত্রির চোখে ঘুম নেই
চারদিকে শুধু মানুষের দুঃখ ওড়ে,

ভালোবাসায় তীব্র প্রবঞ্চনা
অন্ধ প্রেমে প্রেতাত্মার কারসাজি
দুঃসময় তাড়া করে পৃথিবীর সুখ
এ কোন ঘূর্ণিঝড় দাপুটে বেড়াচ্ছে মানুষের পৃথিবীতে
বাতাসে বইছে বারুদের গন্ধ-বেঁচে থাকা অন্ধকার!
জানালায় তাকিয়ে দেখি করুণ পৃথিবীর মুখ।

Flight
LOWEST PRICE CHALLENGE
GLOBAL
NY 1 TRAVELS, INC
MIRZA M ZAMAN
আন্তর্জাতিক ও আভ্যন্তরীন
ফ্লাইটের টিকেট
সুলভ মূল্যে ক্রয় করুন
বাংলাদেশের ফ্লাইটের টিকেটে
রয়েছে বিশেষ ছাড় !!!
37-18 74th Street, Suite # 202, Jackson Heights, NY 11372
Tel: 646-750-0632
E-mail: globalnytravels@gmail.com

BD CARGO SERVICES
বি.ডি কার্গো সার্ভিস
আমাদের সেবা সমুহ:
আমেরিকা টু বাংলাদেশ
বাংলাদেশ টু আমেরিকা
যে কোন পরিমানের মালামাল
(সর্বোচ্চ ২৩কেজি/ ৫০পাউন্ড)
দ্রুতসময়ে মালামাল প্রেরন
স্বল্প খরচে পার্সেল পাঠানো হয়
ফ্রি প্যাকেজিং
ডোর টু ডোর সার্ভিস,
City Delivery
World Wide
Fast Delivery
USA Location :
Office & warehouse
150-43,Shore Avenue,
Jamaica,
NY-11433
+1 516-983-7381
Bangladesh Location :
Contact: MD.Mehedi Hasan
House:08 Road -03
Sector:01, Uttara
Dhaka: 1230
Phone:+88 01738057551
Contact Info
+1 347-279-3120 • +1 516-983-7370
bdcargocorp@gmail.com

Khalil Biryani House
খলিলের
খাবার দিয়ে আপনার
অনুষ্ঠান হয়ে উঠুক
জমজমাট
সম্পূর্ণ স্বাস্থসম্মত উপায়ে প্রস্তুত
2062 McGraw Ave
Bronx, NY 10462
Phone: 347-621-2884
1457 Unionport Rd.
Bronx, NY 10462
Phone: 718-409-6840
www.KHALILSFOOD.com

PEOPLE TECH
DevOps
Scrum Master & Product Owner
(100% Scholarship for Training & Job Placement. Condition applied)
Saturday & Sunday
9:00 AM To 2:00 PM Starting from
NOV 02 2019
Saturday & Sunday
2:30 PM To 7:30 PM Starting from
NOV 02 2019
Software Testing (QA) Training & Job Placement
New York In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
October 19, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
October 22, 2019
VA In Class Batches
Weekend Morning
9:00 AM To 2:00 PM
Selenium Starting from
November 16, 2019
Weekdays Evening
6:00 PM To 11:00 PM
Selenium Starting from
November 26, 2019
www.piit.us



শিল্পী সমিতির নির্বাচন-২০২৪-২৬

সভাপতি মিশা সাধারণ সম্পাদক ডিপজল

বিনোদন ডেস্ক: বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির ২০২৪-২৬ মেয়াদের নির্বাচনে জয়ী হয়েছেন মিশা-ডিপজল প্যানেল। শুক্রবার (১৯ এপ্রিল) দিনভর ভোট শেষে শনিবার ভোরে শিল্পী সমিতির নির্বাচনের ফল ঘোষণা করেন প্রধান নির্বাচন কমিশনার খোরশেদ আলম খসরু। কার্যনির্বাহী পরিষদের ফলাফল ঘোষণা করে প্রধান নির্বাচন কমিশনার জানান, সভাপতি পদে মিশা সওদাগর ২৬৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। অপরদিকে ১৭০ ভোট পেয়েছেন মাহমুদ কলি। মাত্র ১৬ ভোটের ব্যবধানে সাধারণ সম্পাদক পদে মনোয়ার হোসেন ডিপজলের কাছে হেরে যান নিপুণ আক্তার। ডিপজল ২২৫ ভোট পেয়েছেন এবং নিপুণ আক্তার পেয়েছেন ২০৯ ভোট। সহ-সভাপতি পদে মিশা-ডিপজল পরিষদ থেকে ২৩১ ভোটে মাসুম পারভেজ রুবেল ও ২৩৪ ভোট পেয়ে ডিএ তায়েব নির্বাচিত হয়েছেন। অপরদিকে মাহমুদ কলি-নিপুণ পরিষদের অমিত হাসান ২২৯ ভোট ও ড্যানি সিডাক পেয়েছেন ১৭৬ ভোট। সহ-সাধারণ সম্পাদক পদে মিশা-ডিপজল পরিষদের আরমান ২৩৭ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন।

অপরদিকে মাহমুদ কলি-নিপুণ পরিষদের বাপ্পি চৌধুরী পেয়েছেন ১৯৮ ভোট। সাংগঠনিক সম্পাদক পদেও মিশা-ডিপজল পরিষদ থেকে জয়ী হয়েছেন জয় চৌধুরী।

তিনি ২৫০ ভোট পেয়েছেন। অপরদিকে মাহমুদ কলি-নিপুণ পরিষদ থেকে অঞ্জনা রহমান পেয়েছেন ১৮৫ ভোট। আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক পদে ২৮৬ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন আলেক জান্ডার বো। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মারুফ আকিব পেয়েছেন ১৪৯ ভোট। দপ্তর ও প্রচার সম্পাদক পদে মিশা-ডিপজল পরিষদ থেকে ২৪৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন জ্যাকি আলমগীর। অপরদিকে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী কাবিলা পেয়েছেন ১৯০ ভোট। সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক পদে প্রতিদ্বন্দ্বিতা করে ডন পেয়েছেন ২০০ ভোট। অপরদিকে মামনুন ইমন ২৩৫ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। নির্বাচনে কোষাধ্যক্ষ পদে দুজন প্রতিদ্বন্দ্বিতা করেন। কমল ২৩১ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। এ ছাড়াও কার্যনির্বাহী পরিষদের যে ১১ সদস্য জয়ী হয়েছেন তারা হলেন: আলীরাজ ২৩৯, চুন্নু ২৪৮, দিলারা ইয়াসমিন ২১৮, নানা শাহ ২১০, পলি ২২০, রোজিনা ২৪৩, রত্না কবির ২৬৩, শাহনূর ২৪৫, সুচরিতা ২২৮, সুব্রত ২১৬, সনি রহমান ২৩০ ভোট। এবারের শিল্পী সমিতির নির্বাচনে ভোটার সংখ্যা ৫৭০। এর মধ্যে ৪৭৫ জন ভোট দিয়েছেন। এ ছাড়া প্রাপ্ত ভোটের মধ্যে ৪১টি ব্যালট বাতিল হয়েছে।

আমাকে কেন্দ্র করে গল্প হলে অভিনয় করব : ববিতা

বিনোদন ডেস্ক: বাংলাদেশের আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন কিংবদন্তি অভিনেত্রী ববিতা। অসংখ্য কালজয়ী সিনেমায় অভিনয় করে দর্শকপ্রিয়তা পেয়েছেন দেশ ও দেশের বাইরে। অভিনয়গুণে দর্শক মনে স্থায়ী জায়গা করে নিয়েছেন। তবে দীর্ঘদিন ববিতাকে বড় পর্দায় দেখছেন না তার ভক্তরা। এখন অভিনয় থেকে অনেকটাই দূরে রয়েছেন তিনি।



বেশিভাগ সময় থাকেন কানাডায় ছেলের কাছে অথবা আমেরিকায় ভাইদের কাছে। কিছু দিন আগে দীর্ঘ সময় কাটিয়ে দেশে এসেছেন এ অভিনেত্রী। সুযোগ হলেই ফিরবেন আবার অভিনয়ে, দর্শকরা তাকে আবারও পর্দায় দেখতে পাবে এমন আশার কথাই শোনালেন তিনি। বলেছেন, 'আমাকে কেন্দ্র করে গল্প তৈরি করা হলে অবশ্যই অভিনয় করব। অভিনয়কে আমি কখনোই বিদায় বলতে পারি না।'

ববিতা আরও বলেন, 'এখন যেসব চরিত্রের জন্য আমাকে বলা হয়, এগুলো করতে আমি অভ্যস্ত নই। মাঝে শাকিব খানের একটি সিনেমার জন্য আমার সঙ্গে যোগাযোগ করা হয়। সিনেমার শুটিং আমেরিকা, কানাডায় নাকি হওয়ার কথা ছিল। আমি নিষেধ করে দিয়েছি। শুধু মায়ের চরিত্রে অভিনয় করতে চাই না। কেউ যদি আমাকে কেন্দ্র করে গল্প তৈরি করে তাহলে অবশ্যই অভিনয় করব। কারণ, পাশের দেশগুলোতে দেখেন, অমিতাভ বচ্চন এ বয়সেও কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করছে। শ্রীদেবী মৃত্যুর আগেও প্রধান চরিত্রে অভিনয় করেছে। কিন্তু আমাদের দেশে এ চর্চাটা নেই। সবাই মনে করে বয়স হয়ে গেলেই নায়কের বাবা-মার চরিত্র ছাড়া আমাদের আর কোনো চরিত্র নেই। তাই আমি সিনেমায় নেই। ভালো এবং মনের মতো গল্প হলে অবশ্যই সিনেমায় আমাকে দেখবে দর্শক।'

দেশে ফিরে পরিবারের সঙ্গেই এখন সময় কাটছে ববিতার। নিজের ভাইয়েরা ও তাদের ছেলেমেয়ে, বোনের ছেলেমেয়ে সবাইকে নিয়ে সুন্দর সময় কাটছে তার। তিনি বলেন, 'অনেক বছর পর দাদাবাড়িতে গিয়েছিলাম। সেখানে আমরা একটি মসজিদ নির্মাণের পরিকল্পনা করেছি ভাইবোনেরা মিলে।'

এছাড়া বাপ-দাদার মাটিতে পা দিলে যে শান্তি, সেই শান্তি পৃথিবীর কোথাও নেই। কারণ এখনো বাড়িতে গেলে আশপাশের লোকজন আত্মীয়স্বজনের কাছে যেভাবে ভালোবাসা পাই, তাতেই হৃদয় জুড়ে যায়। এখন দেশে এভাবেই সময় কাটছে।' উল্লেখ্য, ববিতাকে শেষবার দেখা গেছে নারগিস আক্তারের 'পুত্র এখন পয়সাওয়ালা' সিনেমায়।

শহিদের বিলাসবহুল ভ্রমণতালিকা ফাঁস, যা বললেন মীরা

বিনোদন ডেস্ক: আগামী ১৬ মে পর্যন্ত বলিউড অভিনেতা শহিদ কাপুরের ভ্রমণের পরিকল্পনা ফাঁস হয়েছে সামাজিক মাধ্যমে। তালিকায় একের পর এক বড় দেশের নাম। শীতের দেশ থেকে মরু শহর– বাদ নেই কোনোটাই। তার বিভিন্ন দেশ ভ্রমণের এই তালিকা প্রকাশ্যে আসতেই শিরোনামে শাহিদ। চোখ কপালে উঠেছে অনুরাগীদের। বিলাসবহুল জীবনযাত্রার ছোঁয়া মিলেছে তালিকার প্রতি ছত্রে।



ঘটনা নিয়ে এখনো কোনো প্রতিক্রিয়া মেলেনি শহিদের তরফে। তবে অভিনেতার স্ত্রী মীরা রাজপুত বিষয়টি নিয়ে মুখ খুলেছেন সামাজিক মাধ্যমে। তিনি লেখেন, "আপনার থেকেও ইন্টারনেট যখন আপনার স্বামীর ভ্রমণ পরিকল্পনা নিয়ে বেশি আগ্রহী হয়ে পড়ে"। পাশাপাশি, শহিদের উদ্দেশে তার প্রশ্ন– "তোমার এই বন্ধুর সঙ্গে কখন আলাপ করাবে?"

ভ্রমণতালিকায় মুম্বাই থেকে দিল্লির উদ্দেশে রওনা দেবেন ২৩ এপ্রিল। দিল্লিতে একদিন কাটিয়ে ২৫ এপ্রিল টোকিও রওনা দেবেন অভিনেতা। জাপানের রাজধানী থেকে ২৭ এপ্রিল সোজা সিডনি যাওয়ার পরিকল্পনা রয়েছে তার। সিডনিতে দুদিনের বিরতির পরে নিউইয়র্ক শহরে পাড়ি দেবেন ৩০ এপ্রিল। সেখানে টানা চার দিন থাকবেন শহিদ। আগামী মাসে অর্থাৎ মে মাসের ৫ তারিখে প্যারিসে পৌঁছবেন তিনি। প্যারিস থেকে ৮ মে রওনা দেবেন ইস্তানবুলে। চার দিন পর ১২ মে পৌঁছবেন মরু শহর আবুধাবিতে। তার পরে ১৬ মে ফিরবেন মুম্বাই শহরে।

যদিও কাজের সূত্রে এই বিদেশযাত্রা, নাকি নিছক ভ্রমণের আনন্দ উপভোগের উদ্দেশ্যেই এই পরিকল্পনা, সে প্রসঙ্গে কোনো তথ্য মেলেনি এখনো।

জন্মদিনে কারিনার মাকে যে বিশেষ উপহার পাঠাল তৈমুর ও জেহ্



বিনোদন ডেস্ক: কারিনা কাপুরের মায়ের জন্মদিনে ছেলে তৈমুর ও জেহ্-এর বিশেষ উপহার। প্রিয় ঠাকুমাকে হাতে তৈরি কার্ড দিয়ে জন্মদিনের শুভেচ্ছা জানাল পরিবারের ছোট্ট সদস্যরা। সামাজিক মাধ্যমে সেই ছবি ভাগ করে নিলেন কারিনা কাপুর খান। সঙ্গে লিখেছেন, "আমাদের পৃথিবীকে জন্মদিনের শুভেচ্ছা। আমার মা।"

তৈমুরের কার্ডে জন্মদিনের শুভেচ্ছার সঙ্গে রয়েছে নানা ধরনের মজার স্টিকার। "ঠাকুমা, সব কিছুর ঊর্ধ্বে তোমাকে ভালোবাসি," হাতের লেখায় ঝরে পড়ছে নিষ্পাপ ভালোবাসা। পাশাপাশি এ-ও লেখা রয়েছে, "আমার 'চিকেন উইংস' চাই।" অন্যদিকে জেহ্-এর কার্ডে অপটু হাতের আঁকিবুকি। আর ঠাকুমাকে নিয়ে কয়েকটি প্রশংসামূলক স্টিকার। দুই শিশুর সারল্যে ভরা এই প্রচেষ্টা প্রশংসা কুড়িয়েছে ইনস্টাগ্রামে। প্রশংসায় মজেছেন অনিল কাপুর এবং ঋদ্ধিমা কাপুর। ভালোবাসার ইমোজি দিয়েছেন মন্তব্যের ঘরে।

সন্তানদের কার্ডের ছবির পাশাপাশি মায়ের সঙ্গে একটি আবেগপূর্ণ ছবি দিয়েছেন কারিনা কাপুর খান। বর্ষীয়ান অভিনেত্রী ববিতা সস্নেহে জড়িয়ে ধরে রয়েছেন মেয়ে কারিনাকে। ছবিতে দূরে দেখা যাচ্ছে রণধীর কাপুরকেও।

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



আপনার পিতা-মাতা, শ্বশুর-শাশুড়ী, প্রতিবেশী এবং
বন্ধু বান্ধবদের সেবা দিয়ে অর্থ উপার্জন করুন।

আমরা সর্বোচ্চ পেমেন্ট করে থাকি

এতে কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।



Call Today:

Giash Ahmed
Chairman/CEO
917-744-7308

Dr. Md. Mohaimen
718-457-0813
Fax: 631-282-8386
718-457-0814

Nusrat Ahmed
President
718-406-5549

Email: giashahmed123@gmail.com
web: immigrantelderhomecare.com

Corporate Office	Jamaica Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	87-54 168th Street, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	859 Fillmore Ave
Jackson Heights, NY 11372	Jamaica, NY 11432	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14212
917-744-7308, 718-457-0813	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549	718-406-5549

চিত্রে বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসিটি'র ফ্যামিলি নাইট-২০২৪




























প্রতি শনিবার ও রবিবার/ EVERY SATURDAY AND SUNDAY

FREE PARKING

AFTAB SUPER MARKET

WHERE QUALITY MATTERS

144-01 Hillside Ave, Jamaica, NY 11435

Tel: 718-301-8510

VALID ONLY ON 04/27/2024 and 04/28/2024

মাছ মেলা FISH FAIR মাছ মেলা

আপনার বন্ধু এবং পরিবার আপনার সাথে আনুন,সস্তায় মাছ কিনুন

ROHU 3KG $10 EACH

KATLA 3KG $17 EACH

MRIGAL 3KG $18 EACH

HILSA 10/12 $18 EACH

MRIGAL 2KG-$10 EACH

SHORPUTI- 1.5KG $10 EACH

PANGASH 1.5KG $12 EACH

ROHU 2KG $7 EACH

ROHU 4KG- 2.20/LB

ROHU 5KG- 2.30/LB

ROHU 6KG- 3.19/LB

ROHU 7KG- 3.79/LB

MRIGAL 4KG- 2.99/LB

MRIGAL 5KG- 3.29/LB

MRIGAL 6KG- 3.89/LB

MRIGAL 7KG- 4.99/LB

KATLA 5KG- 2.39/LB

KATLA 6KG- 2.59/LB

KATLA 8KG- 2.75/LB

KATLA 9KG- 2.99/LB

HILSA 8/10-$13 EACH

HILSA 12/15- 9.99/LB

HILSA 15/20- 14.99/LB

CHITOL 4KG- 3.99/LB

PANGASH 2KG-3.49/LB

POMFRET- 3.49/LB

TELAPIA FILLET- 3.49/LB

KORAL 1KG- 3.49/LB

KORAL 3KG- 3.99/LB

TELAPIA- 2.79/LB

KARFU- 2.79/LB

GOLDA 12 PCS $14.99

DESHI KOI, 1KG $8.99

31/40 EZP/2lb $8.99/PACK

31/40 PDT/2lb $9.99/PACK

BEEF- $3.79/LB

BUY 10 LBS OR MORE, GET 1 DOZEN MEDIUM SIZE EGGS FREE

WHOLE CHICKEN- $2.49/LB

BUY 5, GET 1 CHICKEN LEG TRAY FREE

CHICKEN LEGS

BUY 5 TRAYS OR MORE, GET 1 TRAY FREE

RELATED ITEMS ON SALE

ALL BLOCK FISH ON SALE

10% OFF

এখনই আপনার কুরবানীর অর্ডার করুন

TAKING QURBANI ORDERS NOW

MED. EGGS 2 FOR $5 GRADE A

PRAN 3 FOR $5 SINGARA SOMOSA DALPURI ALUPURI

TEA-400GM 2 FOR $7

MILK $2.99 EACH 1 GAL

ABDULLAH RICE $12.99 EACH 20 LBS

DELTA RICE $32.99 EACH 50 LBS

অভিনয়ের কোন ইচ্ছেই আমার ছিল না



বিনোদন ডেস্ক: বর্তমান প্রজন্মের আলোচিত অভিনেতা সোহেল মন্ডল। যৌথ প্রযোজনায় নির্মিত 'মায়ার জঞ্জাল' নামে একটি সিনেমায় অভিনয়ের জন্য কিছুদিন আগে ভারতের ফিল্মফেয়ার অ্যাওয়ার্ড (বাংলা)-এ সেরার পুরস্কার পান। বর্তমান কর্মব্যস্ততা ও সমসাময়িক প্রসঙ্গ নিয়ে আজকের 'হ্যালো...' বিভাগে কথা বলেছেন তিনি।

 # 'মায়ার জঞ্জাল' আপনাকে আন্তর্জাতিক পুরস্কার এনে দিল, এ সিনেমায় কাজ করার জার্নিটা কেমন ছিল?

** ২০১৮ সালে এ সিনেমায় যুক্ত হয়েছিলাম। সে সময় আমি একেবারেই অপরিচিত। মেজবাউর রহমান সুমন ভাইয়ের মাধ্যমে এ সিনেমার পরিচালক ইন্দ্রনীল দার সঙ্গে পরিচয়। নতুন হলেও কাজ করতে খুব বেশি সমস্যা হয়নি। দেশে বা বিদেশে যেটাই বলেন, আমার প্রথম পুরস্কার এটা। এত গুণী অভিনয়শিল্পীদের পাশে থেকে নবাগত হিসেবে পুরস্কার পাওয়া এটা অনেক আনন্দের ও সম্মানের।

 # অভিনয় করবেন এমনটা কি ইচ্ছে ছিল?

** আসলে আমার অভিনয়ের কোন ইচ্ছেই ছিল না। থিয়েটার করতে এসে অভিনয়ের প্রতি ভালোবাসাটা জন্ম হয়। অভিনয় করতে করতে মনে হলো এটাকে প্রফেশন হিসেবে নেওয়া যায়। থিয়েটার তো আসলে সব কিছুর কম্বিনেশন। অভিনয় শিখছিলাম, ডিজাইনারের কাজ করছিলাম। তখন থিয়েটার করার একটা ঝোঁক ছিল। আর এখন অভিনয়টা আমি উপভোগ করি।

 # আপনার বেশিভাগ কাজ ওটিটিতে। অনেকে বলছে ওটিটি বাংলাদেশের কাজের ক্ষেত্র অনেকটা বিস্তৃত করেছে। আপনারও কি তেমন মনে হয়?

** আসলে ওটিটি আসার পর সবাইর কাজের সুযোগ বাড়ছে। ইন্ডাস্ট্রির জন্য খুব ভালো 'ভাইব' তৈরি হয়েছে। আমাদের সিনেমায় যে সংকট সেটার অভাব মেটাচ্ছে ওটিটি। তবে এখনই সবকিছু বলা যাবে না। যেভাবে কাজ হচ্ছে, তাতে করে আশাবাদ রাখাই যায় একটা কন্ট্রিবিউশনতো ওটিটিও রাখছে।

 # আপনার নতুন সিনেমা দর্শক কবে পাবে?


** নতুন সিনেমা আসছে। একটা হচ্ছে 'শ্যামা কাব্য'। সিনেমাটি নির্মাণ করছেন বদরুল আনাম সৌদ। শিগগিরই এর মুক্তির তারিখ ঘোষণা করা হবে। আরেকটা মাসুদ হাসান উজ্জ্বলের 'বনলতা সেন'। এর পোস্ট প্রডাকশনের কাজ চলছে। এ বছরের শেষ নাগাদ এটি মুক্তি পাবে।

নিউইয়র্কে 'মেঘের কপাট'



বিনোদন ডেস্ক: আমেরিকার নিউইয়র্কে অনুষ্ঠিত হচ্ছে 'সুচিত্রা সেন আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসব'। উৎসবে ফিচার বিভাগে প্রদর্শনীর জন্য মনোনীত হয়েছে ওয়ালিদ আহমেদ পরিচালিত সিনেমা 'মেঘের কপাট'।

উৎসবের দ্বিতীয় দিন অর্থাৎ শনিবার সময় দুপুর ১২-৫৫ মিনিটে নিউইয়র্কের জ্যামাইকা পারফরমিং আর্টস সেন্টারে সিনেমাটি প্রদর্শিত হয় বলে জানিয়েছেন এ নির্মাতা। এ সিনেমা কেন্দ্রীয় চরিত্রে অভিনয় করেছেন অপি করিম। প্রসঙ্গত, গত বছরের ৩ নভেম্বর বাংলাদেশের সিনেমাহলে মুক্তি পায় 'মেঘের কপাট'।









নিউইয়র্কে বাংলাদেশ ডে প্যারেড ২৬ মে

নিউইয়র্ক (ইউএনএ): নানা আয়োজনে পরিপূর্ণভাবে বাংলাদেশ আর দেশের শিল্প-সংস্কৃতি বিশ্ববাসীর কাছে তুলে ধরার লক্ষ্যেই নিউইয়র্কে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের উদ্যোগ নেয়া হয়েছে। আগামী ২৬ মে রোববার জ্যাকসন হাইটসের ৬৯-৮৭ স্ট্রীট এবং ৩৭ এভিনিউ এলাকায় এই প্যারেড অনুষ্ঠিত হবে। প্যারেডের আয়োজক হচ্ছে ওয়ার্ল্ড হিউম্যান রাইটস ডেভলপমেন্ট ইউএসএ ইনক। প্যারেড অনুষ্ঠানে বাংলাদেশ সোসাইটি সহ কমিউনিটির অন্যান্য সংগঠন সার্বিক সহযোগিতার আশ্বাস দিয়েছে। চলছে প্যারেড আয়োজনের প্রস্তুতি। এই আয়োজন সফল করতে কমিউনিটির সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়েছে। এক সংবাদ সম্মেলন ও মতবিনিময় সভায় এসব তথ্য জানানো হয়। খবর ইউএনএ'র।

জ্যাকসন হাইটসের একটি মিলনায়তনে গত ১৫ এপ্রিল সোমবার সন্ধ্যায় আয়োজিত এক সংবাদ সম্মেলন ও মতবিনিময় সভায় বাংলাদেশ প্যারেড আয়োজক সংগঠন ও কমিটর কর্মকর্তারা উপরোক্ত তথ্য জানান। সংবাদ সম্মেলনে আয়োজক সংগঠনের সভাপতি শাহ শহীদুল হক ও সাধারণ সম্পাদক ইঞ্জিনিয়ার আব্দুস সোবহান এবং প্যারেড আয়োজক কমিটির আহ্বায়ক লায়ন শাহ নেওয়াজ ও সদস্য সচিব তরিকুল হোসাইন বাদল সহ আখতার হোসেন, সৈয়দ ফারুক, জাহাঙ্গীর আলম জয় এবং



সোসাইটির সাধারণ সম্পাদক রুহুল আমীন সিদ্দিকী প্রমুখ বক্তব্য রাখেন।

সংবাদ সম্মেলনে জানানো হয় যে, বাংলাদেশ ডে প্যারেড অনুষ্ঠানের কর্মকান্ডের মধ্যে থাকবে বর্ণাঢ্য র‍্যালী, শত শিল্পীর কণ্ঠে গান, লাইফ ব্যান্ড সঙ্গীত, নৃত্য, দেশের মৃৎশিল্প, তাঁতশিল্প, গার্মেন্টস, জাতীয় ফুল-ফল ও দেশীয় ঐতিহ্যের স্মারক প্রদর্শন। সকাল ১১টা থেকে বেলা ৩টা পর্যন্ত ডে প্যারেডের কর্মকান্ড চলবে।

সংবাদ সম্মেলনের শুরুতে লিখিত বক্তব্যে বিস্তারিত তুলে ধরেন বাংলাদেশ প্যারেড আয়োজক কমিটির আহ্বায়ক লায়ন শাহ নেওয়াজ। তিনি ভারতীয় উপমহাদেশের বিভিন্ন রাজার আমল ও পলাশীর প্রান্তরে বাংলার স্বাধীনতা হারানো সহ স্বাধীন বাংলাদেশের অতীত ইতিহাস-ঐতিহ্য সংক্ষেপে তুলে ধরে বলেন, বাংলাদেশ আজ সফল একটি দেশ। বলেন, আমরা সকল সীমা অতিক্রম করে স্যাটেলাইট, সাবমেরিন, পদ্মা সেতু, মেট্রোরেল, টানেল, নোবেল পুরস্কার, বড় সমুদ্র সৈকত প্রভৃতি অর্জন করেছি। তিনি বলেন, বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের মধ্য দিয়ে আমরা আমাদের বাংলাদেশকে সবাইকে জানিয়ে দিতে চাই।

লায়ন শাহ নেওয়াজ বলেন, প্রায় দুই বছর আগে বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের কর্মসূচী নিয়ে আলোচনা শুরু হয়। গত ১৩ জানুয়ারী স্থানীয় পুলিশ প্রিসেক্ট-এর কর্মকর্তা ও কমিউনিটি নেতৃবৃন্দের নিয়ে প্যারেড আয়োজন বিষয়ে মতবিনিময় হয়। পরবর্তীতে গত এপ্রিল মাসে জেবিবিএ'র দুই গ্রুপের নেতৃবৃন্দ নিয়েও এক সংবাদ সম্মেলন হয়। সবমিলিয়ে আগামী ২৬ মে রোববার বাংলাদেশ ডে প্যারেড আয়োজনের চুড়ান্ত সিদ্ধান্ত হয়েছে।

এক প্রশ্নের উত্তরে প্যারেড আয়োজক কমিটির কর্মকর্তারা বলেন, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের পৃষ্ঠপোষকতায় এই অনুষ্ঠানের ব্যয় নির্ধারন করা হবে। তবে এখনো ব্যয়ের পরিমান নির্ধারণ করা হয়নি। অপর এক প্রশ্নের উত্তরে তারা জানান, অতিথি হিসেবে দেশের খ্যাতিমান ক্রিকেট তারকা সহ বিশিষ্ট ব্যক্তিদেরকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হবে।

SNS এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস
(একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান)



একাউন্টিং
ইনকাম ট্যাক্স, ব্যক্তিগত(Individual all States), কর্পোরেশন, পার্টনারশীপ, নট ফর প্রফিট ট্যাক্স, সেলস্ ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আইআরএস -এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়াদি।

Authorized e-file PROVIDER
Electronic Filing & Direct Deposit 2021 For Accurate Faster & Secure Refund

প্রফেশনাল করস্পন্ডেন্স, ট্রান্সলেশন সার্ভিস।
নোটারী পাবলিক
ফ্যাক্স সার্ভিস
রেজ্যুমি
দক্ষতার সাথে রেজ্যুমি ও কভারিং লেটার প্রস্তুত করা হয়।
রেজিষ্ট্রেশন
বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেশন রেজিষ্ট্রেশন

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমার্সদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেওয়া হয়।
অফিস সময় : সোমবার থেকে শুক্রবার সকাল ১০টা- রাত ৮টা। শনি ও রোববার সকাল ১১ টা-রাত ৮টা
"EXPERIENCE COUNTS, TRUST US, WE SERVE YOU BETTER"
আমাদের রয়েছে ২৫ বছরের বেশি- বিধিসম্মত -নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতাও অভিজ্ঞতা
যোগাযোগ করুন ঃ এম এ কাইয়ূম
৩৫-৪২ ৩১ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক- ১১১০৬
ফোন ঃ ৭১৮-৩৬১-৫৮৮৩,৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স ৭১৮-৩৬১-৬০৭১
(এন এবং ডব্লিউ ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী



SHEIKH SALIM
Attorney at Law

Accident Cases,
Medical Malpractice
& Legal Malpractice

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্ট্রাকশন দুর্ঘটনা
- ভুল চিকিৎসা
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- মটর গাড়ি দুর্ঘটনা
- আসবেস্টস থেকে ক্ষতি
- লেড বিষ সম্পর্কীয়
- কাজের সময় দুর্ঘটনা
- মিসিনারি ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- বার্থ রিলেটেড ইনজুরি
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC
Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- Represent Taxpayers for I.R.S./ State Audit
- Tax Preparation:
  Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- Accounting:
  Payroll, Sales Tax, etc.
- Business Licenses
- ইমিগ্রেশন সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, EA
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইনক

Member : naea NYSSCPA e-file



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইনক এর সদস্য পদ গ্রহণ/ নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61 Street, 1st Fl, Woodside, NY 11377 Tel: 718-205-3460, 718-440-6712, Fax: 718-205-3475, e-mail: wasichoudhury@yahoo.com

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD

KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

SECI

বাংলাদেশে টাকা পাঠাবেন? সোনালী এক্সচেঞ্জে আসুন

ছুটির দিনে যুক্তরাষ্ট্রে সোনালী এক্সচেঞ্জ হাউজ খোলা

- আমরা টাকা পাঠাতে কোন ফি নেই না
- আমরা দিচ্ছি সর্বোচ্চ এক্সচেঞ্জ রেট
- আমরা সকল ব্যাংকে একই রেট দিয়ে থাকি
- আমাদের ক্যাশ পিকআপ রেটও সমান
- আমাদের বিকাশ সার্ভিসের রেটও সমান
- আমরা দিচ্ছি আড়াই শতাংশ সরকারী প্রণোদনা পাবার নিশ্চয়তা



blaze ব্লেজ নামীয় সার্ভিসের মাধ্যমে ২৪/৭/৩৬৫ ভিত্তিতে মাত্র ৫ সেকেন্ডের মধ্যে রেমিট্যান্স প্রেরণ করুন।

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক

SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)

LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE NY DFS, NJ DB&i, MI DIFS, GA DB&F AND MD OCFR

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-829-3875	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

ডাঃ ফেরদৌস খন্দকার
এম.ডি, এফএসিপি
মেডিসিন বিশেষজ্ঞ

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি





প্রধানমন্ত্রী ভবিষ্যৎ বাংলাদেশ গড়ার

(শেষের পাতার পর)মাহমুদ আলী বলেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্ন বাস্তবায়নে ভবিষ্যৎ বাংলাদেশ গড়ার কাজ শুরু করেছেন।

১৮ এপ্রিল বৃহস্পতিবার ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসের কর্মকর্তা-কর্মচারীদের সঙ্গে মতবিনিময়কালে অর্থমন্ত্রী এ মন্তব্য করেন। আন্তর্জাতিক মুদ্রা তহবিল এবং বিশ্বব্যাংক গ্রুপের স্প্রিংমিটিং-এ বাংলাদেশ প্রতিনিধি দলের নেতৃত্ব দিতে অর্থমন্ত্রী মাহমুদ আলী এখন ওয়াশিংটনে অবস্থান করছেন।

যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরানও অনুষ্ঠানে বক্তব্য রাখেন এবং জনাব মাহমুদ আলীর বর্ণাঢ্য কূটনৈতিক এবং রাজনৈতিক কর্মজীবন সংক্ষেপে তুলে ধরেন।

অর্থমন্ত্রী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্যে কাজ শুরু করেছেন এবং তার নেতৃত্বে দেশ সামনের দিকে দ্রুত এগিয়ে যাচ্ছে।

মাহমুদ আলী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা বঙ্গবন্ধুর অসমাপ্ত কাজ সম্পন্ন করার দায়িত্ব নিয়েছেন এবং তিনি জাতিকে এর অভীষ্ঠ লক্ষ্যের দিকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। কিন্তু দেশে স্বাধীনতা বিরোধী শক্তির অস্তিত্ব এখনো বিদ্যমান এবং তারা দেশের চলমান উন্নয়ন বাধাগ্রস্ত করার জন্য ধ্বংসাত্মক কার্যকলাপ চালিয়ে যাচ্ছে।

জনাব মাহমুদ আলী ১৯৭১ সালে নিউইয়র্কে তার কূটনৈতিক জীবনের স্মৃতিচারণা করেন। তিনি ছিলেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত প্রথম কূটনীতিক যিনি মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানের পক্ষ ত্যাগ করে বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে অংশগ্রহণ করেছিলেন।

এর আগে অর্থমন্ত্রী দূতাবাসের বঙ্গবন্ধু কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আবক্ষ ভাস্কর্যে পুষ্পস্তবক অর্পণের মাধ্যমে জাতির পিতার প্রতি গভীর শ্রদ্ধা জানান। দূতাবাসে পৌঁছালে অর্থমন্ত্রী মাহমুদ আলীকে স্বাগত জানান রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান এবং দূতাবাসের অন্যান্য কর্মকর্তাবৃন্দ। - দূতাবাসের প্রেস মিনিস্টার এজেডএম সাজ্জাদ হোসেন প্রেরীত প্রেস বিজ্ঞপ্তি।

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (স্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attornys Admittied in State & Federal Court,
CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

IRS e file

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

স্থান পরিবর্তন



অফিস : ৩৭-২৯
৭২ স্ট্রিট, ১ম তলা
জ্যাকসন হাইটস
নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, রাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করাসহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোন : ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

ইনকাম ট্যাক্স
ইমিগ্রেশন
ট্রাভেলস্

25th Anniversary

KAKATUA AGENCY
কাকাতুয়া এজেন্সী

Authorized IRS e-file Provider

পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)

ENROLLED AGENT

OUR SERVICES ARE:

- Income Tax
- Accounting Service
- Immigration Form Fill Out
- Travel
- Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভাদাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয় ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center



Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT
8 Weeks Course
4 Hours Each Class
Total 32 Classes (4 days/week)
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

SHSAT
8 Weeks Course
5 days/week
Total Cost : $2000.00
Time : 2 pm to 6 pm

COMMON CORE MATH & ENGLISH
1st Grade to 6th Grade
8 weeks course
3 Hrs./day, 4 days/week
Cost : 600.00

Get **25%** Discount
sign up by 4th July

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Quality Education is Our Priority!

Congratulations to all our Students who made into Specialized High School

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP
Board Certified in Internal Medicine

Address
87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

জাতিসংঘে পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়নে অর্জিত অগ্রগতি তুলে ধরলেন বাংলাদেশ প্রতিনিধিদল

নিউইয়র্ক: নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে চলমান আদিবাসী সংক্রান্ত জাতিসংঘের স্থায়ী ফোরাম এর ২৩তম অধিবেশনে পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ মশিউর রহমান, এনডিসি ঐতিহাসিক 'পার্বত্য শান্তিচুক্তি' বাস্তবায়ন এবং ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের উন্নয়ন ও অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ ও বিকাশে সরকারের গৃহীত কার্যক্রম বিস্তারিতভাবে তুলে ধরেন।

এই বিষয়ে প্রদত্ত বক্তব্যে তিনি বলেন বাংলাদেশের সংবিধান দেশের জনগনের মধ্যে ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারীপুরুষভেদ বা জন্মস্থান নির্বিশেষে সম অধিকার প্রদান করেছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বে ১৯৯৭ সালে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি স্বাক্ষরের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে কয়েক দশকের সংঘাতের অবসান ঘটেছে এবং পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর জনগনকে এদেশের উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করা সম্ভব হয়েছে। চুক্তির বাস্তবায়ন সম্পর্কে তিনি আরো বলেন যে একটি অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে এর ধারাগুলি বাস্তবায়নের প্রক্রিয়া চলমান রয়েছে। মোট ৭২টি ধারার মধ্যে ইতোমধ্যে ৬৫টি সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়েছে, ৩টি আংশিকভাবে বাস্তবায়িত হয়েছে এবং ৪টি ধারা বাস্তবায়নাধীন রয়েছে'।

এছাড়াও তিনি পার্বত্য চট্টগ্রামে নিরাপত্তা নিশ্চিতকরণ,



পরিবেশগত ভারসাম্য রক্ষা, ভূমি বিরোধ নিষ্পত্তির জন্য ডিজিটাল ভূমি জরিপ ও ব্যবস্থাপনা উদ্যোগসহ অত্র অঞ্চলের সামগ্রিক উন্নয়ন সাধনে সরকারের গৃহীত নানা পদক্ষেপ সম্পর্কে ফোরামকে অবহিত করেন। তিনটি পার্বত্য চট্টগ্রাম জেলায় তিনজন প্রথাগত সার্কেল চিফ নানাবিধ প্রশাসনিক ও আইনি কর্তৃত্ব ভোগ করেন এবং প্রতিটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান এবং দুই-তৃতীয়াংশ সদস্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী থেকে নির্বাচিত হন বলেও উল্লেখ করেন পার্বত্য চট্টগ্রাম বিষয়ক সচিব। তিনি আরও বলেন যে, পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সাথে পরামর্শ করে সরকার বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডে বিনিয়োগ অব্যাহত রেখেছে। জাতিসংঘের বেশ কয়েকটি সংস্থা এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী এই অঞ্চলে উন্নয়ন কার্যক্রমের বিভিন্ন প্রকল্প বাস্তবায়ন করছে। তিনি উল্লেখ করেন স্পষ্টতই পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পর থেকে এই অঞ্চলের সার্বিক উন্নয়নে অসামান্য পরিবর্তন ঘটেছে।

সরকার আইন প্রণয়ন করে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্য, রক্ষা ও প্রচারের জন্য বিশেষায়িত সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করেছে। পাঁচটি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের মাঝে তাদের নিজ নিজ ভাষায় বিনামূল্যে পাঠ্য পুস্তক নিয়মিতভাবে বিতরণ করা হচ্ছে। তৃতীয় ও চতুর্থ শ্রেণীর সরকারি চাকরি এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ৫ শতাংশ হারে কোটা সংরক্ষিত আছে। বর্তমানে, জাতীয় সংসদে ০৪ (চার) জন এবং মন্ত্রিসভায় ০১(এক) জন ক্ষুদ্র নৃতাত্ত্বিক গোষ্ঠীর সদস্য রয়েছেন বলেও তিনি তাঁর বক্তব্যে উল্লেখ করেন।

জাতিসংঘ সদর দপ্তরে ১৫ হতে ২৬ এপ্রিল ২০২৪ পর্যন্ত দুই সপ্তাহব্যপী আদিবাসী সংক্রান্ত জাতিসংঘের স্থায়ী ফোরাম এর ২৩তম অধিবেশন অনুষ্ঠিত হচ্ছে। এই সভায় পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মোঃ মশিউর রহমান, এনডিসি এর নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধিদল অংশগ্রহণ করছেন। প্রতিনিধি দলে ভূমি মন্ত্রণালয়ের সচিব মোঃ খলিলুর রহমান এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়ারম্যান সুপ্রদীপ চাকমাসহ প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় এবং স্থায়ী মিশনের প্রতিনিধিবৃন্দ রয়েছেন।

উল্লেখ্য, জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের আওতায় আদিবাসী সংক্রান্ত স্থায়ী ফোরাম বিশ্বব্যাপী আদিবাসীদের বিভিন্ন ইস্যু নিয়ে কাজ করে থাকে। -প্রেস বিজ্ঞপ্তি।



আবদুল বাছির খানের

(শেষের পাতার পর)

খান আর নেই। শনিবার দুপুর ১২.১০ মিনিটে লং আইল্যান্ডের একটি নার্সিং হোমে তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। (ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। অসুস্থ অবস্থায় বেশ কিছুদিন যাবত তিনি এই নার্সিং হোমে ভর্তি ছিলেন। বিকাল ৫টায় মরহুমের মরদেহ পার্কচেস্টার জামে মসজিদে আনা হবে এবং রোববার (২১ এপ্রিল) বাদ জোহর (১.৩০ মিনিট) মসজিদে তার জানাজা নামাজে অনুষ্ঠিত হয়। তার মরদেহ সোমবার (২২ এপ্রিল) লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়ালে দাফন করা হবে।

উল্লেখ্য, আবদুল বাছির খান মাত্র ১২ বছর বয়সে বাবার হাত ধরে পাড়ি জমান বিলেতে। দীর্ঘ এক যুগের বেশি সময় ব্রিটেনে বসবাসের পর ব্রিটিশ পাসপোর্ট নিয়ে বাছির খান যুক্তরাষ্ট্রে আসেন। এখানে আসার পর নিউইয়র্কেই কেটেছে তাঁর প্রবাস জীবনের ৫৫ বছর। গ্রহণ করেছেন আমেরিকান পাসপোর্ট। তবে কখনো পাকিস্তান কিংবা বাংলাদেশের পাসপোর্ট ছিল না তাঁর। বাংলাদেশের হবিগঞ্জ জেলার নবীগঞ্জের বাসিন্দা আবদুল বাছির খান মৃত্যুকালে স্ত্রী, এক ছেলে ও এক মেয়ে রেখে যান। তাঁর পরিবারের সবাই যুক্তরাষ্ট্রের নাগরিক। বাছির খান ছিলেন একাধারে ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের নাগরিক।

ব্রিটেন ও যুক্তরাষ্ট্রের দীর্ঘ জীবনে তিনি সব সময় বাংলাদেশী বিভিন্ন সামাজিক-সাংস্কৃতিক সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন। ১৯৭১ সালে বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের সময় বিচারপতি আবু সাঈদ চৌধুরীর সঙ্গে মুক্তিযুদ্ধের সপক্ষে লন্ডনের বিভিন্ন স্থানে বিক্ষোভেও অংশগ্রহণ করেন তিনি। ইংল্যান্ডের ম্যানচেস্টার আওয়ামী লীগের কর্মী হিসেবে রাজপথে মিছিল করেছেন, সক্রিয়ভাবে অংশ নিয়েছেন বিভিন্ন সমাবেশে। যুক্তরাষ্ট্রে আসার পর থেকে বাংলাদেশের স্বপক্ষে কিংবা কমিউনিটির বিভিন্ন দাবি-দাওয়া আদায়ে মিছিল-মিটিং-সামাজিক কর্মকান্ডে সোচ্চার ছিলেন তিনি। প্রবাসী বাংলাদেশেদের কোনো অনুষ্ঠানের খবর পেলেই ছুটে যেতেন সেখানে। প্রবাসের অনেক সংগঠনেরই প্রতিষ্ঠাতাদের একজন ছিলেন এই বাছির খান। কোনো কোনো সংগঠনের সঙ্গে যুক্ত ছিলেন বহু বছর ধরে।

সংগঠন প্রিয় আবদুল বাছির খান যুক্তরাষ্ট্র হবিগঞ্জ সমিতির সঙ্গে যুক্ত সেই প্রতিষ্ঠা থেকেই। প্রবাসের অন্যতম বৃহত্তম আঞ্চলিক সংগঠন জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকা তিনি ছিলেন সহ সভাপতি। যুক্তরাষ্ট্র প্রবাসী নবীগঞ্জবাসীদের একমাত্র সংগঠন নবীগঞ্জ উপজেলা ওয়েলফেয়ার সোসাইটি ইউএসএ'র কার্যকরী কমিটিতে ছিলেন ১৯৯৬ সাল থেকে। তা ছাড়া বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের তিনি প্রতিষ্ঠাতা সদস্য। ব্রঙ্কস বাংলা স্কুলের শিক্ষকতার সঙ্গে জড়িত ছিলেন দীর্ঘদিন। 'ব্রঙ্কসের কলম্বাস' খ্যাত বাছির খান ১৯৯৬ সালে অবসর গ্রহণের পর থেকে পার্কচেস্টারে বসবাস করতেন। গত দুবছর ধরে তিনি তার মেয়ের সাথে লং আইল্যান্ডে বসবাস করছিলেন। দলমত-নির্বিশেষে সবাই ভালোবাসতেন অজাতশত্রু সদা হাস্যোজ্জ্বল আবদুল বাছির খানকে।

ডা. হামিদুজ্জামানের মাতৃবিয়োগ

(শেষের পাতার পর)

বাসায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। ইন্না লিল্লাহে ওয়া ইন্না ইলাইহি রাজিউন। তার বয়স হয়েছিলো ৮৬ বছর। মৃত্যুকালে তিনি ২ ছেলে, ৩ মেয়ে ও নাতি-নাতনী সহ বহু গুণগ্রাহী রেখে গেছেন। খবর ইউএনএ'র।

মরহুমার নামাজে জানাজা রোববার (২১ এপ্রিল) বাদ মাগরেব জ্যামাইকা মুসলিম সেন্টারে অনুষ্ঠিত হয়। এতে বিপুলসংখ্যক প্রবাসী বাংলাদেশী যোগ দেন। সোমবার (২২ এপ্রিল) সকালে লং আইল্যান্ডের ওয়াশিংটন মেমোরিয়াল মুসলিম কবরস্থানে তার মরদেহ দাফন করা হবে বলে জানান তার কন্যা জামাতা বিশিষ্ট লেখক আব্দুল্লাহ জাহিদ।

ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মায়ের ইন্তেকালে কমিউনিটি নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন।

৪ মাসে ম্যানহাটানে ৫০ জন নারীর উপর

(শেষের পাতার পর)

নিউইয়র্কে ডোমিস্টিক ভায়োলেন্সের বিরুদ্ধে নতুন পাইলট প্রোগ্রাম চালু

এদিকে ডোমিস্টিক ভায়োলেন্স সার্ভাইভাদের জন্য নতুন পাইলট প্রোগ্রাম চালু করা হয়েছে। সোমবার এক সংবাদ সম্মেলনে মেয়র এরিক অ্যাডামস সিটি সমাজসেবা বিভাগের প্রধানের সাথে এই পাইলট প্রোগ্রামটির ঘোষণা দেন। মেয়র বলেন, 'প্রজেক্ট হোম পরিকল্পনা' এর আওতায় নিউইয়র্কে ডোমিস্টিক ভায়োলেন্স থেকে বেঁচে যাওয়া শিশুসহ ১০০ সার্ভাইভারদের দ্রুত সাশ্রয়ী মূল্যে আবাসন সহায়তা দেওয়া হবে। সিটি কর্মকর্তারা জানান, গত বছর এনওয়াইডিপি ২ লাখ ৪৫ হাজার ডোমিস্টিক ভায়োলেন্সের রিপোর্ট দাখিল করেছে। এনওয়াইডিপির তথ্য অনুসারে প্রতি ২ মিনিটে ৮ টি ডোমিস্টিক ভায়োলেন্সের অভিযোগ দাখিল করা হয়। নিউইয়র্ক সিটি ফান্ড এবং নিউ ডেসটিনি হাউজিং এর যৌথ অংশীদারিত্বে এই প্রোগ্রামটি পরিচালিত হবে বলে জানা গেছে।

ব্রঙ্কসে বন্দুকধারীর হামলায় নিহত ৩, আহত ৩৪

ব্রঙ্কসে প্রকাশ্যে বন্দুক হামলার ঘটনায় ১ জন নিহত এবং ৩ জন গুরুতর আহত হয়েছেন। মঙ্গলবার সন্ধ্যা ৬ টার দিকে ইস্ট মাউন্ট ইডেন অ্যাভিনিউ এবং মাউন্ট ইডেনের টাউনসেন্ড অ্যাভিনিউয়ের দক্ষিণ পশ্চিম কোণে এই বন্দুক হামলার ঘটনা ঘটে। নিউইয়র্ক পুলিশ জানায়, দুটি স্কুটারে থাকা ৪ দুর্বিত্ত হঠাৎ গুলি চালানো শুরু করে। এতে দক্ষিণ পশ্চিম কোনে দাড়িয়ে থাকা ৪ ব্যক্তি গুলিবিদ্ধ হয়। তাদের সবার বয়স ২৩ থেকে ৩৭ বছরের মধ্যে বলে জানা গেছে। পুলিশ জানায়, দুর্বিত্তরা ১০ রাউন্ড গুলি চালায়। আহতদের স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে একজনকে মৃত ঘোষণা করে চিকিৎসকরা। বাকিদের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে।

ব্রঙ্কসে পৃথক বন্দুক হামলায় নিহত ২, আহত ১

আরেক খবরে এনওয়াইডিপি জানায়, গত ১৫ এপ্রিল সোমবার লংউডের রংফেলো অ্যাভিনিউ রিহ্যাব এনওয়াইসি এইচএ কমপ্লেক্সের একটি ভবনের ৩ তলায় ১ম বন্দুক হামলার ঘটনা ঘটে। আহত ব্যক্তিকে তাতক্ষনিক হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা তাকে মৃত ঘোষণা করেন। এর ১ ঘন্টা পর ভোর ৪ টার দিকে ব্রঙ্কসের পূর্ব ১৪৯ তম স্ট্রিট এবং মরিস অ্যাভিনিউতে ২য় বন্দুক হামলার ঘটনাটি ঘটে। জানা যায়, ২ ব্যক্তিকে টার্গেট করে একাধিকবার গুলি চালায় এক বন্দুকধারী ব্যক্তি। তাদের হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসকরা একজনকে মৃত ঘোষণা করেন। অন্যজনের অবস্থা আশঙ্কাজনক বলে জানা গেছে। দুটি হামলার মধ্যে কোনো যোগসূত্র রয়েছে কিনা তা তদন্ত করা হচ্ছে বকলে জানায় পুলিশ।

নিউইয়র্কে ইহুদি বিদ্বেষের ঘটনা সর্বোচ্চ পর্যায়ে

অপরদিকে নিউইয়র্কে ইহুদি বিদ্বেষের ঘটনা সর্বকালের সর্বোচ্চ পর্যায়ে পৌছেছে। গত ১৬ এপ্রিল মঙ্গলবার অ্যান্টি ডিফেমেশন লিগের একটি বার্ষিক নিরীক্ষা প্রকাশ করে। রিপোর্ট অনুসারে, ২০২৩ সালে যুক্তরাষ্ট্রে প্রায় ৯ হাজার ইহুদি বিরোধী ঘটনা ঘটেছে। এবং শুধু নিউইয়র্কে ১ হাজার ২১৮ টি ইহুদি বিদ্বেষের ঘটনা ঘটেছে। যা আগের বছরগুলোর তুলনায় ১১০ শতাংশ বৃদ্ধি পেয়েছে বলে রিপোর্টে উল্লেখ করা হয়। যার মধ্যে ৫ হাজারের বেশি ঘটনা গত বছরের ৭ অক্টোবরের হামাস এবং ইসরায়েল হামলার পর ঘটেছে। রিপোর্ট অনুসারে ইহুদি বিদ্বেষের ঘটনায় ক্যালিফোর্নিয়া ১ম এবং নিউইয়র্ক ২য় স্থানে আছে বলে রিপোর্ট অনুসারে জানা যায়।

কুইন্সে ১ ঘন্টার মধ্যে ৩ টি স্টোরে সশস্ত্র ডাকাতি

কুইন্সে ১ ঘন্টার মধ্যে ৩ টি স্টোরে সশস্ত্র ডাকাতির ঘটনা ঘটেছে। নিউইয়র্ক পুলিশ জানায়, কুইন্সের দেড় মাইলের ভিতরে ৩ টি সেভেন এলেভেনস স্টোরে সশস্ত্র ডাকাতির ঘটনা ঘটে। গত ১৭ এপ্রিল বুধবার ভোর ৩ টা থেকে ৪ টার মধ্যে এই ডাকাতির ঘটনাগুলো ঘটে বলে জানা গেছে। পুলিশের তথ্যমতে, ১ মুখোশধারী ব্যক্তি স্টোরগুলোতে বন্দুকের মুখে এই ডাকাতির ঘটনাগুলো ঘটে। পুলিশের তথ্যমতে, কুইন্সের দক্ষিণ রিচমন্ড হিলের ১১২-১১ লিবার্টি এভেনে প্রথম ডাকাতির ঘটনাটি ঘটেছে। এর পর হাওয়ার্ড বিচের ১৫৯-৩৫ ক্রস বে এবং স্প্রিংফিল্ড গার্ডেনের ১৫৪-১৮ রকওয়েতে বাকি ডাকাতির ঘটনাগুলো ঘটেছে। বন্দুকধারী ব্যক্তিটি প্রায় ২ হাজার ডলার ছিনতাই করে বলে জানা গেছে। ৩ টি ডাকাতির মধ্যে ১ জন ব্যক্তি জড়িত বলে জানিয়েছে নিউইয়র্ক পুলিশ।

Jumbo Travel, Inc.
Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package
WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস
সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন
Ali A. Chowdhury
Managing Director
Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922
30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

AUTHORIZED IRS e-file PROVIDER
Popular Tax Services
পপুলার ইনকাম ট্যাক্স সার্ভিসেস
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
Call/Text (347)-666-7862 & Call (718)-426-9453
Email: populartaxservices@gmail.com

Personal Income Tax Preparation for all industries:
- All types of W2 & 1099 Income Tax Filing
- Specialization in Uber Lyft & Rideshare Driver Tax Filing
- Homeowners & Stock Market Trader Tax Filing

We provide Remote Personal Income Tax Filing
সঠিক, দ্রুত, সুনিপুন এবং
আইন সম্মত সার্ভিসে আমরা বিশ্বাসী
কম খরচে সততা ও বিশ্বস্ততা সহিত ট্যাক্স
ফাইলিং এর জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

tax refund

Nahian Howladar Emon
BBA IO Psychology Baruch College
New York State Tax Preparer
(347)-666-7862
(718)-426-9453

পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)



- Road Lesson Local & Highway
- 5 Hours Class Certificate (Zoom Class)
- Road Test Appointment
- Car for Road Test

OPEN 7 DAYS

আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



6 Hours DDC Class
Good For TLC

বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
718-426-9453, 917-301-2063
Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

Address:
146 Marlbrough Road
Upper Darby, PA 19082

বাড়ী ক্রয়ের প্রস্তুতি

(শেষের পাতার পর)

চালানোর যোগ্যতা থাকলেই তিনি বাড়ী ক্রয়ের জন্য প্রস্তুত বলেই ধরে নেয়া যায়। মনে রাখতে হবে ছোট-খাটো অনেক কাজ থাকে যা মালিক নিজেই করতে পারেন। তানাহলে একদিকে বাড়ীর যেমন সঠিকভাবে খাকবে না, তেমনী বাড়ীর মূল্যও কমে যাবে।

হঠাৎ ঘরের তালা নষ্ট হয়ে যেতে পারে, বাথরুমে সমস্যা দেখা দিতে পারে। বৈদ্যতিক কানেকশনে সমস্যা দেখা দিতে পারে। ইত্যাদি ছোট-খাটো সমস্যাগুলো বড় সমস্যার সৃষ্টি করতে পারে। তাই সংশ্লিস্ট বাড়ীর মালিককে ছোট-খাটো কাজ নিজেকেই করতে হতে পারে। এক্ষেত্রে ইউটিউবের সাহায্য নেয়া যেতে পারে। প্রয়োজনে বন্ধু-বান্ধবের সাহায্য নেয়া যেতে পারে। তবে সর্বোত্তম হচ্ছে বাড়ী ক্রয়ের অগে বা বাড়ীর মালিক হওয়ার পূর্বে বাড়ী সুন্দর ও ভালো রাখার ছোটখাটো সমস্যাগুলো আগেভাগেই জেনে নেয়া ভালো।

নিউইয়র্কে আপনার ক্রেডিট স্কোর, ক্রেডিট রিপেয়ার, মর্টগেজ সহ বাড়ী ক্রয়-বিক্রয়ে আমরা পরামর্শ দিয়ে থাকি। প্রয়োজনে কল করুন: ৭১৮-৫০৭-লোন (৫৬২৬)

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



IRS ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service
MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স - একাউন্টিং - নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



AUTHORIZED IRS e-file PROVIDER
মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৭ বছর উদযাপন করছে
Empire Accounting & Tax Co.



আপনাদের
সুবিধার্থে আমরা
এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি
- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm
President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

বাসা ভাড়া

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৩২ স্ট্রীটে ২ বেডরুমের বেসমেন্টের বাসা ভাড়া হবে। পৃথক লিভিং রুম এবং ফুল বাথরুম। ই এবং জে ট্রেন সাবওয়ের কাছে। যোগাযোগ: ৯১৭-৩৫৫-৬১১৬
এ-১৫

House for rent: Lovely 2 bed apartment, (1st Fl of a private house) with large kitchen, bathroom, hard wood floors, close to public transportation, shops, and house of worship (Masjid) & with one car shared drive-way. Located in the great neighborhood of Saint Albans Queens Everything is included. Tenant pays for electricity only. Rent is $2,300 a month, available from May. For more information and viewing please Text or Voice message . Ejaz Khan @ **917.523.2249**

বেসমেন্ট ভাড়াঃ নিউহাইডপার্কে এক বেডরুমের বেসমেন্ট বাসা ব্যাচেলার/স্বামী-স্ত্রীর নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৫৯২-৩১৩৯ (বিকেল ৫টার পর)।
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার হিলসাইড এভিনিউ এবং এফ ট্রেন সাবওয়ের কাছে ১৮৬ স্ট্রীট এবং ৯০ এভিনিউতে ১ম তলা (২ বেডরুম, লিভিং রুম, বাথ-কিচেন) ১লা মে হতে ভাড়া হবে। যোগাযোগঃ ৬৪৬-২৬১-৩০৪০ অথবা ৬৪৬-২৬১-৩০৩৯.
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৬৭ স্ট্রীট ও ১০৯ রোডে তিন বেডরুম, দুই বাথরুম, রান্নাঘর এবং লিভিং-এর বাসা পহেলা মে থেকে ভাড়া হবে। স্কুল, মসজিদ, ই, এফ, জে, জেড সাবওয়ে ট্রেন এবং কিউ-৪, কিউ-৫, কিউ-৮৪, কিউ-৮৫, এন-২২ বাস কাছাকাছি। যোগাযোগঃ ৯১৭-৩৯২-৯০৮৫
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৮৪ প্লেস ও ৯০ এভিনিউ হলিস-এ ফুল রেনোভেটেড সেমি বেসমেন্ট ২জন ব্যাচেলরের কাছে ভাড়া হবে। পৃথক প্রবেশদ্বার। যোগাযোগঃ ৬৪৬-৬৩৭-৪০৭৯. এ-১৫

বাসা ভাড়াঃ কুইন্স এর এলমহার্স্ট হাসপাতালের সাথে একটি বাসা তিনজন ব্যাচেলার কাছে ভাড়া দেওয়া হবে। যোগাযোগ: ৯২৯-৪৬২-৯৭৩১
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ১৭৭ ষ্ট্রীট ও ১০৬ এভিনিউতে তিন বেডরুম, লিভিং রুম, বাথরুম, কিচেন-এর বাসা পহেলা মে হতে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে ১২ মিনিটের দূরত্বে। কিউ ৪২, কিউ ৮৩ বাস ও মসজিদ বাসার পাশে। যোগাযোগঃ ৯২৯-৩২৮-৯৭০১ অথবা ৩৪৭-৫৮৯-৩২৮৬.
এ-১৫

বাসা ভাড়াঃ জ্যামাইকার ই, জে সাবওয়ে ট্রেন-এর কাছাকাছি ১০৮ এভিনিউ ও ১৬৪ স্ট্রীটে ২ বেডরুম বিশিষ্ট বড় লিভিং রুম ১ম তলার বাসা ভাড়া হবে। মাত্র এক ব্লকের মধ্যে সুপারমার্কেট, লন্ড্রি মার্ট এবং বাস স্টপ রয়েছে। যোগাযোগঃ ৯১৭-৭৭৪-৮০২১ অথবা ৬৪৬-৬৭৫-৪৭২৮
এ-১৫

বাসা ভাড়াঃ ৯০ স্ট্রীট ৩৪ এভিনিউতে দুই বেডরুম এপার্টমেন্টের হিন্দু ফ্যামিলির বাসার এক রুম ভাড়া দেয়া হবে। স্বামী-স্ত্রী বা ছোট ফ্যামিলি। যোগাযোগঃ ৬৪৬-৯৬১-৫৪১০ অথবা ৯১৭-৭৯২-৯১১০.
এ-১৫

বাসা ভাড়াঃ এলমহার্স্ট-এর ৮২-১৫ ব্রিটন এভিনিউ ঠিকানায় বাথরুমসহ দুই রুমের বাসা স্বামী-স্ত্রী অথবা মা-মেয়ের কাছে ২০ এপ্রিল থেকে ভাড়া হবে। দুই সিনিটের দূরুত্বে এম ও আর ট্রেন এবং কিউ ৫৩ বাস। যোগাযোগঃ ৬৪৬-৯৩২-৪৬২৯ অথবা ৬৪৬-৩৮৭-৪৯৭০। এ-১৫

বাসা ভাড়াঃ লং আইল্যান্ডের ইস্ট মেডোতে মনোরম এবং নিরিবিলি পরিবেশে লং আইল্যান্ড মুসলিম সোসাইটি (এলআইএমএস) মসজিদ সংলগ্ন একটি প্রাইভেট বাসার ২য় তলায় ২ বেডরুমের একটি বাসা ভাড়া দেওয়া হবে। সকল শপিং মল, হাসপাতাল, স্কুল, হালাল গ্রোসারী ও হালাল রেস্টুরেন্ট বাসা হতে ২ থেকে ৩ মিনিটের ড্রাইভ। যোগাযোগ: ৬৪৬-৪৭৪-৪৮৫৯
এ-১৫

রুমমেট

রুমমেট আবশ্যক: এপার্টমেন্টে থাকার জন্য রুমমেট চাই। সাবওয়ে ও গ্রোসারী স্টোর কাছাকাছি। যোগাযোগ: ৯২৯-৫৮৬-১৪৫০
এ-১৫

রুমমেট আবশ্যকঃ ব্রুকলীনের বে রিজ-এর ৮৩ স্ট্রীটে সুন্দর নিরিবিলি পরিবেশে থাকার জন্যে ২জন রুমমেট দরকার। সুলভ মূল্যে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৮২৪-৫২৭২
এ-১৫

রুমমেট আবশ্যকঃ জ্যামাইকার ৮৪-৩৪, ১৬৯ স্ট্রীটে সুন্দর পরিবেশে, একটি বড় রুমের জন্য ব্যাচেলর রুমমেট চাই। ১ মে থেকে ভাড়া হবে। এফ ট্রেন সাবওয়ে এবং জ্যামাইকা মুসলিম সেন্টার মসজিদ মাত্র ২ ব্লক দূরত্ব। যোগাযোগ: ৯২৯-২৩১-৯৭৭২ অথবা ৯২৯-৮০০-৪১৩৪
এ-১৫

রুমমেট আবশ্যকঃ জ্যাকসন হাইটস এর ৭০ ৩৫ স্ট্রীট এর একটি এপার্টমেন্ট বিল্ডিং-এর ৪র্থ তলায় ১ এপ্রিল থেকে ১জন রুমমেট আবশ্যক। যোগাযোগঃ ৯২৯-৩৫৪-৩০০৭
এ-১৫

রুমমেট আবশ্যকঃ সানিসাইডে ৭ ট্রেন সাবওয়ের ৫২ স্ট্রীট সাবওয়ের কাছেই নিরিবিলি পরিবেশে সৎ, নামাজী ও অধূমপায়ী একজন (পুরুষ) রুমমেট প্রয়োজন। অনুগ্রহ করে যোগাযোগ করুন অথবা ম্যাসেজ রাখুন। ভাড়া এপ্রিল থেকে অথবা যে কোন সময় উঠতে পারেন। যোগাযোগঃ ৭১৮-৮৪৪-৪৭৬৭.
এ-১৫

নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি

নিউইয়র্কের নায়াগ্রা ফলসে বাড়ী বিক্রি (এয়ারবন্ড পারমিট সহ) হবে। তিন বেড ও এক বাথরুমের বাড়ীট নায়াগ্রা ফলস ও সিনেকা রিজোর্টের অতি সন্নিকটে। গড়ে প্রতি রাত আয় ২৪৯ ডলার।
আগ্রহীরা যোগাযোগ করুন অথবা টেক্স করুন: ৬৪৬-২৩৬-৬০৪৪

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?
বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতু ন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন
রাফি সাফওয়ান
ঝামেলামু ক্ত সহযোগিতা দিচ্ছে
সিদ্ধান্ত নেয়ার পূ র্বে যোগাযোগ করুন :
267-992-3201
Park Realty
of Western New York
155 Summer St
Buffalo, NY 14222

কাজী অফিস

সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত
কাজী ইমাম মাওলানা আব্দুল মুকিত
পেশ ইমাম, দারুস সালাম মসজিদ, জ্যামাইকা

148-16 87 Road
Jamaica, NY-11435

বিবাহ পড়ানো,
মেরিজ সার্টিফিকেট
ও কাবিন নামা
প্রদান করা হয়।
পরামর্শ ও এপয়েন্টমেন্টের
জন্য যোগাযোগ করুনঃ



CITY SAFE PARTNERS
চাকুরি বিজ্ঞপ্তি
আমরা বাংলায় কথা বলি
(917) 282-9877

চাকরির পদ
- ফায়ার গার্ড (F-01)

সুযোগ সুবিধা
- চিকিৎসা বীমা
- ডেন্টাল ইন্স্যুরেন্স
- ভিশন ইন্স্যুরেন্স
- সিক লিভ
- আপনি উত্তর দিবেন না
- 401(K)

ক্ষতিপূরণ
- প্রতি ঘন্টায় $16.70
- ৩ বছর পর বেতন বেড়ে $19.65 হবে।

কিভাবে আবেদন করতে হবে
- ডিজিটাল অ্যাপ্লিকেশন সম্পন্ন করার জন্য একটি F-01 সার্টিফিকেশন পেতে নিচে QR লিঙ্কে স্ক্যান করুন।
- ২৪ ঘন্টার মধ্যে, আপনি একটি ইমেল পাবেন যা আপনাকে এমন একটি সাইটে লিঙ্ক দেবে, যেখানে স্ক্যান করে আপনি আপনার অনবোর্ডিং সম্পন্ন করে প্রয়োজনীয় নথি আপলোড করতে পারবেন।

SCAN ME
F-01 স্টাডি গাইড তথ্য
SCAN ME
ডিজিটাল অ্যাপ্লিকেশন লিঙ্ক

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১ — $ 7.00
থ্রেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

প্যাকেজ-২ — $ 8.00
থ্রেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

প্যাকেজ-৩ — $10.00
থ্রেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

প্যাকেজ-৪ — $11.00
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977
32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527



জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবী নাজনীনের মাতৃবিয়োগ

নিউইয়র্ক (ইউএনএ): যুক্তরাষ্ট্র প্রবাসী 'ব্ল্যাক ডায়মন্ড' খ্যাত বাংলাদেশের জনপ্রিয় কণ্ঠশিল্পী এবং কেন্দ্রীয় বিএনপি'র জাতীয় নির্বাহী কমিটির সহ আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক বেবী নাজনীন-এর মমতাময়ী মাতা আবিদা মনসুর (৭৫) ইন্তেকাল করেছেন। বাংলাদেশ সময় বুধবার (১৭ এপ্রিল) সকালে চিকিৎসাধীন অবস্থায় তিনি বাংলাদেশ মেডিকেল কলেজ হাসপাতালে শেষ নি:শ্বাস ত্যাগ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। দীর্ঘদিন ধরে তিনি কিডনি জটিলতাসহ নানা সমস্যায় ভুগছিলেন। মৃত্যুকালে তিনি তিন মেয়ে, এক ছেলে, নাতী-নাতনীসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। বুধবার (১৮ এপ্রিল) বাদ জোহর জানাজা শেষে বনানী কবরস্থানে তাঁর মরদেহ দাফন করা হয়েছে বলে ঢাকা থেকে প্রাপ্ত খবরে জানা গেছে। খবর ইউএনএ'র।

এদিকে কণ্ঠশিল্পী বেবী নাজনীন গত ১৬ এপ্রিল মঙ্গলবার যুক্তরাষ্ট্র থেকে পেশাগত কারণে জাপান রওনা হয়েছেন। সেখান থেকে তাঁর মায়ের মৃত্যুর খবর পেয়েছেন।দ্রুতই তার ঢাকা ফেরার কথা রয়েছে। তিনি তার মায়ের জন্য সবার কাছে দোয়া চেয়েছেন বলে শিল্পীর ঘনিষ্টজনরা জানিয়েছেন।

শোক প্রকাশ: জনপ্রিয় কণ্ঠশিল্পী বেবি নাজনীন-এর মাতা আবিদা মনসুরের ইন্তেকালে কেন্দ্রীয় বিএনপি ও যুক্তরাষ্ট্র বিএনপি, যুবদল, স্বেচ্ছাসেবক দল, জাসাস নেতৃবৃন্দ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছেন। শোক প্রকাশকারী উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে রয়েছেন কেন্দ্রীয় বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য যথাক্রমে জিল্লুর রহমান জিল্লু, গিয়াস আহমেদ ও মিজানুর রহমান ভূইয়া মিলন্টন, যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক কোষাধ্যক্ষ জসিম ভূইয়া, কেন্দ্রীয় জাসাস-এর আহ্বায়ক চিত্র নায়ক হেলাল খান, কেন্দ্রীয় যুবদলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক আবু সাঈদ আহমদ, যুক্তরাষ্ট্র যুবদলের সাবেক সভাপতি জাকির চৌধুরী, কেন্দ্রীয় স্বেচ্ছাসেবক দলের আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক মাকসুদুল হক চৌধুরী, শোট-াইম মিউজিক এর কর্ণধার আলমগীর খান আলম প্রমুখ।

পার্কচেস্টারে হেলথ ফার্স্ট কমিউনিটি সেন্টারের উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশী সহ সকল কমিউনিটিকে অধিকতর স্বাস্থ্য সেবা দিতে নিউ ইয়র্ক সিটির বৃহত্তম হেলথ প্ল্যান প্রতিষ্টান হেলথ ফার্ষ্ট ব্রঙ্কসের পার্কচেস্টার সাবওয়ে সংলগ্ন হাগ জে গ্র্যান্ট সার্কেলে নতুন কমিউনিটি অফিস উদ্বোধন করেছে। গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার এ উপলক্ষ্যে বিভিন্ন কমিউনিটির নেতা ও চি-কিৎসকদের নিয়ে আয়োজন করা হয় মতবিনিময় সভার। এতে ব্রঙ্কসের বাংলাদেশী
কমিউনিটি সহ বিভিন্ন কমিউনিটি ও চার্চ নেতারা উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে হেলথ ফার্স্ট প্রতিষ্ঠানের পক্ষ থেকে বলা হয়েছে, নিউ-ইয়র্ক সিটির সর্ববৃহৎ স্বাস্থ্যবীমা প্রতিষ্ঠান হিসেবে জাতিধর্ম বর্ণ নির্বিশেষে হেলথ ফার্স্ট সবার কল্যাণে কাজ করতে চায়। এজন্য হেলথ ফার্স্টের পক্ষ থেকে কি ধরনের সাহায্য প্রয়োজন তা জানতে চাওয়া হয় কমিউনিটি নেতাদের কাছে।

অনুষ্ঠানের শুরুতে শুভেচ্ছা বক্তব্য রাখেন হেলথ ফার্সের কমিউনিটি এনগেজমেন্ট বিষয়ক ভাইস প্রেসিডেন্ট মিগুয়েল সেন্টোনো। এ সময় অন্যান্যের মধ্যে ডঃ পল আমাজর, ফেইথ বেইস এনগেজমেন্ট ম্যানেজার রেভারেন্ড ফালায়ি বক্তব্য রাখেন।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সিনিয়র ভাইস প্রেসিডেন্ট এ্যারোল পিয়ার, পিএইচএসপি বিভাগের ভাইস প্রেসিডেন্ট স্টেফনি উ, ব্রঙ্কস ডিরেক্টর ক্যারি ফিলিজ, ডিষ্টিক্ট ম্যানেজার সালেহ আহমেদ, ডিষ্ট্রিক্ট ম্যানেজার সিফাত বখত, ডাইরেক্টর সেলস, জে লোপেজ প্রমুখ।

অনুষ্ঠানে হেলথ ফার্স্ট কর্মকর্তারা বলেন, নিউ ইয়র্ক সিটির যে কেউ হেলথ ফার্স্ট সুবিধা নিতে পারেন। ইমিগ্র্যাশনে যার যে অবস্থানই হোক না কেন তাদের সবার জন্যই স্বাস্থ্য সেবা সুবিধা রয়েছে।

অনুষ্ঠানে বলা হয়, পার্ক চেস্টারে বাংলাদেশী কমিউনিটিকে



অধিকতর সেবা দেয়ার জন্য জন্য বাংলাভাষী কর্মকর্তা ছাড়াও মেডিকেউড, মেডিকেয়ার আবেদনে সাহায্য করার বিশেষ ব্যবস্থা আছে নতুন অফিসে।

অনুষ্ঠানে আরো উপস্থিত ছিলেন, ডা. আতাউর চৌধুরী তুষার, ডা. রোমানা সবুর, ডাঃ সবুর, বিশিষ্ট কমিউনিটি নেতা আব্দুস সহিদ সহ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

GLOBAL MULTI SERVICES, INC



তারেক হাসান খান, সিইও

অভিজ্ঞ ট্যাক্স প্রিপারেটরের মাধ্যমে
ট্যাক্স এনালাইসিস ও ফাইলিং করা হয়

- INCOME TAX
- IMMIGRATION
- ACCOUNTING
- TAX AUDIT
- BUSINESS SETUP
- TRAVELS

IRS e-file
AUTHORIZED IRS e-file PROVIDER



tax refund

37-18, 74th Street, Suite#202, Jackson Heights, NY 11372
Ph: (718) 205-2360, Fax: (718) 799-5864, Email: globalmsinc@yahoo.com



এবার জ্যাকসন হাইটে
আমাদের নতুন অফিসে
আপনাকে স্বাগতম

হাসপাতাল ও নার্সিং হোমে
যে কোন ডাক্তারের
রোগী ভর্তি করে থাকি

Barnali Hasan MD
Internal Medicine
ডা. বর্ণালী হাসান
ইন্টারনাল মেডিসিন

Mahfujul Hasan DDS
Implants & Invisalign
ডা. মাহফুজুল হাসান
ডি.ডি.এস

We provide medical services for IMMIGRATION
আমরা ইমিগ্রেশন সেবা প্রদান করি

WE ADMIT ANY PATIENTS at
HOSPITALS & NURSING HOMES

Northwell Health
LONG ISLAND JEWISH MEDICAL CENTER
Forest Hills & New Hyde Park

» Primary Care » Annual Exam » Physical Checkup » TLC Test » Diabetes » Immigration » Cholesterol » EKG » » Spiro » PAP Smear » Pregnancy Test » Allergies » TB Test » Vaccinations » Telemedicine & all kind of Medical Services.

Diagnostic & preventive dentistry, General dentistry, Cosmetic dentistry, Teeth whitening, Fillings, Prosthodontics, Caps/crowns, metal-free bridges, full dentures and partial dentures, digital scanning, Endodontics, Rot canal, Orthodontics, Invisalign, Dental implants, Periodontics, Gum disease and most kinds of Dental Services

CALL 917 930 1170

We accept most Insurances & Medicaid

EFFICIENT MEDICAL CARE PC
DHAKA DENTAL PC
3716 73rd St, Suite 202, Jackson Heights, NY 11372 | Phone: 929 799 8100
4014 Greenpoint Ave, Sunnyside, NY 11104 | Phone: 718 392 2858
17009 Hillside Ave, Jamaica, NY 11432 | Phone: 718 291 2710

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান

LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.



SURDEZ & PEREZ, P.C.

We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে



Free Consultation



পরামর্শের জন্য ফি লাগে না

কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি

আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
- গাড়ী দুর্ঘটনা
- বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
- ব্রেইন ইনজুরি
- এলিভেটর এক্সিডেন্ট
- স্লুল লায়াবিলিটি
- চেলার মাঠে দুর্ঘটনা
- বার্থ ইনজুরি
- নির্মাণ কাজে দুর্ঘটনা
- পিছলে পড়ে গেলে
- লেড পয়জনিং
- কুকুর কামড়ালে
- ডাক্তারের ভুল চিকিৎসা

আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা

যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com

32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103

www.surdezperezlaw.com

আল্লাহ সর্বশক্তিমান

জয় বাংলা জয় বঙ্গবন্ধু





যুক্তরাষ্ট্র আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাবেক

সাধারণ সম্পাদক ও সহ সভাপতি

দুরুদ মিয়া রনেল

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের

সাংগঠনিক সম্পাদক

নির্বাচিত হওয়ায়



প্রাণঢালা অভিনন্দন ও শুভেচ্ছা

বাংলাদেশ আওয়ামী লীগ

শুভেচ্ছান্তেঃ সিলেট বিভাগীয় আওয়ামী পরিবার, যুক্তরাষ্ট্র

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday / April 22 // 2024



জনি পুনরায় প্রধান নির্বাচন কমিশনার মনোনীত

বাংলাদেশ সোসাইটির নির্বাচন কমিশন গঠিত

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্রের প্রবাসী বাংলাদেশীদের আমব্রেলা সংগঠন বাংলাদেশ সোসাইটির আসন্ন নির্বাচন উপলক্ষে ৭ সদস্যের নির্বাচন কমিশন গঠন করা হয়েছে। সোসাইটির কার্যকরী পরিষদের নিয়মিত মাসিক সভা গত ১৪ এপ্রিল রোববার সোসাইটির নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে সোসাইটির সাবেক ট্রাস্টী বোর্ড সদস্য ও প্রধান নির্বাচন কমিশনার জামাল আহমদ জনিকে পুনরায় প্রধান নির্বাচন কমিশনার হিসেবে মনোনীত করা হয়। একই সাথে সাবেক নির্বাচন কমিশনার আব্দুল হাকিম মিয়া, (বাকি অংশ ৪ পাতায়)

ওয়াশিংটনে সোনালী এক্সচেঞ্জের 'গ্রাহক সমাবেশ ও এসইসিআই অ্যাপ ক্যাম্পেইন'

প্রবাসীদের বৈধ পথে রেমিট্যান্স প্রেরণের আহবান রাষ্ট্রদূত ইমরানের



ওয়াশিংটন ডিসি: বাংলাদেশের অর্থনীতিকে আরও শক্তিশালী করতে বৈধ পথে রেমিটেন্স পাঠানোর জন্য প্রবাসীদের প্রতি আহ্বান জানিয়েছেন যুক্তরাষ্ট্রে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূত মোহাম্মদ ইমরান। তিনি একই সাথে বাংলাদেশের ভাবমূর্তি আরো উজ্জ্বল করতে প্রবাসে দেশের অসাধারণ সাফল্য গাঁথা তুলে ধরার জন্য তাদের প্রতি অনুরোধ জানান। গত ২০ এপ্রিল শুক্রবার সন্ধ্যায় ওয়াশিংটন ডিসিতে বাংলাদেশ দূতাবাসের বঙ্গবন্ধু মিলনায়তনে সোনালী এক্সচেঞ্জের 'গ্রাহক সমাবেশ ও এসইসিআই (ঝউঈও) অ্যাপ ক্যাম্পেইন' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে রাষ্ট্রদূত এ আহবান জানান।

বৈধ পথে বাংলাদেশে রেমিট্যান্স পাঠানোর বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে ওয়াশিংটন ডিসিস্থ বাংলাদেশ দূতাবাস এবং সোনালী ব্যাংক পিএলসি'র সহযোগী প্রতিষ্ঠান সোনালী এক্সচেঞ্জ যৌথভাবে এই অনুষ্ঠানের আয়োজন করে।

এতে সোনালী ব্যাংক পিএলসি'র প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মোঃ আফজাল করিম বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন এবং স্বাগত বক্তব্য দেন সোনালী এক্সচেঞ্জ কোম্পানি ইনকরপোরেশন, ইউএসএ-এর সিইও দেবশ্রী মিত্র।

রাষ্ট্রদূত ইমরান উল্লেখ করেন, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ গত দেড় দশকে সকল ক্ষেত্রে অভূতপূর্ব অগ্রগতি অর্জন করেছে। তিনি বলেন এই সময়কালে দেশে অনেক ইতিবাচক অর্জন ও পরিবর্তন ঘটেছে এবং যদি আমরা এই সাফল্যের গল্প সবাইকে জানাতে পারি ও সারা বিশ্বে ছড়িয়ে দিতে পারি, তাহলে দেশ একটি অনন্য উচ্চতায় পৌঁছে যাবে।

রাষ্ট্রদূত ইমরান বলেন, বাংলাদেশ একটি বিজয়ী জাতি এবং 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবিসংবাদিত নেতৃত্বে মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে এই জাতি বহুল আকাঙ্খিত স্বাধীনতা অর্জন করেছে। তিনি বলেন, বঙ্গবন্ধু যে ক্ষুধা ও দারিদ্র্যমুক্ত সোনার বাংলা প্রতিষ্ঠার স্বপ্ন দেখেছিলেন সেই লক্ষ্য অর্জন থেকে দেশ এখন আর বেশি দূরে নয়।

রাষ্ট্রদূত বৈধ পথে দেশে রেমিট্যান্স পাঠানোর জন্য রাষ্ট্রীয় মালিকানাধীন সোনালী ব্যাংকের এসইসিআই অ্যাপ প্রবর্তনের প্রশংসা করেন এবং প্রবাসী বাংলাদেশিসহ সংশ্লিষ্ট সকলকে অ্যাপটির সুবিধাগুলো সবাইকে জানানোর জন্য অনুরোধ করেন। তিনি ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস কর্তৃক বর্তমানে প্রদত্ত বিভিন্ন কনস্যুলার সেবার কথাও সংক্ষেপে তুলে ধরেন।

সোনালী ব্যাংকের সিইও ও ব্যবস্থাপনা পরিচালক মোঃ আফজাল করিম তার বক্তব্যে দেশের সর্ববৃহৎ রাষ্ট্রায়ত্ত ব্যাংকের সেবা জনগণের দোরগোঁড়ায় পৌঁছে দিতে এর বিভিন্ন কার্যক্রম নিয়ে বিস্তারিত আলোচনা করেন।

এসইসিআই অ্যাপের উল্লেখযোগ্য বৈশিষ্ট্যগুলো তুলে ধরে তিনি বলেন, প্রবাসী বাংলাদেশীদের দীর্ঘদিনের দাবির পরিপ্রেক্ষিতে এই অ্যাপটি চালু করা হয়েছে। তিনি উল্লেখ করেন এই অ্যাপটি ব্যবহার করে প্রবাসীরা তাৎক্ষণিকভাবে এবং সহজে দেশে রেমিট্যান্স পাঠাতে পারবে। এই অ্যাপের মাধ্যমে ও বৈধ পথে অর্থ পাঠালে দেশ অত্যন্ত উপকৃত হবে।

ওয়াশিংটন ডিসি এবং এর পার্শ্ববর্তী অঙ্গরাজ্যগুলিতে বসবাসরত বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী এই অনুষ্ঠানে যোগ দেন। অনুষ্ঠানটি পরিচালনা করেন কাউন্সেলর ও দুতালয় প্রধান শামীমা ইয়াসমিন স্মৃতি। -দূতাবাসের প্রেস মিনিস্টার এজেডএম সাজ্জাদ হোসেন প্রেরীত প্রেস বিজ্ঞপ্তি।

যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে ঐতিহাসিক মুজিব নগর দিবস পালন



নিউইয়র্ক: ঐতিহাসিক মুজিবনগর দিবস উপলক্ষে নিউইয়র্কে দোয়া ও আলোচনা সভা করেছে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ। গত ১৭ এপ্রিল বুধবার রাতে জ্যাকসন হাইটসের নবান্ন রেস্টুরেন্ট মিলনায়তনে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদের পরিচালনায় সভায় বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সহ সভাপতি শামসুদ্দিন আজাদ ও ডা. মাসুদুল হাসান, উপদেষ্টা জয়নাল আবেদীন, যুগ্ম সাধারণ সম্পাদক আইরিন পারভীন, প্রবাসী কল্যাণ সম্পাদক সোলায়মান আলী, কার্যকরী সদস্য শাহানারা রহমান, জহুরুল ইসলাম, আব্দুল হামিদ, নুরুল আফসার সেন্টু, বীর মুক্তিযোদ্ধা সিরাজ আজাদ ও মিজানুর রহমান, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শাহীন আজমল, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সভাপতি রফিকুর রহমান, সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, সহ সভাপতি মাসুদ সিরাজী ও এম উদ্দিন আলমগীর, যুগ্ম সম্পাদক নুরুল আলম বাবু, দুলাল বিল্লাহ, প্রচার সম্পাদক শেখ শফিকুর রহমান, স্বেচ্ছাসেবক লীগের উপ আন্তর্জাতিক সম্পাদক গাজী লিটন, সৈয়দ গোলাম কিবরিয়া, সাবেক সহ সভাপতি দুরুদ মিয়া রনেল, সাবেক যুগ্ম সম্পাদক নাফিজুর রহমান তুরন, খান শওকত, গোলাম রব্বানী চৌধুরী, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সভাপতি জাহিদ হাসান, নিউইয়র্ক স্টেট আওয়ামী লীগের সহ সভাপতি হুমায়ুন কবির, উপদেষ্টা সিরাজুল ইসলাম ভূইয়া, প্রচার সম্পাদক ইসমাইল হোসেন স্বপন, দপ্তর সম্পাদক মেহরাজ ফাহমী, যুবলীগ নেতা সেবুল মিয়া, হারুনুর রশিদ, শাহ আনসারী।

অনুষ্ঠানের শুরুতে বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশন এবং শহীদদের সম্মানে এক মিনিট দাঁড়িয়ে নীরবতা পালন করা হয়। এছাড়াও 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছবিতে পুষ্পস্তবক অর্পন করে সম্মান জানানো হয়। সভায় দোয়া পরিচালনা করেন জয়নাল আবেদীন।

গভায় মুজিবনগর সরকারের তাৎপর্য উল্লেখ করে ড. সিদ্দিকুর বলেন দিবসটি বাংলাদেশের স্বাধীনতা সংগ্রাম এবং মুক্তিযুদ্ধের ইতিহাসে এক অনন্য দিন। ১৯৭১ সালে মুক্তিযুদ্ধ চলাকালে এদিন মেহেরপুরের বৈদ্যনাথতলা গ্রামের স্বাধীন বাংলাদেশের প্রথম অস্থায়ী সরকার আনুষ্ঠানিকভাবে শপথ গ্রহণ করে। আর স্বাধীনতা সংগ্রামের সেই কঠিন মুহূর্তে মুজিবনগর সরকার বাঙ্গালীর স্বাধীনতা আন্দোলনের ন্যায়সঙ্গত অধিকারের পক্ষ্যে বহির্বিশ্বে জনমত গঠন ও বিভিন্ন রাষ্ট্রসমূহের সমর্থন আদায়ে মূল ভূমিকা পালন করে। ড. সিদ্দিকুর রহমান বলেন, আগামী বাংলাদেশ হবে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্মার্ট বাংলাদেশ এবং সেই লক্ষে সবাইকে ঐক্যবদ্ধ হয়ে কাজ করতে হবে। -প্রেস বিজ্ঞপ্তি।

আনন্দ-উল্লাসে মুখরিত জয়া হল

(শেষের পাতার পর)

অংশগ্রহন আর সমর্থন সব মিলিয়ে একটি সফল অনুষ্ঠান হলো কোন সংগঠন ছাড়াই সিটির এমটিএ-তে কর্মরত বাংলাদেশীদের ফ্যামিলি নাইট।

নিউইয়র্কের উডহ্যাভেন বুলেভার্ডের জয়া পার্টি হলে গেলো শুক্রবার (১৯) এপ্রিল) সন্ধ্যায় আয়োজন করা হয় উল্লেখিত ফ্রামিলি নাইট। জানা যায়, সিটির এমটিএ-তে ৭ শতধিক বাংলাদেশী বিভিন্ন পদে কর্মরত। তাদের নেই কোন সংগঠন। তবে পারস্পারিক সৌহার্দ্য-সম্প্রীতি জোরদারের পাশাপাশি পরিবারের সদস্যদের বিনোদনের জন্য প্রতি বছর আয়োজন করা হয় ফ্রামিলি নাইট। এজন্য অনুষ্ঠান আয়োজক কমিটি গঠন করে চলে তার কার্যক্রম। এবার এই কমিটির আহ্বায়ক ছিলেন ষ্টেশন এজেন্ট রোকশানা বেগম। তার নেতৃতে গঠিত কমিটি চমৎকার অনুষ্ঠান আয়োজন করে উপস্থিত সকলের মন কাড়ে।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন এনওয়াইসটি'র প্রেসিডেন্ট রিচার্ড ডেভি, বিশেষ অতিথি ছিলেন এনওয়াইসটি'র চীফ অফিসার (স্টেশন ডিপার্টমেন্ট) সেলিনা হুটশন, পরিচালক (কাস্টমার সার্ভিস ম্যানেজার) গারম্যানি জ্যাকসন, আরটিও জেনারেল সুপারেনটেন্ট (ট্রেন অপারেশন) ফারহাদুল ইসলাম, টিডব্লিউ লোকাল ১০০ ইউনিয়ন-এর প্রেসিডেন্ট রিচার্ড ডেভিস, সেক্রেটারী অব ট্রেজারার জন চ্যারিলো, ভাইস প্রেসিডেন্ট (স্টেশন ডিভিশন) রবার্ট কেলি, ডিভিশন রেকর্ডিং সেক্রেটারী (স্টেশন) শামীম আহমেদ এবং সাবেক এমপি ও সাপ্তাহিক ঠিকানার সম্পাদকমন্ডলীর সভাপতি এম এম শাহীন।সিটির এমটিএ-তে কর্মরতদের রেজিষ্টেশনের মধ্য দিয়ে অনুষ্ঠানের কার্যক্রম শুরু হয়। আনুষ্ঠানিক পর্ব শুরু হয় যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত পরিবেশেন মধ্য দিয়ে। এরপর স্বাগত বক্তব্য রাখেন ফামিলি নাইট আয়োজক কমিটির আহ্বায়ক ষ্টেশন এজেন্ট রোকশানা বেগম। এরপর আমন্ত্রিত অতিথি ও বিশিষ্ট ব্যক্তিবর্গ শুভেচ্ছা বক্তব্য রাখেন। লক্ষনীয় বিষয় ছিলো যে, বক্তব্য পর্বে অতিথিরা ২/১ মিনিটের মধ্যেই তাদেও বক্তব্য শেষ করলেও তাদের বক্তব্যে ছিলো অনুষ্ঠানের প্রশংসার পাশাপাশি সিটি প্রশাসনে বাংলাদেশীদের অর্জন আর গৌরবের কথা। তারা বলেন, সিটির বিভিন্ন সেক্টরে বিশেষ করে এমটিএ-তে কর্মরত বাংলাদেশীরা তাদের যোগ্যতাবলেই এগিয়ে যাচ্ছেন।

অনুষ্ঠানে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গের মধ্যে পৃষ্ঠপোষক রিয়েল এস্টেট ইনভেষ্টর মোহাম্মদ আনোয়ার হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী তোফায়েল চৌধুরী, স্যানম্যান এক্সপ্রেস-এর সিইও তপন প্রমুখ। এছাড়াও অনুষ্ঠানের মাঝে মাঝে এমটিএ-তে কর্মরত বিভিন্ন বিভাগের দায়িত্বশীল বাংলাদেশীরাও শুভেচ্ছা বক্তব্য রাখেন।

বাংলাদেশী-আমেরিকান সুপারেনটেন্ট তারেক আহমেদ অনুষ্ঠনে বিভিন্ন এমটিএ'র বিভাগে কর্মরত বাংলাদেশীদের গ্রুপে গ্রুপে পরিচয় করিয়ে দেন। সমগ্র অনুষ্ঠান যৌথভাবে পরিচালনা করেন ষ্টেশন সুপারভাইজার আনাফ আলম ও ষ্টেশন এজেন্ট প্রমিতা সুমি।

বিনোদন পর্বে বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসিটি'র সদস্যরা কবিতা আবৃতি ও সঙ্গীত এবং তাদের পবিারের সন্তানরা নত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে গ্রুপ নৃত্র পরিবেশন করে সুপ্তি, সানভি ও হেয়া, একক নৃত্য পরিবেশন করেন প্রিয়ন্তী পাল, কবিতা আবৃত্তি করেন ষ্টেশন সুপারভাইজার অশোক ভ্রমাচারী ও ষ্টেশন এজন্ট দীপক দাস, সঙ্গীত পরিবেশন করেন ষ্টেশন এজেন্ট গোপাল দাস ও তার স্ত্রী অপর্ণা রায়, একক সঙ্গীত পরিবেশন করেন ষ্টেশন এজেন্ট কাঞ্চন দাস ও বাস ওপারেটর মাসিতুল্লাহ। অনুষ্ঠানের আকর্ষনীয় শিল্পী ছিলেন ত্রিনিয়া হাসান। অনুষ্ঠানে উপস্থিত অনেকেই গানের তালে তালে সুর মিলিয়ে নেচে নেচে এই পর্ব উপভোগ করেন। নৈভোজের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

অনুষ্ঠানটি আয়োজন কমিটিতে আরো যারা ছিলেন তারা হলেন- শামীম আহমেদ, আজাদ তালুকদার, এনামুল হক জনি, যোবায়ের আহমেদ, কৌশিক বিশ্বাস, সাইফ আজাদ, দীপক দাস, গোপাল দাস, মোহাম্মদ মাসুম, কাঞ্চন দাস, মমিন হোসাইন, সুজন সাহা, শফওয়ান চৌধুরী, সামাদ মিয়া ও রুশদী হক।



TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

Your Trusted Loan Officer For Life
Over 22 years experience

MORTGAGE BROKER/ OWNER
M. Kamal, CPA
Senior Loan Officer
NMLS#9560
718-415-5501
Your Top Mortgage Officer
"All Loans arranged through third party providers"
HOMECENTRAL CAPITAL



ওয়াশিংটন ডিসিতে অর্থমন্ত্রী মাহমুদ আলী

প্রধানমন্ত্রী ভবিষ্যৎ বাংলাদেশ গড়ার কাজ শুরু করেছেন

ওয়াশিংটন ডিসি: বাংলাদেশের অর্থমন্ত্রী আবুল হাসান (বাকি অংশ ২৩ পাতায়)

সাঈদ তারেকের কলাম

ভাল থাকার সহজ উপায়!



মাঝে মাঝে ভাবি রাজা বাদশাহ বা স্বৈরাচার শাষিত দেশগুলোয় সাধারন মানুষ কেমন থাকে। শাষক গোষ্ঠী, তাদের আত্মীয় পরিজন ইয়ার-বন্ধু সহযোগী বা স্বৈরাচার টিকিয়ে রাখার মেশিনারিজের সাথে যারা যুক্ত তাদের কথা বলছি না। তারা খুব ভাল (বাকি অংশ ০৪ পাতায়)

বাড়ি ক্রয়ের প্রস্তুতি



এম. কামাল: নিউইয়র্কে বাড়ী ক্রয় করা যতনা সহজ বাড়ী রক্ষা বা বাড়ীর রক্ষণাবেক্ষণ তত কঠিন। তবে এজন্য বাড়ীর মালিককে শিল্পী হওয়ার প্রয়োজন নেই। কিন্তু এ সম্পর্কে নূন্যতম জানা থাকা প্রয়োজন। তানাহলে আর্থিক ক্ষতির সমস্যা সহ নানা সমস্যায় পড়ার সমূহ সম্ভাবনা রয়েছে। একজন বাড়ীর মালিককে অন্তত ড্রিল মেশিন (বাকি অংশ ২৭ পাতায়)

নিউইয়র্কে ডোমেস্টিক ভায়োলেন্সের বিরুদ্ধে নতুন পাইলট প্রোগ্রাম চালু

৪ মাসে ম্যানহাটানে ৫০ জন নারীর উপর আক্রমনাত্মক হামলা : এনওয়াইপিডি

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক সিটিকে অপরাধ দমন কমছেই না। বাড়ছে নানা ধরেনের অপরাধ। অপরাধ দমনে হিমশিম খাচ্ছে সিটি ও পুলিশ প্রশাসন। চলতি বছরে এখন পর্যন্ত অর্থাৎ গত চার মাসে শুধুমাত্র ম্যানহাটনেই প্রায় ৫০ জন নারীর উপর আক্রমনাত্মক হামলার ঘটনা ঘটেছে। শনিবার (২০ এপ্রিল) এক বিবৃতিতে গোয়েন্দা বিভাগের প্রধান কেনি ওয়ান এই তথ্য জানান। তিনি বলেন, নারীদের উপর আক্রমনকারী বেশ কয়েকজন ব্যক্তিদের আটক করেছে পুলিশ। যাদের বেশিরভাগই হোমলেস এবং মানসিক সমস্যায় জর্জরিত হয়ে আছে। কেনি ওয়ান আরো বলেন, ৫০ জন নারীর মধ্যে ৩৭ জন রাস্তায় এবং ১৩ জন ট্রানজিট সিস্টেমে হামলার শিকার হয়েছেন। এর মধ্যে ১৪ জন হামলাকারীকে গ্রেফতার করা হয়েছে। গোয়েন্দা বিভাগের তথ্য অনুসারে, নিউইয়র্কে চলতি বছরে এখন পর্যন্ত ৯৫ টি এলোমেলো হামলার ঘটনা ঘটেছে। যা গত বছরের তুলনায় ১২ দশমিক ৮ শতাংশ কম। (বাকি অংশ ২৬ পাতায়)

জানাজা সম্পন্ন ঃ ওয়াশিংটন মেমোরিয়ালে দাফন

আবদুল বাছির খানের ইন্তেকাল



হাবিব রহমান: নিউইয়র্কের ব্রঙ্কসের পার্কচেষ্টার জামে মসজিদ ও বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কসের অন্যতম প্রতিষ্ঠাতা সদস্য ও জালালাবাদ এসোসিয়েশন অব আমেরিকার সাবেক সহ সভাপতি, কমিউনিটির সুপরিচিত আবদুল বাছির (বাকি অংশ ২৬ পাতায়)

ডা. হামিদুজ্জামানের মাতৃবিয়োগ



নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কের বিশিষ্ট চিকিৎসক, বাংলাদেশ সোসাইটি ও যুক্তরাষ্ট্র বিএনপি'র সাবেক সভাপতি ডা. মোহাম্মদ হামিদুজ্জামানের মাতা ফাজিলাতুন নেসা ইন্তেকাল করেছেন। শনিবার (২০ এপ্রিল) সকাল ১১টার দিকে তিনি নিউইয়র্কের হলিসে তার এক কন্যার (বাকি অংশ ২৬ পাতায়)

সিডিপ্যাপ নিয়ে গভর্ণরের প্রস্তাব নিয়ে ক্ষোভ-প্রতিবাদ

আলবেনীতে হোমকেয়ার প্রতিষ্ঠানের বিক্ষোভ সমাবেশ

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কবাসী বয়স্কদের স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কনজ্যুমার ডাইরেকটেড পারসোনাল প্রোগ্রাম (সিডিপ্যাপ)-এর হোম কেয়ার সার্ভিস নিয়ে গভর্ণর ক্যাথি হোকুলের প্রস্তাব নিয়ে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানগুলো ফুঁসে উঠেছেন। হোম কেয়ার ব্যবসায়ীরা তীব্র ক্ষোভ-প্রতিবাদ জানিয়েছেন গভর্ণরের প্রস্তাবের। হোমকেয়ার প্রতিষ্ঠানগুলো বিক্ষোভ সমাবেশ করেছে রাজধানী আলবেনীতে। দাবী উঠেছে গভর্ণরের প্রস্তাব বাতিলের। এজন্য চলছে জোর লবিং। (বাকি অংশ ১১ পাতায়)



আলবেনীতে হোমকেয়ার প্রতিষ্ঠানের বিক্ষোভ সমাবেশ



আসতাগফিরু'আল্লাহর বহুমুখী উপকারিতা

জাফর আহমাদ

কুরআন ও হাদীসে আসতাগফিরু'আল্লাহর বহুমুখী উপকারিতা রয়েছে। আরবী দু'টি শব্দ মিলে আসতাগফিরু'আল্লাহর গঠিত। অর্থ "আমি আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করছি।"আপনার(বাকি অংশ ১৩ পাতায়)

খেলার খবর

নাজমুল-রাকিবকে হারিয়ে বর্ষসেরা ক্রীড়াবিদ ইমরানুর

স্পোর্টস ডেস্ক: মঞ্চে পাশাপাশি দাঁড়িয়ে নাজমুল হোসেন শান্ত, ইমরানুর রহমান ও রাকিব হোসেন।(বাকি অংশ ১১ পাতায়)

হেলথ টিপস

তাপদাহে যা খাবেন

বাংলা পত্রিকা ডেস্ক: ভয়াবহ তাপদাহে হিট স্ট্রোকের ভয় সবার। এই ভয়াবহ গরমে প্রাথমিক-মাধ্যমিক পর্যায়ে দেশের সব স্কুল বন্ধ থাকলেও চালু তো রয়েছে কর্মস্থল। আর কাজে বাইরে তো বেরুতে হবেই। সময় (বাকি অংশ ১১ পাতায়)

বিনোদন

কেন শিল্পী সমিতির নির্বাচন নিয়ে চুপ জায়েদ খান?

অপূর্ণ রুবেল: গত ১৯ এপ্রিল শুক্রবার হয়ে গেছে বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির দ্বিবার্ষিক (বাকি অংশ ৮ পাতায়)

ZAKIR CPA, PLLC
Certified Public Accountants
Accurate, Fast & Reliable Services
আমাদের সেবা সমূহ

929-207-1516
1506 Castle Hill Ave,
2nd Floor, Bronx, NY-10462
Zakir Choudhury, CPA
Founder & CEO
আমরা ইমিগ্রেশন এবং সিটিজেনশীপ এর আবেদন করে থাকি
www.zakircpa.com info@zakircpa.com


GOLDEN AGE HOME CARE
সর্বাধিক জনপ্রিয় হোম হেলথ কেয়ার এজেন্সী
HHA/PCA & CDPAP SERVICE
Call: 718-775-7852
646-591-8396

একস্লিপ

নিউইয়র্কের অবৈধ গাঁজার দোকান বন্ধের আহ্বান

সালাহউদ্দিন আহমেদ: নিউইয়র্কে অপ্রত্যাশিতভাবে বাংলা মিডিয়া যেমন বাড়ছে, তেমনী বাড়ছে তথাকথিত সাংবাদিকের সংখ্যাও। একটি আইফোন আর একটি ব্যক্তিগত ইউটিউব চ্যানেল থাকলেই সংশ্লিস্টরা মিডিয়া পার্সন হয়ে (বাকি অংশ ০৮ পাতায়)

বাংলা পত্রিকা ডেস্ক: অবৈধ গাঁ-জার দোকান বন্ধের আহ্বান জানিয়েছে নিউইয়র্ক সিটির একটি কমিউনিটি গ্রুপ। গত ১৮ এপ্রিল বৃহস্পতিবার সকালে (বাকি অংশ ১১ পাতায়)

বাংলা পত্রিকায় বিজ্ঞাপন দিন

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিন অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রে অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ

গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
হজ্বব্রত পালনকারীগণ গ্রহণ করুন সর্বোত্তম সেবা ওমরা ও মূল হজ্ব
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 Ave., Ozone Park, NY 11416
Fax: 718-296-8259, e-mail: GLBL001@yahoo.com

বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসিটি'র ব্যতিক্রমী ফ্যামিলি নাইট

আনন্দ-উল্লাসে মুখরিত জয়া হল

সালাহউদ্দিন আহমেদ: বাংলাদেশী-আমেরিকান এনওয়াইসিটি'র ব্যতিক্রমী ফ্যামিলি নাইটে উপস্থিত সকলের আনন্দ-উল্লাসে মুখরিত হয়ে উঠে কুইন্সের জয়া হল। শুভেচ্ছা বিনিময়, আড্ডা, সংক্ষিপ্ত বক্তব্য, নাচ-গান, র‍্যাফল ড্র আর বিনোদন ছিলো অনুষ্ঠানের কর্মকান্ড। শিশু-কিশোর-কিশোরীদের আনন্দের জন্য ছিলো ভিন্ন আয়োজন। অনুষ্ঠানে প্রথমবারের মতো যোগ দিয়েছিলেন নিউইয়র্ক সিটির এমটিএ'র শীর্ষ স্থানীয় কর্মকর্তা। সেই সাথে কমিউনিটির বিশিস্ট ব্যক্তিবর্গের (বাকি অংশ ৩১ পাতায়)

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com